সাপ্তাহিক

প্রবাস

The Weekly Probash ● Vol.13 Issue 650 ● Friday ● 12 June 2026

সাপ্তাহিক প্রবাস ● ১৩ তম বর্ষ সংখ্যা ৬৫০ ● ২৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ ● ২৮ জিলহজ ১৪৪৭

চূড়ান্ত পরিবর্তনটা দরকার সংস্কৃতিতে

সিরাজুল ইসলাম চৌধুরী

অঙ্গীকারবদ্ধ সংস্কৃতিসেবীর সংখ্যা ব্যাপক না হলেও একসময় নিতান্ত কম ছিল না। আর এই অঙ্গীকারের কারণেই বিচ্ছিন্ন থাকা সম্ভব হতো না। অন্যকে সঙ্গে নিতে হয়; সংগঠন গড়ে তোলার জন্য বিশ্বাস থ *বাকি অংশ ৩৩ পৃষ্ঠায়*

চাটুকার-সিন্ডিকেটের এত শক্তির উৎস কোথায়

আহসান হাবিব বরুন

একটি রাষ্ট্রকে ধ্বংস করতে যুদ্ধের প্রয়োজন হয় না। রাষ্ট্রকে ভেতর থেকে দুর্বল করে দিতে পারে দুর্নীতি, চাটুকারিতা, স্বার্থান্বেষী সিন্ডিকেট এবং প্রশাসনের অদৃশ্য *বাকি অংশ ২৯ পৃষ্ঠায়*

আজতেকার পৌরাণিক মঞ্চে পর্দা উঠেছে বিশ্বকাপের, প্রথম ম্যাচে মেক্সিকো ২-০ গোলে জয়ী

গ্রেটেস্ট শো অন আর্থ শুরু

মাহফুজ রাহমান: চার বছর পর আবারো থমকে দাঁড়াল পৃথিবী। যুদ্ধ, অর্থনৈতিক অনিশ্চয়তা, রাজনৈতিক বিভাজন, সীমান্ত উত্তেজনা, অভিবাসন সংকট কিংবা দৈনন্দিন জীবনের ব্যস্ততার ভিড়ে পৃথিবীর শতকোটি মানুষ একসঙ্গে চোখ রেখেছে টিভির পর্দায়। মেক্সিকো সিটির ঐতিহাসিক এস্তাদিও আজতেকা স্টেডিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে পর্দা উঠেছে ২০২৬ ফিফা বিশ্বকাপের। উদ্বোধনী অনুষ্ঠানের নির্ধারিত সূচি মেক্সিকো-দক্ষিণ আফ্রিকা ম্যাচ শুরুর দেড় ঘণ্টা আগে। মেক্সিকো সিটির আজতেকা স্টেডিয়ামে প্রায় ১৭ মিনিটের জমকালো অনুষ্ঠানের মধ্য দিয়েই শুরু হলো ফুটবলের সবচেয়ে বড় মহাযজ্ঞ বিশ্বকাপের। অনুষ্ঠানের শুরুটা হয় মেক্সিকান পপ-ব্যান্ড মানাকে দিয়ে। দুর্দান্ত পরিবেশনায় দর্শকদের কাছেও দারুণ সাড়া পায় ১৯৮১ সালে গঠিত হওয়া ব্যান্ডটি। এরপর মঞ্চে আসেন ভেনেজুয়েলার গায়ক ও গীতিকার ড্যানি ওশান। অবশ্য তিনি হলিউড তারকা জর্জ ক্লুনির 'ওশান' নন। ২০০৯ সালে নিজের ইউটিউব চ্যানেল চালুর মাধ্যমে পেশাদার সংগীতজীবন শুরু করেন তিনি। অনেকের কাছে তিনি যেন *বাকি অংশ ২৪ পৃষ্ঠায়*

টানা দুই দিন ইরানে বোমা বর্ষণের পর ট্রাম্পের ঘোষণা

'তেহরান চুক্তি করতে রাজী'

সিএনএন, রয়টার্স, আল-জাজিরা: টানা দুই দিন ধরে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে পাল্টাপাল্টি হামলা চলছে। এরইমধ্যে বুধবার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানে তীব্র হামলা চালানোর হুঁশিয়ারি বার্তা দিয়েছেন। তবে বৃহস্পতিবার তিনি জানান, ইরানের শীর্ষ নেতারা সরাসরি তাকে ফোন করে চলমান বোমা হামলা বন্ধ করার অনুরোধ জানিয়েন বলে। তারা যুক্তরাষ্ট্রের দাবী অনুযায়ী একটি চুক্তি করতে সম্মত হয়েছেন। সম্ভবত এ সপ্তাহে ইউরোপে *বাকি অংশ ৩৭ পৃষ্ঠায়*

জুলে রিমে

বিশ্বকাপের প্রতিটি গল্পের আড়ালে থাকেন যিনি

আনিকা চৌধুরী প্রিয়ন্তি: আমাদের ফিরে যেতে হবে এক এমন সময়ে, যখন টেলিভিশন ছিল না। বৈশ্বিক ক্রীড়া সাম্রাজ্য বলে কিছু ছিল না। মহাসাগর পাড়ি দিতে লাগত সপ্তাহের পর সপ্তাহ। ১৮৭৩ সালে ফ্রান্সের *বাকি অংশ ৩১ পৃষ্ঠায়*

৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার জাতীয় বাজেট প্রস্তাব

সালাহউদ্দিন আহমেদ: আগামী ২০২৬-২৭ অর্থবছরের জন্য ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার জাতীয় বাজেট প্রস্তাব করেছেন অর্থমন্ত্রী। বৃহস্পতিবার সংসদে বাজেট বক্তৃতায় এ তথ্য জানান অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। প্রস্তাবিত বাজেটে সর্বোচ্চ বরাদ্দ পেয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। এ বিভাগের *বাকি অংশ ৩৪ পৃষ্ঠায়*

'আমি মূল্যস্ফীতিকে ভালোবাসি': ট্রাম্প

বিবিসি: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, আমি মূল্য স্ফীতিকে ভালোবাসি। যুক্তরাষ্ট্রে গত তিন বছরের মধ্যে মে মাসে ছিলো সর্বোচ্চ মূল্যস্ফীতি। নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম গত তিন বছরের মধ্যে সর্বোচ্চ গতিতে বৃদ্ধি পাওয়ার পর ট্রাম্পের এই মন্তব্য নতুন বিতর্কের জন্ম দিয়েছে। যুক্তরাষ্ট্রের ব্যুরো অব লেবার স্ট্যাটিস্টিকসের (বিএলএস) সাম্প্রতিক *বাকি অংশ ৮ পৃষ্ঠায়*

স্থানীয় সরকার নির্বাচনকে ঘিরে মাঠে নামছে আ'লীগ!



আবদুল হাই: স্থানীয় সরকার নির্বাচনে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীদের অংশগ্রহণ ঠেকাতে নতুন বিধি যুক্তের উদ্যোগ থেকে সরে এসেছে নির্বাচন কমিশন (ইসি)। এর সুযোগে স্থানীয় সরকার নির্বাচনকে ঘিরে মাঠে নামার প্রস্তুতি নিচ্ছে আওয়ামী লীগ। সামনে স্থানীয় সরকারের বিভিন্ন স্তরের নির্বাচনকে ঘিরে নতুন হিসাব-নিকাশও তৃণমূল রাজনীতিতে নতুন মাত্রা যুক্ত করেছে। কেন্দ্রীয়ভাবে আওয়ামী লীগ নিষিদ্ধ কিংবা কোণঠাসা হলেও তাদের একটি অংশ মনে করছে, স্থানীয় পর্যায়ে ব্যক্তিগত প্রভাব, পারিবারিক নেটওয়ার্ক এবং অর্থবিত্ত ব্যবহার করে তারা আবার প্রভাব বিস্তার করতে পারবে। *বাকি অংশ ৮ পৃষ্ঠায়*

FARHA METHILA
Mortgage Lending Officer
❑ CONVENTIONAL LOAN ❑ VA LOAN
❑ FHA LOAN ❑ CDL LOAN
Self Employed Loan Program
NMLS ID: 2221630 O: 929-412-2518
F: 332-213-9659 E: fmethila@quonticbank.com
3105 Broadway, Astoria, NY-11106

FAUMA INNOVATIVE
CONSULTANCY GROUP
◆ ALL CHOICE ENERGY
◆ WOODSIDE ADULT DAYCARE CENTER
◆ BALAKA 3 STAR STAFFING
◆ MERCHANT SERVICES
◆ NEW YORK STATE ENERGY BROKER
FAHAD R SOLAIMAN
PRESIDENT/CEO
OFFICE: 718.205.5195, CELL: 347.393.8504
EMAIL:FAHAD@FAUMAINC.COM, FAUMA@FAUMAINC.COM
37-18 73RD ST. SUITE 502, JACKSON HEIGHTS, NY 11372

S.S BROKERAGE
TLC - PERSONAL - HOME - BUSINESS PROTECTED
TLC সহ সকল প্রকার ইন্সুরেন্স
স্বল্প মূল্যে এবং মাসিক কিস্তিতে করে থাকি
Ph: 646-727-7772, 917-361-5373
নিজস্ব অফিস থেকে এআরসি এর মাধ্যমে সর্বনিম্ন মূল্যে টিকিট ইস্যু করে থাকি
Ph: 646-727-7772, 646-963-3398
37-42 72nd St. (2nd Floor), Jackson Heights, NY11372
SHAMOL TALUKDER
PRESIDENT

Sarwor Khan
Licensed Real Estate Salesperson
EXIT REALTY PRIME
347-665-7580
718-262-0205(Off)
sarworexitrealty@gmail.com

চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
★ Income Tax ★ Business Formation
★ Sales Tax ★ Finalcial Statement
★ Payroll ★ Immigration Forms
★ Bookkeeping ★ Notary Public
১৩ বছরের অভিজ্ঞ
T:917-832-7785 C: 347-515-3858
73-19 Broadway, Jackson Heights NY11372
E: chishti@chishtiaccounting.com
Mohammed K. Chishti, CPA, MBA

COMFORT PHARMACY
ফ্রি ডেলিভারী, দ্রুত সময়ে প্রেসক্রিপশন ফিলআপ, ফ্রু সর্ট
সিনিয়র সিটিজেন ও ইন্স্যুরেন্স ছাড়া রোগীদের জন্য বিশেষ সুবিধা
কমফোর্ট ফার্মেসি এখন জ্যাকসন হাইটসের মনোরম লোকেশনে
আমরা মেডিকেইড, মেডিকেয়ারসহ সকল মেজর ইন্স্যুরেন্স গ্রহণ করি।
40-14 74th Street. Elmhurst. NY 11373
Phone: (718)446-2705 Fax: (929)462-0608
মাহমুদ হোসেন (মিল্টন)
ফার্মাসিস্ট

BISMILLAH
HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY Shariah Board New York
37-15 55th St. Woodside, NY-11377 718.205-7200
ফ্রি ডেলিভারী
বিশাল মূল্যহ্রাস
১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ২টি (কালার চিকেন) ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
We accept all major credit cards
৩টি হার্ড চিকেন $19.99
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায়
We accept EBT/Foodstamp

খলিলের খাবার দিয়ে আপনার অনুষ্ঠান হয়ে উঠুক জমজমাট
Khalil Biryani House
www.khalilsfood.com
74-10 Broadway, Jackson Height, NY 11373
Ph. 929-328-0680

STAR FURNITURE
একটি নির্ভরযোগ্য বাংলাদেশী প্রতিষ্ঠান
SUMMER SUPER SALE shop now
স্টার ফার্নিচারের প্রতিটি শাখায় চলছে সামার সেল...
JACKSON HEIGHTS
7814 ROOSEVELT AVE.
JACKSON HEIGHTS, NY 11372
718-450-4725
NORTH BRONX
358 EAST 204 ST.
BRONX, NY 10467
718-844-4899
BROOKLYN (OZONE PARK)
1177 LIBERTY AVENUE
BROOKLYN, NY 11208
718-666-0452
RICHMOND HILL
116-13 JAMAICA AVE.
RICHMOND HILL, NY 11418
718-581-7051
PARKCHESTER (BRONX)
1935 WESTCHESTER AVE.
BRONX NY 10462
718-792-9534

মেডিকেইড অনুমোদিত CDPAP-এর আওতায় আপনার পছন্দসই প্রিয়জনের মাধ্যমে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা গ্রহন করুন এবং উক্ত ব্যক্তিকে আকর্ষণীয় সাপ্তাহিক উপার্জনের সুযোগ করে দিন।

সার্টিফিকেটের প্রয়োজন নেই।

No Certificate Necessary.



CDPAP গ্রাহকদের জন্য সুখবর!!
Good News for CDPAP Clients!

আমরা CDPAP এর নূতন গ্রাহক এবং এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।

We Welcome Agency Transfers and New CDPAP Clients.

আমাদের সাথে CDPAP সার্ভিস অপরিবর্তিত থাকবে

With us CDPAP Services will continue uninterrupted.

MHC

Marks Home Care

মার্কস্ হোম কেয়ার

E-mail : info@markshhc.com | www.markshhc.com

FOLLOW US ON
@markshomecareofficial @markshomecareofficial
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS

বিস্তারিত জানতে কল করুন- 718-647-5555, 646-591-6782

Bronx	Bronx	Brooklyn	Brooklyn
1514 Castle Hill Ave Bronx NY 10462	1050 Morris Park Ave Bronx NY 10461	413 Bay Ridge Ave Brooklyn NY 11220	219 Church Ave Brooklyn NY 11218
Brooklyn	**Brooklyn**	**Queens**	**Queens**
1122 Coney Island Ave Suite 220 (2nd fl.) Brooklyn, NY 11230	1208 Liberty Ave Brooklyn NY 11208	40-04 Junction Blvd Corona NY 11368	1032 Beach 20th St. Far Rockway NY 11691
Queens	**Queens**	**Hicksville**	**Buffalo**
37-20 74th Street Jackson Heights NY 11372	148-37 Hillside Ave Jamaica NY 11435	217 Bethpage road Hicksville NY 11801	1049 Broadway St. Suite # 4 Buffalo, NY 14212

For details information please contact : **646-591-6782** Engineer Mahfuzul haque
MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

সাপ্তাহিক প্রবাস
The Weekly Probash ● Vol.13 Issue 650 ● Friday ● 12 June 2026 ● PAGE 3

আইস-বিরোধী কঠোর আইন স্বাক্ষর করেছেন গভর্নর ক্যাথি হোকুল

নিউইয়র্ক : নিউইয়র্ক স্টেট গভর্নর ক্যাথি হোকুল ২০২৭ অর্থবছরের ২৬৮ বিলিয়ন ডলারের বাজেটের অংশ হিসেবে *বাকি অংশ ১১ পৃষ্ঠায়*

বিশ্বকাপের ৯৬ বছর, নানা ঘটন-অঘটন

রাশেদুর রহমান: ফুটবল। পেলে বলেছেন, ফুটবল হলো সুন্দর খেলা (ফুটবল ইজ দ্য বিউটিফুল গেম)। ইয়োহান ক্রুইফ বলেছেন, ফুটবল শুধু খেলা নয়, এটি একটি শিল্প। আর *বাকি অংশ ৩১ পৃষ্ঠায়*

ঢাকার আতঙ্ক ১৩৮৭ ছিনতাইকারী

ইমরান রহমান: ভোরের ঢাকা কিংবা রাতের ঢাকা নয়, প্রকাশ্য দিবালোকের দিনের ঢাকাও ছিনতাইয়ের জন্য ভয়ংকর হয়ে উঠেছে। ব্যাংকপাড়া কিংবা বাসার গলি, মার্কেট কিংবা *বাকি অংশ ১০ পৃষ্ঠায়*

নতুন সরকারের শাসনে মার্চ ও এপ্রিলে দেশে ৬০৫ খুন

জুবায়ের হোসেন: বিএনপি নেতৃত্বাধীন সরকারের প্রথম ১০০ দিনের শাসনে দেশে সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতিবিরোধী প্রতিশ্রুতি বাস্তবায়নে উদ্বেগের কারণ রয়েছে বলে মনে করছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ-টিআইবি। টিআইবি বলছে, এই ১০০ দিনের মধ্যে গত মার্চ ও এপ্রিলেই ৬০৫ জন খুন হয়েছে। ধর্ষণ-চাঁদাবাজিসহ নানা ধরনের অপরাধ অব্যাহত রয়েছে। মেয়াদ শেষের আগেই ১৯টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে অব্যাহতি দেওয়া হয়েছে।

রবিবার (৭ জুন) রাজধানীর ধানমণ্ডির মাইডাস সেন্টারে 'ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-পরবর্তী সরকারের ১০০ দিন : সুশাসন প্রতিষ্ঠা ও *বাকি অংশ ১০ পৃষ্ঠায়*

সরকারের ১০০ দিন নিয়ে টিআইবির প্রতিবেদন

- সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতিবিরোধী প্রতিশ্রুতি বাস্তবায়নে উদ্বেগ
- মার্চ ও এপ্রিলে ২৯৪ ছিনতাই, ৯০ ডাকাতি, ১৯৬ অপহরণ, পুলিশের ওপর ১২৯ হামলা, চুরি ২২১৪টি
- নারী ও শিশু নির্যাতন ৩৪৯৬টি, ধর্ষণের শিকার ৭৮-১০২ জন, গণধর্ষণের শিকার ৩০-৩৬, ধর্ষণের শিকার শিশু ৪৯-৭১
- সাবেক উপদেষ্টাদের দুর্নীতির বিষয়ে দুদকের ভূমিকা রাখা উচিত : ড. ইফতেখারুজ্জামান

নাগরিকত্ব বাতিলে ইতিহাসের সর্ববৃহৎ অভিযান: ১৭ জনকে টার্গেট

এনডিটিভি: ট্রাম্প প্রশাসন ৮ জুন সোমবার ১৭ জন নাগরিকের নাগরিকত্ব বাতিলের আবেদন জানিয়েছে। এদের সবাইকে অভিবাসন জালিয়াতি *বাকি অংশ ২৬ পৃষ্ঠায়*

বাংলাদেশে প্রতিরক্ষা শিল্পে সহযোগিতা জোরদারে আগ্রহী তুরস্ক

বাসস: বাংলাদেশে প্রতিরক্ষা শিল্পে সহযোগিতা জোরদারে তুরস্ক আগ্রহী বলে জানিয়েছেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান। তুর্কি পররাষ্ট্রমন্ত্রী জানান, দুই দেশের প্রতিরক্ষা শিল্প *বাকি অংশ ২৬ পৃষ্ঠায়*

গণতান্ত্রিক বাংলাদেশে এবার আমাদের ঘুরে দাঁড়ানোর পালা: প্রধানমন্ত্রী

আবরার ফাইয়াজ: প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, দীর্ঘ দেড় দশকের বেশি সময়ে ফ্যাসিবাদী শাসন, শোষণ শুধু দেশের জনগণের গণতান্ত্রিক রাজনৈতিক অধিকারী কেড়ে নেয়নি বরং অন্যান্য প্রতিষ্ঠানগুলোর মতন শিক্ষা ব্যবস্থাকেও প্রায় ধ্বংসপ্রাপ্ত করে দিয়েছিল। গণতান্ত্রিক বাংলাদেশে এবার অবশ্যই আমাদের ঘুরে দাঁড়ানোর পালা। গণতান্ত্রিক বাংলাদেশে আমরা ইনশাআল্লাহ অবশ্যই ঘুরে *বাকি অংশ ১০ পৃষ্ঠায়*

সান মারিনোকে ২-১ গোলে হারিয়ে ইউরোপের মাটিতে বাংলাদেশের ঐতিহাসিক জয়

জাফর সালেহ: ইউরোপের মাটিতে ইউরোপের কোনো দলের বিপক্ষে প্রথম ম্যাচেই জয় পেয়েছে বাংলাদেশ। ফিফা প্রীতি ম্যাচে সান মারিনোকে ২-১ গোলে হারিয়েছে লাল-সবুজের প্রতিনিধিরা। শুক্রবার ৫ জুন স্তাদিও অলিম্পিকো দি সেরাভালে স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে বাংলাদেশের হয়ে দুটি গোলই করেন ডিফেন্ডার তপু বর্মণ। সান মারিনোর *বাকি অংশ ৩৭ পৃষ্ঠায়*

ভারতে 'তেলাপোকা পার্টি'র উত্থান মোদী সরকার পতনের শঙ্কা তৈরি করছে

আল-জাজিরা: গত মাসে ভারতের সুপ্রিম কোর্টের এক উন্মুক্ত শুনানিতে প্রধান বিচারপতি সূর্য কান্ত *বাকি অংশ ২৮ পৃষ্ঠায়*

Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com

Office Locations & Phone:

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY	718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417	718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432	718-764-6911

ফ্রি কনসালটেশন

❖ ইমিগ্রেশন ❖ সিটিজেনশিপ ❖ স্পাউস ভিসা, ফিয়ান্সে ফিসা ❖ ডিপোর্টেশন এন্ড ক্যান্সেলেশন রিমুভাল ❖ ব্যাংক্রাপ্সি
❖ এক্সিডেন্ট ও পারসোনাল ইনজুরি ❖ ক্রেডিট কার্ড ম্যাটার ❖ ডিভোর্স ❖ চাইল্ড কাস্টডি ❖ চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন

Naresh Gehi, Esq.

7 DAYS OPEN

❖ Do you want to apply for a green card?
❖ Are you having credit card problems?
❖ Has your bank account been sealed?
❖ Are you being deported?
❖ Are you unable to pay your debts?
❖ Are you getting harassed by creditors?

আমরা বাংলায় কথা বলি

Ms. Suryia Rahman
Attorney-at-Law

❖ Immigration ❖ Citizenship ❖ Spouse Visa, Fiance Visa ❖ Deportation & Cancellation of Removal ❖ Bankruptcy ❖ Accident & Personal Injury ❖ Discrimination ❖ Credit Card Matter ❖ Divorce ❖ Child Custody ❖ Child Support Order of Protection

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR IMMIGRATION, BANKRUPTCY, PERSONAL DIVORCE AND FAMILY MATTERS

ON MANY OCCASIONS, OUR CLIENTS' DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME

CALL: 718-263-5999

❖ তুলনামূলকভাবে কম ফি ❖ সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

সাপ্তাহিক
প্রবাস

AMS Multimedia Inc.
37-22 73rd Street, # 1E
Jackson Heights
NY 11372
Phone:
347-507-1827
917-309-2450
Fax:
347-507-1740
Email:
weeklyprobash@gmail.com
Website:
www.probashny.com

প্রকাশক
ডাঃ গোলাম মোস্তফা

এএমএস মাল্টিমিডিয়া ইন্‌ক
৩৭-২২ ৭৩ স্ট্রিট, # ১ই
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক ১১৩৭২
ফোন :
৩৪৭-৫০৭-১৮২৭
৯১৭-৩০৯-২৪৫০

Publisher
Dr. Golam Mustafa

Chief Editor
Syed Waliul Alam

Editor
Muhammed Sayed

Managing Editor
Asmat Jahan

প্রধান সম্পাদক
সৈয়দ ওয়ালিউল আলম

সম্পাদক
মোহাম্মদ সাঈদ

ব্যবস্থাপনা সম্পাদক
আছমত জাহান

সম্পাদকীয়

বাজেট হোক বাস্তব উন্নয়ণের হাতিয়ার

দেশের অর্থনীতি এখন কঠিন সময় পার করছে। সাম্প্রতিক মাসগুলোতে মূল্যস্ফীতি ৯ শতাংশের আশপাশে, রাজস্ব আদায়ে ঘাটতি, বৈদেশিক ঋণ পরিশোধের ক্রমবর্ধমান বোঝা, রপ্তানি প্রবৃদ্ধিতে শ্লথগতি এবং বৈদেশিক মুদ্রার রিজার্ভে টানাপড়েন সব মিলিয়ে অর্থনীতির ভিত এখন নাজুক। ঠিক এমন সময়েই জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট পেশ হলো। আর এবারের বাজেট অন্যবারের মতো নয়। কারণ ঠিক এই সময়েই বাংলাদেশ জাতিসংঘের স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে উত্তরণের দ্বারপ্রান্তে দাঁড়িয়ে। এই দুই বাস্তবতা মিলে যে চ্যালেঞ্জ তৈরি করেছে, তা মোকাবেলায় আমাদের নীতি-ভাবনায় একটি মৌলিক পরিবর্তন দরকার।

নতুন অর্থবছরের বাজেট প্রস্তাবে অর্থমন্ত্রী বিভিন্ন পণ্যের ওপর উৎসে করের হার কমানোর যে উদ্যোগ নিয়েছেন, তা সাধারণ মানুষের জীবনযাত্রার ব্যয় নিয়ন্ত্রণে সহায়ক ভূমিকা রাখতে পারে। কিন্তু প্রশ্নটা যতটা প্রস্তাবের, তার চেয়ে গুরুত্বপূর্ণ হলো বাস্তবায়নের। এই প্রস্তাবগুলো রাজনৈতিক ইশতেহারের মতো কেবল কি প্রতিশ্রুতি আকারে রয়ে যাবে নাকি এর সুফল সাধারণ নাগরিকরা পাবে শেষোক্তটাই আমাদের সবার প্রত্যাশা।

বাংলাদেশের অর্থনীতির বর্তমান বাস্তবতায় খাদ্য মূল্যস্ফীতি এখনও সাধারণ মানুষের জন্য বড় উদ্বেগের বিষয়। নিম্ন ও মধ্যবিত্ত পরিবারগুলোর মাসিক ব্যয়ের বড় অংশই খাদ্যপণ্যে ব্যয় হয়। ফলে নিত্যপ্রয়োজনীয় কৃষিপণ্যের ওপর করের বোঝা কমানো উৎপাদন ও সরবরাহ ব্যবস্থাকে উৎসাহিত করবে বলে আশা করা যায়। কৃষক, খামারি ও ব্যবসায়ীরা যদি এই সুবিধার প্রতিফলন বাজারমূল্যে দেখান, তাহলে ভোক্তারা কিছুটা স্বস্তি পাবেন। এতে সরকারের ব্যাপারেও সাধারণ মানুষের একটা ইতিবাচক মনোভাব গড়ে উঠবে।

একই সঙ্গে শিশুখাদ্য, জিরা, দারুচিনি, স্বর্ণ, বৈদ্যুতিক গাড়ি, ল্যাপটপ ও কম্পিউটার, কিডনি ডায়ালাইসিস সেবা, ওষুধ এবং বাদ্যযন্ত্রের দাম কমার সম্ভাবনাও উল্লেখযোগ্য। বিশেষ করে শিশুখাদ্য ও ওষুধের মূল্য হ্রাস জনস্বাস্থ্যের জন্য ইতিবাচক বার্তা বহন করে। স্বাস্থ্যসেবা ব্যয় যখন ক্রমাগত বাড়ছে, তখন কিডনি ডায়ালাইসিস সেবার খরচ কমার সম্ভাবনা অসংখ্য রোগীর জন্য স্বস্তির কারণ হতে পারে; তবে সরকার এসব প্রস্তাব কতটা বাস্তবায়ন করতে পারবে তা নিয়ে যথেষ্ট সংশয় রয়েছে। অন্যদিকে ল্যাপটপ ও কম্পিউটারের দাম কমলে ডিজিটাল শিক্ষা ও প্রযুক্তিনির্ভর কর্মসংস্থানে নতুন গতি আসতে পারে।

সর্বোপরি, এবারের বাজেট প্রস্তাবে একদিকে নিত্যপ্রয়োজনীয় পণ্য ও জনকল্যাণমূলক খাতে কর-সুবিধা দিয়ে জনগণকে স্বস্তি দেওয়ার চেষ্টা করা হয়েছে, অন্যদিকে কিছু খাতে কর বৃদ্ধি করে রাজস্ব আহরণ ও দেশীয় শিল্পকে সুরক্ষার লক্ষ্যও দেখা যায়।

বাংলাদেশে ব্যবসা করা কতটা সহজ-এই প্রশ্নে আন্তর্জাতিক সূচকগুলো বরাবরই হতাশাজনক চিত্র তুলে ধরে। ব্যবসা নিবন্ধনের জটিলতা, কাস্টমস ছাড়পত্রে দীর্ঘসূত্রিতা, এক দপ্তর থেকে আরেক দপ্তরে ছোটাছুটি, এসব বিনিয়োগকারীকে নিরুৎসাহিত করে। উত্তরণের পর যখন প্রণোদনানির্ভর সুবিধা কমে আসবে, তখন প্রতিযোগিতায় টিকে থাকতে হবে দক্ষতা আর বিশ্বাসযোগ্যতার জোরে।

বাজেটে কেবল ঘোষণা নয়, ব্যবসার পরিবেশ উন্নয়নে সুনির্দিষ্ট বরাদ্দ জরুরি। ব্যবসা নিবন্ধনের ডিজিটাইজেশন, কাস্টমস প্রক্রিয়ার স্বয়ংক্রিয়করণ, কাগজবিহীন বাণিজ্যের প্রসার এবং বিনিয়োগকারীদের জন্য এক-স্টপ সেবা সত্যিকার অর্থে কার্যকর করতে অর্থের প্রয়োজন। এই বিনিয়োগ হলে লেনদেন ব্যয় কমবে, স্বচ্ছতা বাড়বে এবং বাংলাদেশ একটি আস্থাযোগ্য বিনিয়োগ-গন্তব্য হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করতে পারবে।

কিন্তু বাজেটের প্রকৃত সফলতা নির্ভর করবে বাস্তবায়নের ওপর। কর কমানোর সুবিধা যদি মধ্যস্বত্বভোগীদের হাতে আটকে যায় এবং বাজারে মূল্য কমে না, তাহলে সাধারণ মানুষ প্রত্যাশিত সুফল পাবে না। তাই কর-সমন্বয়ের পাশাপাশি বাজার তদারকি, প্রতিযোগিতা নিশ্চিতকরণ এবং ভোক্তা সুরক্ষার ব্যবস্থা জোরদার করাই হবে সরকারের সবচেয়ে বড় চ্যালেঞ্জ। বাজেটের ঘোষণার চেয়ে তার বাস্তব প্রতিফলনই শেষ পর্যন্ত জনগণের কাছে বেশি গুরুত্বপূর্ণ।

উপসম্পাদকীয়

আওয়ামী উঁকিঝুঁকি ও সীমান্তে পুশইন

ড. আবদুল লতিফ মাসুম

দীর্ঘদিন ক্ষমতায় থাকা শাসকগোষ্ঠীর ঔদ্ধত্য এবং তার বিপরীতে সাধারণ মানুষের পুঞ্জীভূত ক্ষোভের বিস্ফোরণ, বাংলাদেশের রাজনীতিতে নতুন নয়। তবে চব্বিশের ছাত্র-জনতার ঐতিহাসিক গণ-অভ্যুত্থান, তার পরবর্তী রূপান্তরকালীন অস্থির সময় এবং ২০২৬ সালের সাধারণ নির্বাচনের মধ্য দিয়ে দেশে যে নতুন শাসনতান্ত্রিক বাস্তবতার উদ্ভব হয়েছে, তা অতীতের যেকোনো সময়ের তুলনায় জটিল, সংবেদনশীল ও তাৎপর্যপূর্ণ। আজ রাষ্ট্রক্ষমতায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি; কিন্তু ক্ষমতার এই নতুন বিন্যাসের সমান্তরালে দেশের রাজনীতি, প্রশাসন এবং সীমান্ত ঘিরে এক বহুমাত্রিক ক্রান্তিকালীন সমীকরণ তৈরি হয়েছে। এক দিকে পতিত স্বৈরাচারী শক্তির উঁকিঝুঁকি, অন্য দিকে প্রতিবেশী রাষ্ট্রের বৈরী আচরণ এবং সীমান্তে জোরপূর্বক মানুষ ঠেলে দেয়ার অপচেষ্টা– সবমিলিয়ে বাংলাদেশ এখন এক গভীর রাজনৈতিক, কূটনৈতিক ও রাষ্ট্রীয় পরীক্ষার মুখোমুখি।

বিগত দেড় দশক ধরে যে ফ্যাসিবাদী শাসনব্যবস্থার ব্যবচ্ছেদ আমরা প্রত্যক্ষ করেছি, আজ নতুন রাজনৈতিক ব্যবস্থার যুগেও সেই অপশক্তির পুনর্বাসনের মরিয়া তৎপরতা এবং একই সাথে আঞ্চলিক আধিপত্যবাদের নগ্ন থাবা কিভাবে সমাজ ও রাষ্ট্রকে প্রভাবিত করার চেষ্টা করছে, তা গভীর বিশ্লেষণের দাবি রাখে।

গত কয়েক সপ্তাহে দেশের রাজনৈতিক অঙ্গনে একটি অত্যন্ত কৌশলী প্রবণতা দৃশ্যমান হয়েছে। নোয়াখালী, কুমিল্লা, শরীয়তপুর, রাজশাহী, চট্টগ্রাম কিংবা দাউদকান্দির মতো বিভিন্ন স্থানে হঠাৎ করেই জনমানবহীন ভোরের আলোয় কিংবা সন্ধ্যার অন্ধকারে হঠাৎ কিছু মানুষ জড়ো হচ্ছে। নিষিদ্ধঘোষিত সংগঠন ছাত্রলীগ কিংবা সাবেক সরকারি দল আওয়ামী লীগ ও যুবলীগের ব্যানারে পরিচালিত এই 'ঝটিকা মিছিল'গুলোর প্রধান অনুষঙ্গ কোনো গণদাবি নয়। স্লোগান দেয়া হচ্ছে, কয়েক সেকেন্ডের ভিডিও ধারণ করা হচ্ছে এবং রাষ্ট্রীয় কিংবা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতিক্রিয়া দেখানোর আগেই দ্রুত সরে পড়ছে। একে বলা যায়, দৃশ্যমান থাকার রাজনীতি। সামাজিক মাধ্যমে অস্তিত্ব টিকিয়ে রাখার মনস্তাত্ত্বিক খেলা।

আওয়ামী লীগ খুব ভালো করেই উপলব্ধি করে যে, সাধারণ মানুষের মধ্যে তাদের প্রতি বিন্দুমাত্র সহানুভূতিও অবশিষ্ট নেই। এই ঝটিকা মিছিলগুলো মূলত হতাশ ও দিকভ্রান্ত কর্মীদের মানসিক সান্ত্বনা দেয়ার কৌশল, পাশাপাশি দেশের বর্তমান প্রশাসনিক ও রাজনৈতিক স্থিতিশীলতাকে প্রশ্নবিদ্ধ করার অপচেষ্টা। কিন্তু বাস্তবতার জমিন অনেক কঠিন। জনসমর্থনহীন এই ভার্চুয়াল বীরত্ব দিয়ে গণমানুষের অর্জিত নতুন রাজনৈতিক বাস্তবতা নস্যাৎ করা সম্ভব নয়।

পতিত স্বৈরাচারী শক্তি অন্ধ। তারা মনে করে অপপ্রচার, ভয় এবং বিভ্রান্তির সংস্কৃতি দিয়ে মানুষের স্মৃতি মুছে ফেলা যায়; কিন্তু মানুষ আজ আর এত সরল নয়। দীর্ঘ দেড় দশকে বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, গোপন বন্দিশালার বিভীষিকা, ব্যাংক লুটপাট, উন্নয়নের নামে নজিরবিহীন দুর্নীতি এবং চব্বিশের জুলাই-আগস্টে শত শত তরুণের বুকে গুলি চালানোর রক্তাক্ত ইতিহাস জনগণ ভুলে যায়নি। ধানমন্ডি ৩২ নম্বর কিংবা দেশের বিভিন্ন স্থানে দলীয় কার্যালয়ে যে ক্ষোভের বিস্ফোরণ আমরা প্রত্যক্ষ করেছি, তা কোনো বিচ্ছিন্ন ঘটনা ছিল না; বরং ছিল দীর্ঘদিনের নিপীড়নের বিরুদ্ধে সাধারণ মানুষের পুঞ্জীভূত ক্রোধের বহিঃপ্রকাশ।

মানুষ এখন ভোট, ভাতের অধিকার এবং সর্বোপরি একটি মানবিক, ন্যায়ভিত্তিক ও মর্যাদাপূর্ণ গণতান্ত্রিক রাষ্ট্র চায়। যে রাজনৈতিক শক্তি নিজের নাগরিকদের ওপর দমন-পীড়ন চালায় তাদের প্রতি মানুষের আস্থা ফেরানো এত সহজ নয়।

বর্তমান যুগে তথ্যযুদ্ধ রাজনীতির অন্যতম প্রধান অস্ত্রে পরিণত হয়েছে। অতীতে বেতনভুক অনলাইন কর্মী কিংবা নিয়ন্ত্রিত প্রচারযন্ত্র ব্যবহার করে যেভাবে জনমতকে নিজেদের অনুকূলে নেয়া হতো, এখন আর তা অত সহজ নয়। বাংলাদেশের সাধারণ মানুষ এখন তথ্য যাচাই করতে শিখেছে। আওয়ামী লীগের অনলাইন শাখা কিংবা তাদের বিদেশভিত্তিক প্রচারকরা বিভিন্ন সময়ে কৃত্রিম সঙ্কট বা সাম্প্রদায়িক উত্তেজনা তৈরির চেষ্টা করলেও দেশের সচেতন নাগরিক সমাজ ও তরুণ প্রজন্ম তার উপযুক্ত জবাব দিচ্ছে। গুজব ছড়িয়ে বাস্তব পরিস্থিতি বদলে দেয়ার সময় শেষ। ভার্চুয়াল জগতের কৃত্রিম ঝড় আর বাস্তবতার ঝড় এক নয়, এই সত্য যত দ্রুত তারা উপলব্ধি করবে, ততই তাদের জন্য মঙ্গল।

রাজনীতিতে বৈধতা ও গ্রহণযোগ্যতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। জনআস্থা হারিয়ে গেলে শুধু অর্থ কিংবা পেশিশক্তি দিয়ে দীর্ঘমেয়াদে টেকা যায় না। তৃণমূলের মানুষ এখন অনেক বেশি সচেতন। তারা দেখছে, বিপদের দিনে কারা পাশে ছিল এবং কারা লুটপাট ও দমন-পীড়নের রাজত্ব কায়েম করেছিল। ফলে স্থানীয় নির্বাচনের সমীকরণও স্বৈরাচারের পক্ষে যাবে না, যদি প্রশাসন নিরপেক্ষ ও দৃঢ় অবস্থান বজায় রাখতে পারে।

অভ্যন্তরীণ এই টানাপড়েনের সাথে যুক্ত হয়েছে ভূরাজনীতি ও সীমান্ত সঙ্কট। দেশের অভ্যন্তরে পতিত শক্তির ভার্চুয়াল তৎপরতা বৃদ্ধি পাচ্ছে, ঠিক তখনই সীমান্তে অস্থিরতা তৈরির চেষ্টা লক্ষ করা যাচ্ছে। ভারতের পশ্চিমবঙ্গসহ বিভিন্ন সীমান্ত এলাকায় ভারতীয় বাংলাভাষী মানুষকে জোরপূর্বক বাংলাদেশে ঠেলে দেয়ার চেষ্টা এখন আর গোপন বিষয় নয়। বিশেষত পশ্চিমবঙ্গে রাজনৈতিক পরিবর্তনের পর এই প্রবণতা আরো বেড়েছে। বাংলাদেশের বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) অত্যন্ত সাহসিকতার সাথে বহু সীমান্তে এই পুশইনের চেষ্টা প্রতিহত করেছে এবং সরকারও কৌশলগতভাবে এর কঠোর জবাব দিচ্ছে। কিন্তু এখানে বড় প্রশ্ন হচ্ছে, এই অনুপ্রবেশ চেষ্টার সময়জ্ঞান। বাংলাদেশের যেকোনো বড় রাজনৈতিক পরিবর্তনের পর দিল্লির সাউথ ব্লকে একধরনের অস্বস্তি তৈরি হয়। তারা বাংলাদেশকে নির্দিষ্ট রাজনৈতিক দৃষ্টিভঙ্গিতে দেখতে অভ্যস্ত। ১৫ বছর ধরে নির্দিষ্ট দলের স্বৈরাচারী শাসনকে অন্ধ সমর্থন দেয়ার পর, যখন সেই তাসের ঘর ভেঙে পড়েছে এবং বাংলাদেশ নতুন গণতান্ত্রিক অধ্যায়ে প্রবেশ করেছে, তখন থেকেই এ দেশের নতুন ব্যবস্থাকে ব্যর্থ কিংবা অস্থিতিশীল প্রমাণের একটি সুগভীর আন্তর্জাতিক ও আঞ্চলিক চক্রান্ত দৃশ্যমান হয়ে উঠেছে।

সীমান্তে এই পুশইনের চেষ্টা মূলত বাংলাদেশের সার্বভৌমত্ব এবং বর্তমান সরকারের কূটনৈতিক সক্ষমতার ওপর একধরনের মনস্তাত্ত্বিক ও কৌশলগত চাপ। এক দিকে বিএসএফের গুলিতে নিরীহ বাংলাদেশী নাগরিক প্রাণ হারাচ্ছে, অন্য দিকে সীমান্ত অস্থিতিশীল রাখার চেষ্টা চলছে। এটি আন্তর্জাতিক আইন, মানবাধিকারের চরম লঙ্ঘন।

তবে বিগত শাসনামলের নতজানু পররাষ্ট্রনীতির বিপরীতে বর্তমান সরকারের অবস্থান অনেক বেশি স্পষ্ট ও দৃঢ়। প্রধানমন্ত্রী তারেক রহমান রাষ্ট্রীয় নীতি ও সার্বভৌমত্ব রক্ষায় আপসহীন অবস্থান ঘোষণা করেছেন। নীতিনির্ধারণী বক্তব্যে প্রধানমন্ত্রী স্পষ্ট ভাষায় বলেছেন, সীমান্তে কোনো ধরনের আগ্রাসন কিংবা একতরফা আচরণ মেনে নেয়া হবে না।

একই সাথে কূটনৈতিক টেবিলেও বাংলাদেশ এখন আর নীরব থাকার নীতিতে বিশ্বাসী নয়। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ এই ইস্যুতে ভারতের সাথে প্রাতিষ্ঠানিক ও আনুষ্ঠানিক পত্রবিনিময়ের মাধ্যমে বাংলাদেশের তীব্র আপত্তির কথা দিল্লিকে অবহিত করেছেন। চিঠিতে স্পষ্টভাবে জানানো হয়েছে, দ্বিপক্ষীয় আলোচনা ও আইনগত যাচাই ছাড়া সীমান্তে কোনো মানুষকে একতরফাভাবে ঠেলে দেয়া যাবে না। শামা ওবায়েদ বলেছেন, 'ভারত আমাদের গুরুত্বপূর্ণ প্রতিবেশী; কিন্তু সম্পর্ক টিকিয়ে রাখতে হলে পারস্পরিক সম্মান বজায় রাখতে হবে।' বর্তমান সরকারের সদিচ্ছা নিয়ে জনমনে সংশয় না থাকলেও প্রশাসনের ভেতরে এখনো বিগত স্বৈরাচারী ব্যবস্থার কিছু গভীর শিকড় রয়ে গেছে, যা অস্বীকারের সুযোগ নেই। নিষিদ্ধ সংগঠনের ব্যানারে প্রকাশ্য মিছিলের ঘটনায় যখন আইনশৃঙ্খলাবাহিনী তাৎক্ষণিকভাবে দৃঢ় পদক্ষেপ নেয় না, তখন সাধারণ মানুষের মনে স্বাভাবিকভাবেই প্রশ্ন জাগে, গোয়েন্দা সংস্থাগুলো কী করছিল? কেন আগাম তথ্য সংগ্রহ সম্ভব হলো না?

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদের জন্য এটি নিঃসন্দেহে অগ্নিপরীক্ষা। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে ইতোমধ্যে নোয়াখালীসহ বিভিন্ন অঞ্চলের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির কারণ অনুসন্ধানে তদন্ত কমিটি গঠন করা হয়েছে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের জবাবদিহির আওতায় আনা হচ্ছে।

সাপ্তাহিক প্রবাস

The Weekly Probash ● Vol.13 Issue 650 ● Friday ● 12 June 2026 ● PAGE 5

বিশ্বের প্রথম ট্রিলিয়নিয়ার হওয়ার দ্বারপ্রান্তে মাস্ক

সিএনএন: বিশ্বের প্রথম ট্রিলিয়নিয়ার বা ১ লাখ কোটি ডলারের সম্পদের মালিক হওয়ার দৌড়ে সবচেয়ে এগিয়ে আছেন টেসলা ও *বাকি অংশ ১১ পৃষ্ঠায়*

আদানি আবারও এশিয়ার শীর্ষ ধনী

টাইমস অব ইন্ডিয়া: ভারতের শিল্পপতি গৌতম আদানি আবারও এশিয়ার সবচেয়ে ধনী ব্যক্তির অবস্থান ফিরে পেয়েছেন। আদানি গোষ্ঠীর বিভিন্ন প্রতিষ্ঠানের শেয়ারের দামে উল্লেখযোগ্য *বাকি অংশ ৩০ পৃষ্ঠায়*

সংশোধিত হচ্ছে সাইবার আইন গুজব-মানহানিতে থাকবে কঠোর শাস্তি: স্বরাষ্ট্রমন্ত্রী

বাসস: সামাজিক যোগাযোগ মাধ্যম ও সাইবার স্পেসে গুজব, অপতথ্য, মানহানিকর এবং কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ব্যবহার করে তৈরি বিভ্রান্তিকর কনটেন্টের বিস্তার রোধে সাইবার সুরক্ষা আইন সংশোধনের উদ্যোগ নিয়েছে সরকার। জাতীয় সংসদে এ তথ্য জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী *বাকি অংশ ১১ পৃষ্ঠায়*

মার্চ থেকে মে-তিন মাসে বাংলাদেশি কর্মী যাওয়া কমেছে ৪১ শতাংশ

যুদ্ধের প্রভাবে বিশ্ব শ্রমবাজারে বড় ধাক্কা

কাজী ফয়সাল: মধ্যপ্রাচ্যের শ্রমবাজারে বাংলাদেশের কর্মী পাঠানোয় সবচেয়ে বড় ধাক্কা লেগেছিল করোনা মহামারির সময়। এরপর ধীরে ধীরে বৈদেশিক কর্মসংস্থান খাত ঘুরে দাঁড়াতে শুরু করলেও সাম্প্রতিক যুক্তরাষ্ট্র-ইসরায়েল-ইরান যুদ্ধের প্রভাব মধ্যপ্রাচ্যজুড়েও ছড়িয়ে পড়ে।

এর ফলে মধ্যপ্রাচ্যের দেশগুলোয় বাংলাদেশের কর্মী পাঠানোয় আবারও বড় ধাক্কা লাগায় সংকটে পড়ে এই খাত। অন্যদিকে যুদ্ধের কারণে কাজ হারিয়ে অনেক শ্রমিককে দেশেও ফেরত আসতে হয়। এতে দেশের বৈদেশিক শ্রমবাজার ও বৈদেশিক মুদ্রা আয়ের ক্ষেত্র নতুন করে হুমকির মুখে পড়ে।

সূত্র মতে, চলতি বছরের ২৮ ফেব্রুয়ারি মধ্যপ্রাচ্যে সংঘাত শুরু হওয়ার পর থেকে সৌদি আরব, কুয়েত ও কাতারের মতো দেশগুলোয় *বাকি অংশ ১২ পৃষ্ঠায়*

টেক্সাসে গবাদিপশুর শরীরে মাংসখেকো পরজীবী

সিবিসি নিউজ: চলতি সপ্তাহে টেক্সাসের গরুর বাছুরের শরীরে মাংসখেকো পরজীবী শনাক্ত হওয়ার পর উদ্বেগ তৈরি হয়েছে। এমন অবস্থায় *বাকি অংশ ২৮ পৃষ্ঠায়*

খসড়া মানবাধিকার কমিশন আইন নিয়ে টিআইবি'র উদ্বেগ

আহমেদ সাদেক: খসড়া জাতীয় মানবাধিকার কমিশন আইন, ২০২৬ নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। সংস্থাটির মতে, বর্তমান খসড়ার ভিত্তিতে কমিশন গঠিত হলে তা একটি স্বাধীন *বাকি অংশ ১৪ পৃষ্ঠায়*

এবারের ঈদযাত্রায় দেশে ৪০২ জনের প্রাণহানি

আহসান সাদিক: পবিত্র ঈদুল আজহাকে ঘিরে দেশে সড়ক দুর্ঘটনায় প্রাণহানি বেড়েছে। যাত্রী কল্যাণ সমিতির হিসাবে, ১৫ দিনে ৩৯৪টি সড়ক দুর্ঘটনায় ৪০২ জন *বাকি অংশ ২৬ পৃষ্ঠায়*

ঢাকার ছেলে রবিন খুদার ভারতে বিপুল বিনিয়োগ

দি ফোর্বস: বাংলাদেশি শিল্পপতি রবিন খুদা ভারতের ডাটা সেন্টার খাতে ৩০ বিলিয়ন ডলার বিনিয়োগের পরিকল্পনা হাতে নিয়েছেন। তাঁর প্রতিষ্ঠিত সংস্থা এয়ারট্রাঙ্ক- ভারতে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ও ক্লাউড *বাকি অংশ ১৪ পৃষ্ঠায়*

ফিলিপাইনে ভূমিকম্পে নিহত ৩৭

ফিলিপাইন নিউজ এজেন্সি: ফিলিপাইনের দক্ষিণাঞ্চলীয় মিন্দানাও দ্বীপের উপকূলে সোমবার (৮ জুন) ভোরে আঘাত হানা ৭ দশমিক ৮ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে নিহতের সংখ্যা *বাকি অংশ ১১ পৃষ্ঠায়*

জাতিসংঘের ড্যাগ হ্যামারশোল্ড পদকে ভূষিত প্রয়াত ছয় বাংলাদেশি শান্তিরক্ষী

নিউইয়র্ক: সুদানের কাদুগলিতে জাতিসংঘের আবেই অঞ্চলের অন্তর্বর্তীকালীন নিরাপত্তা বাহিনী (টঘওঝঋঅ)-তে দায়িত্ব পালনকালে নিহত ছয় বাংলাদেশি শান্তিরক্ষীকে মরণোত্তর জাতিসংঘের মর্যাদাপূর্ণ ড্যাগ হ্যামারশোল্ড পদকে ভূষিত করা হয়েছে। আজ ৫ জুন নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে আন্তর্জাতিক *বাকি অংশ ৩০ পৃষ্ঠায়*

৭৩ স্ট্রিটের পার্কিং সমস্যা নিয়ে কমিউনিটি বোর্ড ৩-এর মতবিনিময়

নিউইয়র্ক: গত মঙ্গলবার ২জুন,২০২৬ জ্যাকসন হাইটস বাংলাদেশি বিজনেস এসোসিয়েশন -জেবিবিএ নিউইয়র্ক কমিউনিটি বোর্ড ৩ এর প্রেসিডেন্ট রবার্ট মুলিনের সাথে এক মিটিংয়ে, জ্যাকসন হাইটসের ৭৩স্ট্রিট এর কমার্শিয়াল ট্রাফিক পার্কিং এর সমস্যা *বাকি অংশ ২৬ পৃষ্ঠায়*

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন
২০০২ সাল থেকে অকশন, ফ্লোরক্লোজ, আরইও, সর্টসেলসহ
বাড়ি ক্রয়-বিক্রয়ে কম্যুনিটিতে সর্বোচ্চ সেবা করে আসছি
Mohammed Islam (Shamsu)
Cell: 917-586-2172
E-mail: mishamsu@gmai.com

মেষঃ ২১ মার্চ -২০ এপ্রিলঃ পরিবারের বয়স্ক ও শিশুদের স্বাস্থ্যের প্রতি খেয়াল রাখুন। কারিগরি কাজে জটিল যন্ত্রপাতি ব্যবহারে বিশেষ সতর্কতা অবলম্বন করুন। প্রেম ও রোমান্সের ব্যাপারে প্রিয়জনের মন রক্ষা করে চলার চেষ্টা করুন। কারো কথায় নির্ভর করে নতুন কোন সিদ্ধান্ত নেয়ার আগে ভাবুন।

বৃষ : ২১ এপ্রিল -২০ মেঃ চিকিৎসা প্রকৌশল পেশায় নিয়োজিতরা সতর্ক থাকুন। আপনার পূর্ব পরিকল্পনা পরিবর্তনের চেষ্টা করতে পারেন। নিজের মত না পাল্টে কৌশলে কাজ সম্পন্নের চেষ্টা করুন। দূরের কোন আত্মীয়ের সাথে ব্যবসায়ীক সহায়তার বিষয় নিয়ে আলোচনা করতে পারেন।

মিথুন : ২১ মে -২০ জুনঃ নিরলস পরিশ্রমেই উন্নতির সোপান সৃষ্টি হয়। নিজের সাফল্যকে ধরে রাখার জন্য ধৈর্যের সাথে কাজ করে যেতে হবে। ব্যবসায়ীদের নতুন ব্যবসা শুরু করার প্রস্তুতির উদ্যোগ নিতে পারেন। উত্তেজনা পরিহার করে পরিকল্পনা বাস্তবায়নের চেষ্টা করুন। নিজ কর্মস্থল ছেড়ে অন্য কোথাও যাওয়ার আগে ভাবুন।

কর্কট : ২১ জুন -২১ জুলাইঃ কর্মস্থলে পদস্থদের সাথে আলোচনায় কৌশলী হোন। আর্থিক প্রাপ্তির ক্ষেত্র নতুন কোন সুযোগ আসলে কাজে লাগানোর চেষ্টা করতে পারেন। তবে এ ব্যাপারে অতি উৎসাহ প্রদর্শন না করাই শ্রেয় হবে। দূরের যাত্রায় না ঘুমানোই ভালো হতে পারে। নিজের স্বাস্থ্যের ব্যাপারে আজ কোন প্রকার অবহেলা করা ঠিক হবে না।

সিংহ : ২২ জুলাই -২১ আগষ্টঃ ব্যবসায়ীদের আর্থিকভাবে সফল হওয়ার চেষ্টা করতে পারেন। ব্যাংক অথবা বড় ধরনের কোন ঋণ প্রাপ্তির জন্য যোগাযোগ করুন। দাম্পত্য জীবনে জটিলতার অবসানে দূর সম্পর্কের কোন আত্মীয় সাহায্য নেবার চেষ্টা করুন। বয়স্কদের স্বাস্থ্যের প্রতি অবহেলা করা ঠিক হবে না।

কন্যা : ২২ আগষ্ট -২১ সেপ্টেম্বরঃ সকল কাজেই সতর্ক থাকতে হবে। বেখেয়ালি হলে প্রতারক চক্রের খপ্পরে পড়তে পারেন। কারিগরি ও সৃজনশীল কাজে অগ্রগতি হতে পারে। বন্ধুদের কথায় বিশ্বাস স্থাপনের পূর্বে বিষয়টি সম্পর্কে ভালোভাবে জেনে নিন। পরিবারের সবাইকে নিয়ে দূরে কোথাও বেড়াতে যেতে পারেন।

তুলা : ২২ সেপ্টেম্বর -২২ অক্টোবরঃ কর্মচারীদের কর্মস্থলে হঠাৎ করে কারো সাথে উত্তেজিত হওয়া যাবে না। পুরানো কোন বন্ধুর সাথে যোগাযোগ করতে পারেন। অর্থ বা মূল্যবান কিছুর ব্যাপারে সতর্ক থাকুন। কারো কারো ক্ষেত্রে পুরানো প্রেমিক/প্রেমিকারা বিয়ের ব্যাপারে যোগাযোগ করতে পারেন।

বৃশ্চিক : ২৩ অক্টোবর -২১ নভেম্বরঃ অতীত কর্মকান্ডের জন্য সংস্কৃতির সাথে সম্পৃক্ত সংগঠকদের পুরস্কার প্রাপ্তির ব্যাপারে সুযোগ আসতে পারে। ব্যবসায়ীরা দূরের ব্যবসায় অগ্রগতির জন্য যোগাযোগ করলে ভালো করতে পারেন। নিজের ও বয়স্ক নিকটজনের স্বাস্থ্যের প্রতি সচেতন থাকুন। দূরের কোন শহরে রাত্রিকালীন যাত্রায় কাউকে সংগে নিন।

ধনু : ২২ নভেম্বর -২০ ডিসেম্বরঃ জমি জমা ক্রয় সংক্রান্ত আবেগ পরিহার করে বড় ধরনের ব্যয়ের হাত থেকে বাঁচার উদ্যোগ নিতে পারেন। কর্মস্তলে পদস্থ ও বয়স্কদের সাথে বিনয়ী হোন এবং তাদের প্রয়োজন সহযোগিতা প্রদানে দ্বিথা করবেন না। প্রেম ও বিয়ের যোগাযোগে মাথা ঠান্ডা রাখার চেষ্টা করুন। স্বাস্থ্য সম্পর্কে সচেতন থাকুন।

মকর : ২১ ডিসেম্বর -১৯ জানুয়ারিঃ প্রিয়জন, পরিবেশ ও পরিস্থিতি বিবেচনা করে আপনাকে কাজের বিষয়ে পদক্ষেপ নিতে হবে। রাজনৈতিক নেতা ও কর্মীদের মাঝে সেতু বন্ধনের দিন। ভাব বিনিময়ের মধ্য দিয়ে নির্বাচনে জয়লাভে সুযোগ সৃষ্টির দিন।

বাজেট ছোট না বড় সেটি মূল বিষয় নয় বাস্তবায়নের বিষয়টি গুরুত্বপূর্ণ

বাংলাদেশে জাতীয় বাজেট দেওয়া হয়েছে। এ বাজেট গত বছরের বাজেট থেকে অনেক বেশী ব্যায় করার কথা বলা হয়েছে। কিন্ত প্রশ্ন হচ্ছে এ বাজেট কি বাস্তবায়ন হবে?

আমাদের শক্তির জায়গা হচ্ছে আমাদের মানবসম্পদ, আমাদের জনগণ। অনেক সময় বলা হয় মানুষ এখনো সম্পদ হয়ে ওঠেনি। কিন্তু আমি বলব, আমাদের মানবসম্পদই হচ্ছে সবচেয়ে বড় শক্তি। আর এর মধ্যে আমাদের যে তরুণ জনগোষ্ঠী, সেটি আরেকটি বিরাট শক্তি। কারণ তারাই মানবসম্পদ। যদি সত্যিকার অর্থে আমরা তাদের সম্পদে পরিণত করতে পারি, তাহলে অর্থনীতির যে চ্যালেঞ্জগুলো আছে, অর্থনীতির চাকাকে সচল রাখার ক্ষেত্রে আমরা অনেক দূর এগোতে পারব।

আমাদের আরেকটি শক্তি ছিল সামষ্টিক অর্থনীতির স্থিতিশীলতা। বেশকিছু বছর আমরা মোটামুটি ভালো প্রবৃদ্ধি ধরে রাখতে পেরেছিলাম। মূল্যস্ফীতিও কম ছিল। অর্থাৎ এটা ছিল খুব ভালো একটি সমন্বয়। আর আমাদের অর্থনৈতিক প্রবৃদ্ধির একটি বৈশিষ্ট্য ছিল- এটি খুব বেশি ওঠানামা করত না। অনেক দেশে একবার বাড়ছে, আবার কমছে। কিন্তু আমাদের ক্ষেত্রে তুলনামূলকভাবে একটি স্থিতিশীল অগ্রগতি ছিল। এখন সেটা আর নেই, দুর্বল হয়ে গেছে।

এ স্থিতিশীলতা নষ্ট হওয়ার পেছনে যেসব সূচক কাজ করেছে, সেগুলো আমরা সবাই জানি। আমাদের কর-জিডিপি অনুপাত নিম্নমুখী। সরকারের উন্নয়ন ব্যয় *বাকি অংশ ৩২ পৃষ্ঠায়*

মিডিয়ায় যত কথা

মা-বাবাকে ভুলিয়ে দেওয়া ‘সফলতা’ আমাদের প্রয়োজন নেই

শায়খ আহমাদুল্লাহ

রাজধানীর মিরপুরে উচ্চশিক্ষিত তিন সন্তানের জননী নুরজাহান বেগমের (৭২) পচাগলা মরদেহ উদ্ধারের ঘটনাটি বিবেকবান মানুষের মনে দাগ কেটেছে। সন্তানেরা বুয়েট শিক্ষক, যুগ্মসচিব ও কানাডা প্রবাসী হওয়ার পরও শেষ বয়সে মায়ের এমন করুণ পরিণতিতে দেশজুড়ে ক্ষোভ ও শোকের ছায়া নেমে এসেছে। এই মর্মান্তিক ঘটনায় সামাজিক যোগাযোগমাধ্যমে কড়া বার্তা দিয়েছেন জনপ্রিয় ইসলামি আলোচক শায়খ আহমাদুল্লাহ। মঙ্গলবার (২ জুন) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে এক আবেগঘন স্ট্যাটাসে শায়খ আহমাদুল্লাহ লেখেন, সাত-আট দিন আগে যে বৃদ্ধা মরে পচে গেছেন, তার এক ছেলে বুয়েট শিক্ষক, আরেকজন যুগ্মসচিব, অন্যজন কানাডা-প্রবাসী। *বাকি অংশ ৩২ পৃষ্ঠায়*

ধর্ষণ, মাদক, ছিনতাই প্রতিরোধে সরকারের আরও কঠোর হওয়া উচিত

হোসাইন মোহাম্মদ দিদার

হোসাইন মোহাম্মদ দিদার মিডিয়াতে লিখেছেন, অপরাধ জগতের পা বাড়ানোর প্রথম ধাপ হলো মাদক। মাদকের টাকা হাতে না মিললেই যত্রতত্রে অপরাধ প্রবণতার ঘটনা ঘটায় মাদকাসক্তরা।মাদকে ছেয়ে গেছে গোটা দেশ। ঘরের দুয়ার খোলে হাত বাড়ালেই মাদক। বলা যায়, মরণব্যাধি মাদকের স্পর্শে অকালেই ঝরে যাচ্ছে তরুণ প্রাণ। সম্প্রতি তরুণদের সঙ্গে -তরুণীরাও মাদক সেবনে ঝুঁকে পড়ছে। বিশেষ করে ক্রেজি টেবলেট ইয়াবার নেশায় আসক্ত হয়ে পড়ছে এই সমাজের উঠতি বয়সের ছেলে-মেয়েরা। এছাড়া নেশা জাতীয় নানা রকম মাদকদ্রব্য পাওয়া যাচ্ছে হাতের নাগালেই। এই নেশার ছোবল থেকে বাদ যায় না মধ্যবয়সীরাও। বিশেষ করে ইয়াবা টেবলেট বহনে সহজলভ্য হওয়ায় খুব সহজে বহন করে হাত বদলের পথ নিয়ে চিন্তামুক্ত মাদকাসক্ত ও মাদককারবারীরা তাই এই টেবলেট এখন একটি মোবাইলের কলের বিনিময়ে চলে *বাকি অংশ ৩২ পৃষ্ঠায়*

মনোনয়ন নিয়ে বিরোধই দীপেন দেওয়ানের পদত্যাগের কারণ

মনীষ দেওয়ান

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে থাকা মন্ত্রী (মঙ্গলবার পদত্যাগকৃত) দীপেন দেওয়ানের পদত্যাগকে কেন্দ্র করে নতুন রাজনৈতিক বিতর্কের সৃষ্টি হয়েছে। এ ঘটনায় কেন্দ্রীয় বিএনপি'র উপজাতি বিষয়ক সহ-সম্পাদক ও বাংলাদেশ সেনাবাহিনীর সাবেক কর্মকর্তা মনীষ দেওয়ান সামাজিক যোগাযোগমাধ্যমে দেয়া এক বক্তব্যে বিস্ফোরক দাবি করেছেন। মঙ্গলবার সকালে নিজের ফেসবুক অ্যাকাউন্টে দেয়া এক স্ট্যাটাসে তিনি অভিযোগ করেন, রাঙ্গামাটি জেলা পরিষদের চেয়ারম্যান পদে মনোনয়ন সুপারিশকে কেন্দ্র করে সৃষ্ট মতবিরোধের জেরেই দীপেন দেওয়ানকে পদত্যাগ করতে হয়েছে।

মনীষ দেওয়ানের দাবি, আসন্ন রাঙ্গামাটি জেলা পরিষদের *বাকি অংশ ৩৪ পৃষ্ঠায়*

নামাজের সময় সূচি

	শুক্রবার	শনিবার	রবিবার	সোমবার	মঙ্গলবার	বুধবার	বৃহস্পতিবার
	১২ জুন	১৩ জুন	১৪ জুন	১৫ জুন	১৬ জুন	১৭ জুন	১৮ জুন
ফজর	৩:৪৫	৩:৪৫	৩:৪৫	৩:৪৪	৩:৪৪	৩:৪৪	৩:৪৪
সূর্যোদয়	৫:২৩	৫:২৩	৫:২৩	৫:২৩	৫:২৩	৫:২৩	৫:২৩
জোহর	১২:৫৬	১২:৫৬	১২:৫৬	১২:৫৬	১২:৫৬	১২:৫৭	১২:৫৭
আছর	৬:০৯	৬:১০	৬:১০	৬:১০	৬:১০	৬:১১	৬:১১
মাগরিব	৮:২৭	৮:২৮	৮:২৮	৮:২৮	৮:২৯	৮:২৯	৮:২৯
এশা	১০:০৬	১০:০৭	১০:০৭	১০:০৮	১০:০৮	১০:০৯	১০:০৯

টিপুর কার্টুন

WWW.MOINLAW.COM

LAW OFFICES

Toll Free: 1-866-MOIN-LAW

Cell: 917-282-9256

(To schedule appointment only)

এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস

বিনামূল্যে পরামর্শ

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- **IMMIGRATION**

(Consultation fee applies)

ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি

Prior Result Does Not Guarantee future outcome of any cases
Moin Choudhury is admitted in the United States Supreme Court and Michigan State Supreme Court only.
Michael Taub is admitted in New York State Only.

সুখবর! সুখবর!! সুখবর!!!

মক্কা ট্রাভেল এন্ড ট্যুরস্

ওমরাহ্ পালনকারীদের জন্য সুসংবাদ

সঠিক তথ্য জেনে ও বুঝে অভিজ্ঞ গাইডের মাধ্যমে ওমরাহ্ করার একমাত্র সততার প্রতীক মক্কা ট্রাভেল এন্ড ট্যুরস্

(Don't look the quantity, look the quality)

যারা এখন থেকে ওমরাহ্ পালনের ইচ্ছুক তাদেরকে মক্কা ট্রাভেলস্ এন্ড ট্যুরের আকর্ষণীয় ওমরাহ্ প্যাকেজে স্বাদর আমন্ত্রণ। যে কোন সময় একই টিকেট খরচায় ওমরাহ্ করে বাংলাদেশ থেকে ঘুরে আসার অপূর্ব সুযোগ নিন। আজই আপনার সিট নিশ্চিত করুন। আমাদের রয়েছে সুদীর্ঘ ২৮ বছরের অধিক সময়ের হজ্ব ও ওমরাহ্'র বাস্তব অভিজ্ঞতা।

* ওমরাহ ভিসা * ভিজিট ভিসা
* ওমরাহ্ প্যাকেজ * এয়ার টিকেট
* হোটেল ও মক্কা-মদিনা শরীফে অভিজ্ঞ আলেম গাইডস।

আমাদের সুদীর্ঘ অভিজ্ঞতা, দক্ষতা, সততা ও সতন্ত্র বৈশিষ্ট্যের কারণে আস্থা রাখতে পারেন। ধোকা ও প্রতারণা থেকে নিজেকে রক্ষা করুন। পবিত্র মক্কা ও মদিনা শরীফের আদব ও পবিত্রতা রক্ষা করে ওমরাহ্-হজ্ব শেষে হাসি মুখে আল্লাহর রহমতে বাড়িতে ফিরে আসুন।

ওমরাহ হজ্বের বুকিং চলছে

এছাড়াও বাংলাদেশসহ পৃথিবীর যে কোন দেশে সুলভ মূল্যে এয়ার টিকেটের সুব্যবস্থা আছে।

নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক রিটার্ন টিকেট $639+

যোগাযোগে : আপনাদের খাদেম

এম.এম. তাছলিম উদ্দিন (প্রেসিডেন্ট)

Phone: 347-749-9536, 718-505-1951

7225 37th Ave, Jackson Heights, NY 11372 (In front of APNA BAZAR)



BUYING OR SELLING A HOME?

LET'S WORK TOGETHER!

Buying or selling a home can be a stressful process if you don't have the right real estate agent. With 19 years of experience, you can rely on us to get you the best possible result.

MOHAMMAD SAIFUL ISLAM
REAL ESTATE BROKER

CONTACT:
917-607-5288

‘আমি মূল্যস্ফীতিকে ভালোবাসি’: ট্রাম্প

১ পৃষ্ঠার পর

পরিসংখ্যানে দেখা গেছে, মে মাসে আমেরিকার বাজারে পণ্যের দাম আগের বছরের তুলনায় ৪.২ ভাগ বেড়েছে, যা এপ্রিল মাসে ছিল ৩.৮ ভাগ। । মূলত প্রেসিডেন্ট ট্রাম্পের টারিপ যুদ্ধ সেই সাথে ইরানের সঙ্গে চলমান যুদ্ধ এবং জ্বালানি তেলের দাম বৃদ্ধিই এর প্রধান কারণ।

হোয়াইট হাউসে সাংবাদিকদের মুখোমুখি হয়ে ট্রাম্প বলেন, ‘আমি এটি ভালোবাসছি। এই সংখ্যাগুলো দুর্দান্ত। আপনি জানেন আমি আসলে কী পছন্দ করি? আমি মূল্যস্ফীতিকে ভালোবাসি।’

তবে ট্রাম্পের দাবি, যুদ্ধ শেষ হওয়া মাত্রই এই বাড়তি দাম ‘পাথরের মতো ধপাস করে নিচে নেমে আসবে’। এই মন্তব্যের পরপরই মার্কিন সামরিক বাহিনী ইরানে নতুন করে বোমাবর্ষণ শুরু করে।

ইরানের তেল এবং ট্রাম্পের আশ্বাস: মূল্যস্ফীতির পরিসংখ্যান নিয়ে কথা বলার সময় ট্রাম্প দাবি করেন, যুক্তরাষ্ট্রের বাহিনী রাতে বিশেষ অভিযান চালিয়ে ইরান থেকে ‘লক্ষ লক্ষ ব্যারেল’ তেল নিজেদের নিয়ন্ত্রণে নিয়েছে, যার ফলে বিশ্ববাজারে তেলের দাম কিছুটা হলেও কমেছে। ট্রাম্প বলেন, এই সংঘাত শেষ হলে আপনারা দেখতে পাবেন তেল আগের জায়গায় ফিরে গেছে।

২০২৬ সালের শুরুর দিকে আইওয়া সফরের কথা স্মরণ করে তিনি বলেন, সেখানে তিনি প্রতি গ্যালন পেট্রোল ১.৮৫ ডলারে বিক্রি হতে দেখেছেন এবং খুব শিগগিরই আমেরিকা আবার সেই অবস্থায় ফিরে যাবে। তবে বিশ্ব মিডিয়ার খবরে জ্বালানির দাম ২ ভাগ পর্যন্ত বৃদ্ধির খবর পাওয়া গেছে। অবশ্য পরে ট্রাম্প ‘নিউ ইয়র্ক পোস্ট’-কে দেওয়া এক সাক্ষাৎকারে দাবি করেছেন, তার বক্তব্যকে ভুলভাবে উপস্থাপন করা হয়েছে। ইরান যুদ্ধ সত্ত্বেও মূল্যস্ফীতি প্রত্যাশার চেয়ে ‘অনেক কম’ তিনি মূলত এটাই বোঝাতে চেয়েছিলেন।

জনসাধারণের নাভিশ্বাস ও রাজনৈতিক চাপ: আমেরিকায় টানা তিন মাস ধরে ‘কনজিউমার প্রাইস ইনডেক্স’ (সিপিআই) বা ভোক্তা মূল্যসূচক উর্ধ্বমুখী। ইরান যুদ্ধের কারণে সাধারণ অনেকের ওপর তীব্র আর্থিক চাপ সৃষ্টি হয়েছে। ট্রাম্প অবশ্য একে ‘সাময়িক’ বলে উড়িয়ে দিচ্ছেন। বর্তমানে দেশটিতে প্রতি গ্যালন রেগুলার পেট্রলের গড় দাম ৪.১৫ ডলার, যা গত ফেব্রুয়ারি মাসে যুদ্ধ শুরুর আগে ছিল মাত্র ২.৯৮ ডলার।

ইরান যুদ্ধের প্রতিক্রিয়ায় সরবরাহ ব্যবস্থা পুরোপুরি ভেঙে পড়ায় বিশ্বজুড়ে জ্বালানির বাজারে হাহাকার চলছে। এই রুটটি দিয়ে বিশ্বের মোট তেল ও গ্যাসের প্রায় পাঁচ ভাগের এক ভাগ সরবরাহ করা হয়।

স্থানীয় সরকার নির্বাচনকে ঘিরে মাঠে নামছে আ’লীগ!

১ পৃষ্ঠার পর

এর আগে ইউনিয়ন পরিষদ নির্বাচনে প্রার্থীদের অঙ্গীকার দেওয়ার যে বিধান যুক্তের প্রস্তাব করেছিলেন ইসির কর্মকর্তারা, সেটি বাদ দিয়েই এ নির্বাচনের আচরণ বিধিমালার খসড়া অনুমোদন দিয়েছে কমিশন। একইভাবে পৌরসভা, উপজেলা পরিষদ, সিটি কর্পোরেশন ও জেলা পরিষদ নির্বাচনের আচরণ বিধিমালার খসড়াও অনুমোদন করেছে ইসি। বুধবার এসব নির্বাচনের আচরণ বিধিমালার খসড়া রাজনৈতিক দলগুলোর কাছে মতামত দেওয়ার জন্য পাঠানো হয়েছে। আগামী ৩০ জুনের মধ্যে মতামত পাঠাতে অনুরোধ জানিয়েছে ইসি। সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে।

জানা গেছে, এর আগে জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের নেতাকর্মীদের অংশগ্রহণ ঠেকাতে গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও), নির্বাচন পরিচালনা বিধিমালা এবং আচরণ বিধিমালায় সংশোধনী আনে ইসি। ওই নির্বাচনের আচরণ বিধিমালায় রাজনৈতিক দল ও প্রার্থীকে অঙ্গীকারনামায় সই করার বিধান যুক্ত করা হয়।

একইভাবে ইউনিয়ন পরিষদ নির্বাচনের আচরণ বিধিমালার খসড়াতেও অঙ্গীকারনামায় সই করার বিধান যুক্তের প্রস্তাব করা হয়। এ নিয়ে গণমাধ্যমে সংবাদ প্রকাশের পর ইসি ওই অঙ্গীকারনামা যুক্তের উদ্যোগ থেকে সরে এসেছে। এরফলে আওয়ামী লীগের নেতাকর্মীরা নির্বাচনে অংশ নিতে পারবে। ইসির কর্মকর্তারা জানান, স্থানীয় সরকার নির্দলীয় প্রতীকে অনুষ্ঠিত হবে। নির্দলীয় নির্বাচন বিবেচনায় আচরণ বিধিমালায় অঙ্গীকার যুক্ত করেনি ইসি।

জানা গেছে, খসড়া আচরণ বিধিমালায় নির্বাচনে পোষ্টার ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে। বিলবোর্ড, ব্যানার, ফেস্টুন ও সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্বাচনী প্রচার চালাতে পারবেন প্রার্থীরা। ক্যারাভ্যান বা ভ্রাম্যমান বাহনে প্রচার চালানোর সুযোগ দেওয়া হয়েছে। নির্বাচনে দুপুর ১২টা থেকে সূর্যাস্ত পর্যন্ত মাইক ব্যবহার করে প্রচার চালানোর কথা বলা হয়েছে। আচরণ বিধিমালায় প্রার্থিতা বাতিলের বিধান যুক্ত করা হয়েছে। জাতীয় সংসদ নির্বাচনের আদলে একই পদ্ধতিতে স্থানীয় সরকার নির্বাচনে আচরণ বিধিমালা লংঘনের দায়ে প্রার্থিতা বাতিল করতে পারবে ইসি।

sunman express
global money transfer

টাকা পাঠান সর্বোচ্চ রেটে

BANGLADESH INDIA PAKISTAN NEPAL

NO FEE

ডাউনলোড করুন সানম্যান অ্যাপ

SUNMAN GLOBAL EXPRESS CORP.
Licensed as a Money Transmitter by the New York State Department of Financial Services.

সানম্যান গ্লোবাল এক্সপ্রেস কর্প.

ASTORIA BRANCH 718-729-0600
JACKSON HEIGHTS BRANCH 718-565-5052
HEAD OFFICE 718-505-2224

SUNMANEXPRESS.COM info@sunmanexpress.com



সামার সেল! সামার সেল!

Scan Me

এই সামারে বিমান, এমিরেটস, কাতার, টার্কিশ এবং সৌদি এয়ারলাইন্স এর ফ্লাইট বুকিংয়ে পাচ্ছেন বিশেষ ছাড়
ভিজিট করুন আমাদের ওয়েবসাইট

www.mybestfly.com

Emirates QATAR AIRWAYS TURKISH AIRLINES SAUDIA Biman BANGLADESH AIRLINES

এছাড়াও আমাদের ওয়েবসাইটের মাধ্যমে বিশ্বের সকল দেশের ইন্টারন্যাশনাল এবং ডোমেস্টিক ফ্লাইট বুক করতে পারবেন

BOOK ONLINE mybestfly.com
CALL TO BOOK 718-406-9745

Global Tours & Travel

USA Office
37-12 75th St,
2nd floor Suite # 206.
Jackson Heights, NY-11372, USA

Dhaka Office
78/E (3rd Floor),
Purana Paltan Line,
Bijoynagar, Dhaka-1000

সিএমবিবিএ'র উপভোগ্য ১৬তম 'লিটল বাংলাদেশ ব্রুকলিন পথমেলা'

৪০ পৃষ্ঠার পর

পরিবেশনা এবং র‍্যাফেল ড্রয়ে গাড়ীসহ আকর্ষনীয় পুরস্কার, গুণীজন সম্মাননাসহ বিভিন্ন আয়োজনে সম্পন্ন হলো এবারের উপভোগ্য পথমেলা। সিএমবিবিএ'র পথমেলা আয়োজনে লজিস্টিক সহায়তা দিয়েছে 'বাংলাদেশি আমেরিকান ফ্রেন্ডসশিপ সোসাইটি'।

ব্রুকলীনে বাংলাদেশীদের বাণিজ্যিক রাজধানী হিসেবে পরিচিত 'চার্চ-ম্যাকডোনাল্ড' কানায় কানায় পূর্ণ হয়েছিল প্রবাসীদের সরব উপস্থিতিতে। শতাধিক স্টলের মধ্যে সবচেয়ে বেশী বিক্রি হয় পোশাক-আশাক। খেলনা এবং ইমিটেশন সামগ্রির স্টলেও ভীড় দেখা গেছে সন্ধ্যায় আচমকা দমকা হাওয়ায় সবকিছু ওলোট-পালটের আগ পর্যন্ত।

পথমেলার মূলমঞ্চে দিনভর চলে সংক্ষিপ্ত শুভেচ্ছা বক্তব্যের পাশাপাশি জনপ্রিয় শিল্পীগনের পরিবেশনা-যা উপস্থিত সকলকে আনন্দের সাগরে মাতিয়ে রেখেছিল। বিশিষ্ট সঙ্গীত শিল্পী শুভ্র দেব, শাহ মাহবুব, শামীম সিদ্দিকী, কামরুজ্জামান বকুল,বিন্দু কনাসহ দেশ ও প্রবাসের শিল্পীরা গান পরিবেশন করে মেলাপ্রেমীদের মাতিয়ে রাখেন।

মেলার উদ্বোধন করেন কম্যুনিটিতে আর্ত-মানবতার সেবায় নিয়োজিত সংগঠক ও নির্মাণ ব্যবসায়ী মোঃ আব্দুল কাদের মিয়া এবং প্রধান অতিথি ছিলেন আরেক নির্মাণ ব্যবসায়ী ফজলুল কাদের। অতিথি হিসেবে বক্তব্য দেন 'আমেরিকান ইন্টারন্যাশনাল বার এসোসিয়েশন'র পরিচালক এবং ডেমক্র্যাটিক পার্টির ডিস্ট্রিক্ট লিডার এটর্নী মঈন চৌধুরী, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম এবং আসন্ন নির্বাচনে সাধারণ সম্পাদক প্রার্থী ও 'বাংলাদেশী আমেরিকান ফ্রেন্ডসশিপ সোসাইটি'র নেতা ফিরোজ আহমেদ, সন্দ্বীপ পৌরসভা কল্যাণ সমিতির সভাপতি ও বিশিষ্ট নির্মাণ ব্যবসায়ী মো. জাফরউল্লাহ, নিরব সমাজকর্মী হিসেবে পরিচিত ইঞ্জিনিয়ার ফজলুল কাদের, কম্যুনিটি লিডার কাজী আজম প্রমুখ।

ব্রুকলিনের চার্চ এবং ম্যাগডোনাল্ড এভিনিউতে এই উপভোগ্য পথমেলায় নারী-পুরুষ ও শিশুদের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে পোশাক-খেলনা আর খাদ্যের নানান পণ্যের পসরা সাজিয়ে বসেছিল ৭০টির অধিক স্টল। ছিল সেবামূলক পরামর্শ প্রদানের স্টলও। এসব স্টল ঘুরে নিজেদের পছন্দের জিনিস কেনেন মেলা-প্রেমীরা।

সিএমবিবিএ'র প্রতিষ্ঠাকালিন সময় থেকে নিরলসভাবে কর্মরত সাবেক সভাপতি মহিউদ্দিন হাসানকে বিপুল করতালির মধ্যে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। এর আগে এই সংগঠনের নেতৃত্ব প্রদানকারিগণের মধ্যে যারা মৃত্যুবরণ করেছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধায় স্মরণ করা হয়। তারা ছিলেন আব্দুর রব, অধ্যাপক সরোয়ার বি সালাম, ওবায়দুল হক, মিনহাজউদ্দিন বাবর, বেলায়েত হোসেন, মহিউদ্দিন মাহমুদ দুলাল, কামাল আহমেদ এবং আবুল হোসেন। উল্লেখ্য, প্রয়াত এসব নেতৃবৃন্দকেই উৎসর্গ করা হয় এবারের পথমেলা।

মেলার আয়োজক সংগঠনের সভাপতি রফিকুল ইসলাম পাটোয়ারি, সেক্রেটারি মইনুল আলম বাপ্পী, মেলা কমিটির আহবায়ক মামুন উর রশীদ, সদস্য সচিব আনোয়ারুল আজিম, প্রধান সমন্বয়কারী আবুল হাসান মহিউদ্দিন, 'বাংলাদেশি আমেরিকান ফ্রেন্ডসশিপ সোসাইটি'র প্রেসিডেন্ট কাজী আজম প্রমুখ বক্তব্য রাখেন ছিলেন।

আশরাফুল হাসান বুলবুল এবং মেলা কমিটির আহবায়ক মামুন উর রশীদ'র উপস্থাপনায় মেলা মঞ্চে স্বাগত বক্তব্য রাখেন নেতৃবৃন্দ। মেলায় অতিথি হিসেবে বক্তব্য রাখেন এটর্নি মঈন চৌধুরী, আব্দুল কাদের মিয়া ফাউন্ডেশন-এর প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট মোঃ কাদের মিয়া, মো. জাফরউল্লাহ, সন্দ্বীপ সোসাইটির সভাপতি ফিরোজ আহমেদ প্রমুখ।

পথমেলা কমিটির আহবায়ক মামুনুর রশিদ বলেছেন, প্রবাসে বাংলা সংস্কৃতির লালন ও বিকাশের পাশাপাশি নতুন প্রজন্মকে মা-বাবার সংস্কৃতির সাথে গভীরভাবে পরিচিত করানোর অপূর্ব এক সুযোগ তৈরী করেছিল এই মেলার বিভিন্ন পর্ব। মেলা কমিটির সদস্য-সচিব আনোয়ারুল আজিম সকলের প্রতি গভীর কৃতজ্ঞতা জানিয়েছেন সুষ্ঠুভাবে মেলা আয়োজনে সর্বাত্মক সহায়তার জন্যে।

কম্যুনিটির উন্নয়ন ও কল্যাণে নিবেদিত সিনিয়র সাংবাদিক সৈয়দ মোহাম্মদ উল্লাহকে প্রদান করা হয়েছে 'আজীবন সম্মাননা'। সমাজকর্মে বিশেষ অবদানের জন্যে মোঃ কাদের মিয়া মোঃ জাফর উল্লাহ, নুরুল আজিম, ফিরোজ আহমেদসহ অনেককেই সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয় বিপুল করতালির মধ্যে।

এ মেলায় ৫ ডলারের টিকিটের র‍্যাফেল ড্র'র প্রথম পুরস্কার ছিল একটি গাড়ি। দ্বিতীয় পুরস্কার ছিল বিমানের নিউইয়র্ক-ঢাকা রাউন্ড ট্রিপ টিকিট।

বিকেলে উপস্থিত সকলের উচ্ছ্বাসের মধ্যে পথমেলার মঞ্চে কম্যুনিটি সার্ভিসের জন্যে বিশেষ সম্মাননা ক্রেস্ট হস্তান্তর করেন কর্মকর্তারা। সম্মানীতগণের মধ্যে ছিলেন নার্গিস আহমেদ, মো. কাদের মিয়া, ফজলুল কাদের প্রমুখ।

এ সময় মেলা উপলক্ষে দৃষ্টিনন্দন স্মরণিকা 'সওদাগর'র মোড়ক উম্মোচন করেন অতিথি ও কর্মকর্তাগণকে পাশে নিয়ে কম্যুনিটি লিডার মো. জাফরউল্লাহ।

পথমেলা আয়োজনে আন্তরিক সহায়তার জন্যে প্রবাসীগণের প্রতি গভীর কৃতজ্ঞতা জানিয়েছেন মেলা কমিটির আহবায়ক মামুন উর রশীদ এবং সিএমবিবিএ'র সভাপতি রফিকুল ইসলাম পাটোয়ারি।

নতুন সরকারের শাসনে মার্চ

৩ পৃষ্ঠার পর

দুর্নীতিবিরোধী প্রতিশ্রুতি বাস্তবায়ন পর্যবেক্ষণ' শীর্ষক প্রতিবেদনে এসব তথ্য ও বিভিন্ন মন্তব্য তুলে ধরা হয়েছে।

এসময় টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, জুলাই অভ্যুত্থান ও ত্রয়োদশ সংসদ নির্বাচনের মাধ্যমে জনগণ এমন একটি রাষ্ট্রব্যবস্থার প্রত্যাশা করেছিল, যা হবে সুশাসিত, জবাবদিহিমূলক ও দুর্নীতিমুক্ত। বিপুল জনসমর্থন নিয়ে ক্ষমতায় আসা সরকার রাষ্ট্রকাঠামো সংস্কার ও দুর্নীতি প্রতিরোধের প্রতিশ্রুতি দিলেও সেই লক্ষ্য অর্জনে আরো দৃশ্যমান পদক্ষেপ প্রয়োজন।

তিনি বলেন, সরকার বিভিন্ন ক্ষেত্রে প্রতিশ্রুতি ভঙ্গ করেছে। বিশেষ করে সিটি করপোরেশন ও ৪২টি জেলা পরিষদে দলীয় লোকজনকে প্রশাসক হিসেবে নিয়োগ দিয়ে সরকার নির্বাচনী প্রতিশ্রুতি রক্ষা করতে ব্যর্থ হয়েছে।

ড. ইফতেখারুজ্জামান বলেন, অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টাদের কয়েকজনের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ ওঠার বিষয়ে দুদকের ভূমিকা রাখা উচিত। কেউ-ই জবাবদিহিতার উর্ধ্বে নয়।

দুদকের ক্ষেত্রে সরকার আত্মঘাতী অবস্থান নিয়েছে উল্লেখ করে তিনি বলেন, কমিশন থাকাটা খুবই গুরুত্বপূর্ণ। তিন মাসেও কমিশন গঠন না হওয়া খুবই দুর্ভাগ্যজনক ও বিব্রতকর। কমিশনের এখতিয়ার সচিবকে দেওয়া প্রতিহত করতে হবে। দলীয় পরিচয়ে বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োগ পাওয়ার তথ্য তুলে ধরে উদ্বেগ প্রকাশ করেন তিনি।

সরকারের ১০০ দিনে ৬০৫ খুন : সরকারের প্রথম ১০০ দিনে দেশে হত্যা-অপহরণসহ বিভিন্ন অপরাধ উদ্বেগজনক হারে ঘটেছে বলে দাবি করেছে টিআইবি। টিআইবির প্রতিবেদনে বলা হয়েছে, গত মার্চ ও এপ্রিল মাসে মোট ৬০৫টি খুন, ২৯৪টি ছিনতাই, ৯০টি ডাকাতি এবং ১৯৬টি অপহরণের ঘটনা ঘটেছে। একই সময়ে পুলিশের ওপর হামলার ঘটনা ঘটেছে ১২৯টি ও চুরির ঘটনা ঘটেছে দুই হাজার ২১৪টি। এ ছাড়া নারী ও শিশু নির্যাতনের ঘটনা ছিল তিন হাজার ৪৯৬টি। এই সময়ে ধর্ষণের শিকার হয়েছে ৭৮ থেকে ১০২ জন, গণধর্ষণের শিকার ৩০ থেকে ৩৬ জন এবং ধর্ষণের শিকার শিশু ৪৯ থেকে ৭১ জন।

টিআইবি প্রতিবেদনে বিচারিক কার্যক্রম অংশে বলা হয়েছে, বিতর্কিত কর্মকাণ্ডের অভিযোগ ও মানবতাবিরোধী অপরাধের বিচার কার্যক্রম গতিশীল করতে আইসিটির প্রসিকিউশন ও তদন্ত সংস্থা পুনর্গঠনের উদ্যোগ, মেহেরপুরে ৯ বছর বয়সী এক শিশুকে ধর্ষণের দায়ে আসামিকে মৃত্যুদণ্ড প্রদান ও ২৯ কার্যদিবসের মধ্যে মামলার রায় ঘোষণা, সোহাগী জাহান তনুর হত্যাকাণ্ডের দশ বছর পর মামলায় অগ্রগতি হয়েছে।

সংবাদ সম্মেলনে প্রতিবেদন উপস্থাপন করেন টিআইবির সিনিয়র রিসার্চ ফেলো মো. জুলকারনাইন ও রিসার্চ ফেলো রাজিয়া সুলতানা। উপস্থিত ছিলেন টিআইবির উপদেষ্টা অধ্যাপক সুমাইয়া খায়ের, গবেষণা ও পলিসি বিভাগের পরিচালক মুহাম্মদ বদিউজ্জামান, গবেষণা সহযোগী মো. সহিদুল ইসলাম প্রমুখ।

ঢাকার আতঙ্ক ১৩৮৭

৩ পৃষ্ঠার পর

বিনোদনকেন্দ্র সব জায়গায় সুযোগ পেলেই ছিনিয়ে নেওয়া হচ্ছে সর্বস্ব। কেউ বাধা দিলে গুলি করতেও দ্বিধা করছে না ছিনতাইকারীরা। এতে রাস্তায় বেরোলেই ছিনতাইয়ের এক অজানা আতঙ্কে পথ চলতে হচ্ছে নগরবাসীকে। সমাজমাধ্যমে প্রায়ই ভাইরাল হচ্ছে ছিনতাইয়ের ভয়াবহ সিসি ক্যামেরা ফুটেজ। সবশেষ মতিঝিলের শাপলা চত্বরে প্রকাশ্য দিবালোকে গুলি করে এক ব্যবসায়ীর টাকা ও ডলার ছিনিয়ে নেওয়ার পর নড়েচড়ে বসেছে পুলিশ। যদিও দুই দিনেও এ ঘটনার কোনো কূলকিনারা করতে পারেনি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

ডিএমপি সূত্র জানিয়েছেন, মতিঝিলের ঘটনার পর তারবার্তায় ডিএমপি সদও দপ্তর থেকে রাজধানীর প্রতিটি থানায় কঠোর বার্তা দেওয়া হয়েছে। গোয়েন্দা নজরদারি, টহল, চেকপোস্ট বাড়ানোর পাশাপাশি তালিকাভুক্ত ছিনতাইকারীদের গ্রেপ্তার করতে বলা হয়েছে। সেই সঙ্গে জামিনে থাকা দাগি আসামিদের তথ্য সংগ্রহ করে কেউ নতুন করে অপরাধে জড়ালে আইনের আওতায় আনতে বলা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক অপরাধ বিশেষজ্ঞ ড. তৌহিদুল হক বলেন, 'পুলিশ যে হারে গ্রেপ্তার ও মামলা দিচ্ছে এতে ছিনতাই আর হওয়ারই কথা না। কিন্তু প্রক্রিয়াগত টালবাহানায় জ্যামিতিক হারে ছিনতাইকারী ও ছিনতাইয়ের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। কেননা মামলার বিবরণেই অপরাধীদের জামিন পাওয়ার সুযোগ করে দেওয়া হচ্ছে। অথচ ছিনতাইকারীরা এখন বিভীষিকাময় চক্রের সদস্য হিসেবে প্রশিক্ষণ নিয়ে অস্ত্র নিয়ে মানুষের সর্বস্ব লুট করছে। সুতরাং মামলা ও জামিনের প্রক্রিয়াগত টালবাহানা বন্ধ না হলে ছিনতাইকারীদের লাগাম টানা যাবে না।'

সক্রিয় ১৩৮৭ ছিনতাইকারী, বেড়েছে দেড় গুণ : বর্তমানে ডিএমপির আট বিভাগে তালিকাভুক্ত ১ হাজার ৩৮৭ ছিনতাইকারী তৎপর রয়েছেন। এর মধ্যে রমনা বিভাগে ১৫২, লালবাগে ১৫৯, ওয়ারীতে ৩০৮, মতিঝিলে ১৬৮, তেজগাঁওয়ে ২৪০, মিরপুরে ৫৩, গুলশানে ৬৭ ও উত্তরায় ২৪০ জন দুর্ধর্ষ ছিনতাইকারী রয়েছেন। যাদের ৮০ শতাংশই এক থেকে সাতটি মামলার আসামি এবং একাধিকবার গ্রেপ্তার হলেও জামিনে বেরিয়ে আবারও ছিনতাইয়ে সক্রিয় হয়ে ওঠেন। প্রতিদিন নতুন মুখও যুক্ত হচ্ছে ছিনতাইয়ে। যারা সুযোগ পেলেই ভয়ংকর হয়ে উঠছেন। অথচ ছয় মাস আগেও রাজধানীতে তালিকাভুক্ত ছিনতাইকারীর সংখ্যা ছিল ৯৮৯। কয়েক মাসের ব্যবধানে ছিনতাইকারীর সংখ্যা প্রায় দেড় গুণ বেড়ে যাওয়া ও আগ্নেয়াস্ত্রের ব্যবহার বৃদ্ধি ভাবিয়ে তুলেছে ডিএমপির উর্ধ্বতন কর্মকর্তাদের। গোয়েন্দা তথ্য বলছে, তালিকাভুক্ত ছিনতাইকারীদের বাইরেও হাজারের বেশি ছিনতাইকারী সক্রিয় রয়েছে রাজধানীতে। যাদের অনেকেই ভাসমান কিশোর ও মাদকাসক্ত। সুযোগ পেলেই ছুরি, চাপাতি অথবা সামুরাই নিয়ে ছিনতাই করছে তারা।

হটস্পটগুলোতেই একের পর ছিনতাই : রাজধানীতে ৩ শতাধিক ছিনতাই স্পট থাকলেও হটস্পট ৫৫টি। ছিনতাই মামলার পরিসংখ্যান বলছে, এসব হটস্পটেই ঘটছে একের পর এক ছিনতাই। ডিএমপির তথ্য বলছে, গত তিন মাসে রাজধানীতে ৮৩টি ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। মার্চ ও এপ্রিলের তুলনায় মে মাসে বেড়েছে ছিনতাইয়ের সংখ্যা। পরিসংখ্যান অনুযায়ী, এপ্রিলে রাজধানীতে ২৫টি ছিনতাই ঘটে। এর মধ্যে তেজগাঁওয়ে ৯টি, মতিঝিল, গুলশান ও ওয়ারীতে ৪টি করে এবং রমনা ও লালবাগে ২টি করে। অথচ তেজগাঁওয়ে ছিনতাইয়ের হটস্পট সবচেয়ে বেশি। এর পরই মতিঝিল ও ওয়ারী। হটস্পট চিহ্নিতের পরেও ছিনতাই ঠেকাতে না পারা দুঃখজনক বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। এদিকে অনেক ছিনতাইয়ের ঘটনা প্রকাশ পাচ্ছে না। কেননা মানুষ মোবাইল ও মানিব্যাগ খোয়ালে প্রায় সবাই হারানো জিডি দায়ের করেন।

মামলা নিতে এখনো অনীহা পুলিশের: পুলিশের শীর্ষ মহল থেকে বারবার সহজেই মামলা নেওয়ার কথা বলা হলেও থানায় বদলায়নি আগের সংস্কৃতি। ৯ এপ্রিল মতিঝিলে জনতা ব্যাংকের প্রধান কার্যালয়ের সামনে প্রকাশ্য দিবালোকে ছিনতাইয়ের শিকার হন মো. মামুনুর রশিদ নামে এক ব্যাংকার। দুই ছিনতাইকারী পিস্তল ঠেকিয়ে তাঁর ১ লাখ ৫৩ হাজার ৫০০ টাকা ছিনিয়ে নিয়ে অটোরিকশায় আরামবাগের দিকে পালিয়ে যায়। এ ঘটনার পর তাঁর মামলা করতেই লেগেছে প্রায় এক মাস। তা-ও মতিঝিল বিভাগের ডিসির সুপারিশে মামলা নেয় থানা। এজাহার লেখা হয় ভিকটিমের বদলে থানার ওসির ইচ্ছা অনুযায়ী।

মামুনুর রশিদ জানান, ঘটনাস্থলের কিছুটা দূরেই দাঁড়িয়ে ছিল পুলিশের একটি টহল গাড়ি। ছিনতাই হওয়ার ৩০ সেকেন্ডের মধ্যে তিনি ওই টহল টিমের কাছে সহযোগিতা চান। টহল টিম ছিনতাইকারীদের পিছু না নিয়ে তাঁকে থানায় অভিযোগ করতে বলে। পরে থানায় মামলা করতে গেলে নানান টালবাহানা শুরু হয়। 'ওসি স্যার নেই, ছিনতাইয়ের প্রমাণ কী? আমরা তদন্ত করে দেখি', এমন বিভিন্ন অসিলায় কালক্ষেপণ করা হয়। তিনি সিসি ক্যামেরার ফুটেজ সংগ্রহ করে থানায় গেলে দেওয়া হয় অন্য অজুহাত। প্রায় এক মাস কয়েক দিন পরপর থানায় গেলেও মামলা না নেওয়ায় আশা ছেড়ে দেন। একপর্যায়ে ডিসির কাছে গিয়ে ঘটনা সম্পর্কে বললে তিনি ওসিকে মামলা নিতে বাধ্য করেন। মামুন অভিযোগ করেন, 'মামলায় অস্ত্র ঠেকানোর কথা উল্লেখ করতে দেওয়া হয়নি। অস্ত্রের কথা বললে থানা পুলিশ বিভিন্ন প্রশ্ন করতে থাকে।

বলতে থাকে ওটা খেলনা পিস্তল নাকি আসল পিস্তল, পিস্তল নাকি রিভলবার? নতুন হয়রানির ভয়ে ভেবেছি অস্ত্রের কথা না লেখুক, অন্তত মামলাটা হোক। ৫ মে মামলা রুজু হলেও এখনো তদন্ত এগোয়নি।' এ বিষয়ে মতিঝিল থানার ওসি মো. কামরুজ্জামান তালুকদার বলেন, 'ভুলের উর্ধ্বে কেউ না। আমারও ভুল থাকতে পারে। তবে বিষয়টি নিয়ে আমরা সর্বোচ্চ চেষ্টা করছি।'

গণতান্ত্রিক বাংলাদেশে এবার

৩ পৃষ্ঠার পর

দাঁড়াব। রবিবার সকালে বাংলাদেশ চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিতব্য 'কর্মমুখী ও টেকনিক্যাল শিক্ষা বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ' কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ থেকে শুরু করে আজ পর্যন্ত ইতিহাসের প্রতিটি মাঠে যেসব সাহসী মানুষ দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা এবং দেশ ও জনগণের স্বাধীনতা রক্ষায় আত্মত্যাগ করেছেন, তাদের অবদানকে সম্মান জানাতে হবে। আর সেজন্য আমাদের একটি জ্ঞানভিত্তিক রাষ্ট্র ও সমাজ গড়ে তুলতে হবে। শিক্ষায়-দীক্ষায়, জ্ঞান-বিজ্ঞানে ও প্রযুক্তিতে নিজেদের প্রস্তুত রাখতে না পারলে আগামী দিনে বৈশ্বিক চ্যালেঞ্জে টিকে থাকা কষ্টকর হয়ে পড়বে। তারেক রহমান বলেন, দেশের আধুনিক এবং প্রযুক্তি নির্ভর উচ্চশিক্ষা বিস্তারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। কারণ সারা দেশে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের সংখ্যা ২ হাজারেরও বেশি। এইসব প্রতিষ্ঠানে বর্তমানে কমবেশি ৪০ লাখের মতন শিক্ষার্থী অধ্যয়ন করছে। ইতোমধ্যে এক কোটিরও বেশি শিক্ষার্থী উচ্চশিক্ষা গ্রহণ করেছেন পর্যায়ক্রমিকভাবে। উচ্চশিক্ষা ব্যবস্থাপনার সমস্যা সংকট এবং প্রতিবন্ধকতা নিরশন এবং শহর কিংবা গ্রামের যারা উচ্চশিক্ষা গ্রহণে আগ্রহী তাদের জন্য সুযোগ নিশ্চিত করতে সাবেক প্রধানমন্ত্রী মরহুমা বেগম খালেদা জিয়া ১৯৯২ সালে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছিলেন।



আইস-বিরোধী কঠোর আইন

৩ পৃষ্ঠার পর

অভিবাসন-সংক্রান্ত একগুচ্ছ নতুন আইন স্বাক্ষর করেছেন। এসব আইনের মাধ্যমে স্টেট ও লোকাল কর্তৃপক্ষের সঙ্গে ফেডারেল অভিবাসন সংস্থা- আইসের সহযোগিতার ক্ষেত্র উল্লেখযোগ্যভাবে সীমিত করা হয়েছে। সমর্থকরা একে অভিবাসীদের অধিকার রক্ষার গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে অভিহিত করলেও সমালোচকরা বলছেন, এটি জননিরাপত্তা ও আইন প্রয়োগে নতুন জটিলতা সৃষ্টি করবে।

নতুন আইন অনুযায়ী, নিউইয়র্কের কোনো স্টেট বা স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা আর নতুন ২৮৭(জি) চুক্তিতে অংশ নিতে পারবে না। এই কর্মসূচির মাধ্যমে স্থানীয় পুলিশ বা শেরিফ বিভাগ ফেডারেল অভিবাসন কর্তৃপক্ষকে অভিবাসন আইন প্রয়োগে সহযোগিতা করতে পারত। আইনটি স্থানীয় সরকারগুলোর অভিবাসী আটক কেন্দ্র নির্মাণ বা পরিচালনায় অর্থায়নের পথও সীমিত করেছে।

গভর্নর হোকুল আইন স্বাক্ষরের সময় বলেন, আইসের ক্ষমতার প্রকাশ্য অপব্যবহার নিউইয়র্কে সহ্য করা হবে না।

তাঁর মতে, স্থানীয় পুলিশ বাহিনীর প্রধান দায়িত্ব হলো অপরাধ দমন ও কমিউনিটির নিরাপত্তা নিশ্চিত করা, অভিবাসন আইন প্রয়োগ নয়। নতুন বিধানের আওতায় আদালতের ওয়ারেন্ট ছাড়া আইস কর্মকর্তারা স্কুল, হাসপাতাল, লাইব্রেরি, আশ্রয়কেন্দ্র, শিশু পরিচর্যা কেন্দ্র, কমিউনিটি সেন্টার, শিক্ষার্থী আবাসন, পার্ক এবং ভোটকেন্দ্রের মতো বহু সরকারি স্থাপনার অপ্রকাশ্য অংশে প্রবেশ করতে পারবেন না। একইসঙ্গে বেসরকারি হাসপাতাল ও উপাসনালয়গুলোও বিচারিক ওয়ারেন্টবিহীন অভিবাসন কর্মকর্তাদের প্রবেশাধিকার প্রত্যাখ্যানের অধিক ক্ষমতা পেয়েছে।

আইনে আরও বলা হয়েছে, সরকারি কর্মচারীরা কোনো ধরনের বেসামরিক অভিবাসন তদন্ত পরিচালনা করতে পারবেন না, অভিবাসন কর্তৃপক্ষের কাছে নির্দিষ্ট ব্যক্তিগত তথ্য সরবরাহ করতে পারবেন না এবং আইনগত অনুমোদন ছাড়া সীমিত সরকারি স্থানে প্রবেশাধিকার দিতে পারবেন না। এমনকি অভিবাসন কর্মকর্তাদের অনুবাদক হিসেবেও ব্যবহার করা যাবে না।

অভিবাসী শিক্ষার্থীদের জন্যও সুরক্ষা জোরদার করা হয়েছে। নতুন আইনে অভিবাসন অবস্থান নির্বিশেষে সবার জন্য সরকারি শিক্ষার অধিকার পুনর্ব্যক্ত করা হয়েছে। পাশাপাশি স্কুলগুলোকে শিক্ষার্থীদের অভিবাসন-সংক্রান্ত তথ্য সংগ্রহ ও প্রকাশে সীমাবদ্ধতা আরোপ করা হয়েছে। আদালতের নির্দেশ ছাড়া কোনো শিক্ষার্থীকে অভিবাসন কর্তৃপক্ষের হেফাজতে হস্তান্তর করা যাবে না।

এদিকে আইন প্রয়োগকারী সংস্থার জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে আরেকটি বিতর্কিত বিধান যুক্ত করা হয়েছে। এর ফলে স্টেট, স্থানীয় ও ফেডারেল কর্মকর্তারা জনসাধারণের সঙ্গে যোগাযোগের সময় সাধারণভাবে মুখ ঢেকে রাখতে পারবেন না। তবে চিকিৎসাজনিত মাস্ক, নিরাপত্তা সরঞ্জাম এবং সানগাস ব্যবহারের ক্ষেত্রে ব্যতিক্রম রাখা হয়েছে।

ডেমোক্রাট নেতারা বলছেন, এই ব্যবস্থা আইন প্রয়োগকারী সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা বাড়াবে। অন্যদিকে রিপাবলিকানদের অভিযোগ, এতে আইস কর্মকর্তাদের নিরাপত্তা ঝুঁকির মুখে পড়বে।

আইনটি নিয়ে তীব্র রাজনৈতিক প্রতিক্রিয়াও দেখা দিয়েছে। সাবেক নিউইয়র্ক গভর্নর ডেভিড পেটারসন একে "গুরুতর ভুল" বলে আখ্যায়িত করেছেন। তাঁর মতে, এসব নীতি স্টেট ও ফেডারেল সরকারের মধ্যে নতুন আইনি সংঘাত সৃষ্টি করতে পারে।

বিশ্বের প্রথম ট্রিলিয়নিয়ার

৫ পৃষ্ঠার পর

স্পেসএক্সের প্রধান নির্বাহী ইলন মাস্ক। নতুন হিসাব অনুযায়ী, তার সম্পদের সম্ভাব্য পরিমাণ ইতোমধ্যে এই ঐতিহাসিক মাইলফলকের কাছাকাছি পৌঁছেছে বলে বিভিন্ন প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

বর্তমানে টেসলায় মাস্কের শেয়ার ও অপশনের মূল্য প্রায় ২৭ হাজার ৩০০ কোটি ডলার। এর পাশাপাশি তার মহাকাশ গবেষণা ও প্রযুক্তি প্রতিষ্ঠান স্পেসএক্স যদি পরিকল্পনা অনুযায়ী প্রাথমিক গণপ্রস্তাব বা আইপিও সম্পন্ন করে, তবে তা তার সম্পদে আরও বিপুল মূল্য যোগ করতে পারে। বাজার বিশ্লেষণ অনুযায়ী, স্পেসএক্সের সম্ভাব্য মূল্যায়নের ভিত্তিতে মাস্কের অংশীদারিত্বের মূল্য দাঁড়াতে পারে প্রায় ৮৪ হাজার কোটি ডলার।

সব মিলিয়ে কেবল এই দুটি কোম্পানির সম্ভাব্য মূল্যায়ন ধরলে মাস্কের মোট সম্পদ ১ লাখ কোটি ডলারের বেশি হতে পারে। তবে বিশেষজ্ঞরা বলছেন, এই সম্পদ নগদ অর্থ নয়, বরং শেয়ারভিত্তিক কাগজে-কলমে থাকা মূল্যায়ন। ফলে বাজার পরিস্থিতি ও বিনিয়োগকারীদের আস্থার ওপর এই সম্পদের ওঠানামা নির্ভর করবে।

১ ট্রিলিয়ন ডলার বা ১ লাখ কোটি ডলার এমন একটি অঙ্ক, যা সাধারণ জীবনের ধারণার বাইরে। উদাহরণ হিসেবে বলা যায়, কোনো ব্যক্তি যদি প্রতিদিন প্রতি ঘণ্টায় ১০ লাখ ডলার করে খরচও করেন, তবুও এই অর্থ শেষ করতে তার এক শতাব্দীর বেশি সময় লাগবে।

মাস্কের সম্ভাব্য সম্পদের বিশালতা বোঝাতে অর্থনৈতিক বিশ্লেষকরা একাধিক তুলনা তুলে ধরেছেন। বিশ্বের মাত্র ২০টি দেশের অর্থনীতি ১ ট্রিলিয়ন ডলারের বেশি। তাইওয়ান, সুইডেন, সিঙ্গাপুর এবং দক্ষিণ আফ্রিকার মতো দেশের মোট অর্থনীতিও মাস্কের সম্ভাব্য সম্পদের তুলনায় ছোট।

যুক্তরাষ্ট্রের ম্যানহাটন অঞ্চলের মোট অর্থনৈতিক উৎপাদনও প্রায় ১ ট্রিলিয়ন ডলারের কাছাকাছি। একইভাবে হিউস্টনের সব সম্পত্তির মোট মূল্য, যুক্তরাষ্ট্রে এক বছরে কেনা সব নতুন গাড়ির বাজারমূল্য এবং বিশ্বের শীর্ষ প্রযুক্তি বিলিয়নেয়ারদের সম্মিলিত সম্পদও সবই মাস্কের সম্ভাব্য সম্পদের তুলনায় কম।

বিশেষজ্ঞদের মতে, ইলন মাস্কের এই সম্ভাব্য সম্পদ মূলত শেয়ারবাজার ও কোম্পানির ভবিষ্যৎ মূল্যায়নের ওপর নির্ভরশীল। ফলে এটি স্থির কোনো অর্থ নয়, বরং বাজারের ওঠানামার সঙ্গে পরিবর্তনশীল একটি আর্থিক অবস্থান।

গুজব-মানহানিতে থাকবে

৫ পৃষ্ঠার পর

সালাহউদ্দিন আহমদ। সোমবার সংসদে সরকারি দলের সংরক্ষিত নারী আসনের সদস্য হেলেন জেরিন খানের কার্যপ্রণালি বিধির ৭১ বিধিতে উত্থাপিত জরুরি জনগুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ নোটিশের জবাবে এ তথ্য জানান তিনি।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, মতপ্রকাশের স্বাধীনতার নামে সামাজিক যোগাযোগ মাধ্যমে রাজনৈতিক ব্যক্তিত্ব, রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তি এবং তাদের পরিবারের সদস্যদের নিয়ে যে ধরনের কনটেন্ট প্রকাশ ও প্রচার করা হচ্ছে, তা আদৌ মতপ্রকাশের স্বাধীনতার আওতায় পড়ে কিনা, সে বিষয়ে নতুন করে সংজ্ঞা নির্ধারণের প্রয়োজন দেখা দিয়েছে। তিনি বলেন, বর্তমানে সামাজিক যোগাযোগ মাধ্যম, ভার্চুয়াল মিডিয়া এবং অনলাইনভিত্তিক সব প্ল্যাটফর্মকে অন্তর্ভুক্ত করে 'সাইবার স্পেস'-এর নতুন সংজ্ঞা নির্ধারণের কাজ চলছে। এ লক্ষ্যে সাইবার সুরক্ষা আইন সংশোধনের খসড়া প্রণয়নের কাজ শুরু হয়েছে। সংশোধিত আইনে গুজব, অপতথ্য, মানহানি এবং বিভ্রান্তিকর কনটেন্টের নতুন সংজ্ঞা নির্ধারণ করা হবে। একই সঙ্গে এ ধরনের কনটেন্ট তৈরি ও প্রচার প্রতিরোধে নতুন শাস্তির বিধান সংযোজনের পরিকল্পনা রয়েছে।

মন্ত্রী বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে অপমানজনক, বিরক্তিকর ও মানহানিকর কনটেন্ট তৈরির প্রবণতা উদ্বেগজনক হারে বাড়ছে। এ পরিস্থিতি মোকাবিলায় আন্তর্জাতিক প্রযুক্তি প্ল্যাটফর্মগুলোর সঙ্গে আরও কার্যকর সমন্বয় প্রতিষ্ঠা এবং ক্ষতিকর কনটেন্ট দ্রুত অপসারণ নিশ্চিত করার জন্য নতুন বিধান আনা হবে।

তিনি বলেন, বর্তমানে কোনো ক্ষতিকর কনটেন্ট অপসারণের অনুরোধ পাঠানো হলেও অনেক ক্ষেত্রে তা কার্যকর হতে দীর্ঘ সময় লাগে বা আদৌ ব্যবস্থা নেওয়া হয় না। তাই নির্দিষ্ট সময়সীমার মধ্যে কনটেন্ট অপসারণ বাধ্যতামূলক করার বিষয়টি আইনে অন্তর্ভুক্ত করা হবে।

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, রিপোর্ট করা কনটেন্ট অপসারণ প্রক্রিয়াকে আরও জবাবদিহিমূলক ও কার্যকর করতে আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি সরকারের অনুমোদিত অন্যান্য সংস্থা ও কর্তৃপক্ষকেও তথ্য-উপাত্ত অপসারণ, ব্লক বা হস্তান্তরের ক্ষমতা দেওয়া হতে পারে। এক্ষেত্রে জাতীয় সাইবার নিরাপত্তা কর্তৃপক্ষ এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনকে (বিটিআরসি) প্রয়োজনীয় ক্ষমতা প্রদানের বিষয়টি বিবেচনায় রয়েছে।

হেলেন জেরিন খানের সম্পূরক প্রশ্নের জবাবে তিনি বলেন, আন্তর্জাতিক প্রযুক্তি প্রতিষ্ঠান মেটাসহ বিভিন্ন প্ল্যাটফর্ম বর্তমানে বাংলাদেশ থেকে পাঠানো অনেক অনুরোধে দ্রুত সাড়া দেয় না। এর অন্যতম কারণ বিদ্যমান আইনে পর্যাপ্ত বাধ্যবাধকতার অভাব।

ফিলিপাইনে ভূমিকম্পে নিহত

৫ পৃষ্ঠার পর

বেড়ে ৩৭ জনে দাঁড়িয়েছে। আহত হয়েছেন আরও দেড় শতাধিক মানুষ। দেশটির সকসারজেন অঞ্চলেই ধ্বংসস্তূপ থেকে উদ্ধার করা হয়েছে ৩১টি মরদেহ। এখনো নিখোঁজ রয়েছেন বেশ কয়েকজন।

দেশটির সিভিল ডিফেন্স কর্তৃপক্ষ এ তথ্য নিশ্চিত করেছে। এছাড়া ১০ হাজারেরও বেশি বাসিন্দা তাদের ঘরবাড়ি হারিয়েছেন। ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল সারঙ্গানি প্রদেশের উপকূল থেকে প্রায় ২০ কিলোমিটার দূরে। এর কম্পন মিন্দানাওজুড়ে প্রবলভাবে অনুভূত হয় এবং প্রায় ৪২০ কিলোমিটার দূরে ইন্দোনেশিয়ার সুলাওয়েসি দ্বীপের মানাদো শহরেও কাঁপুনি টের পাওয়া যায়। ভূমিকম্পের পর দক্ষিণ ফিলিপাইন, উত্তর ইন্দোনেশিয়া এবং মালয়েশিয়ার বোর্নিও দ্বীপের সাবাহ রাজ্যে সুনামি সতর্কতা জারি করা হয়।

যুদ্ধের প্রভাবে বিশ্ব শ্রমবাজারে

৫ পৃষ্ঠার পর

নতুন কর্মীর চাহিদা ব্যাপক হারে কমে যায়।

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) তথ্যানুযায়ী, গত মার্চ থেকে মে পর্যন্ত তিন মাসে বিদেশে কর্মসংস্থানের জন্য গেছেন এক লাখ ৫৩ হাজার ৬৩৬ জন বাংলাদেশি কর্মী। অথচ এর আগের বছর একই সময় এই সংখ্যা ছিল দুই লাখ ৬০ হাজার ৪৩৮ জন। অর্থাৎ এক বছরের ব্যবধানে বিদেশগামী কর্মীর সংখ্যা কমেছে প্রায় ৪১ শতাংশ।

শ্রমবাজার বিশ্লেষকদের মতে, যুদ্ধের কারণে মধ্যপ্রাচ্যের দেশগুলোতে অবকাঠামো নির্মাণ, পর্যটন, সেবা ও বাণিজ্য খাতের অনেক প্রতিষ্ঠান নতুন কর্মী নিয়োগে সতর্ক অবস্থান নেয়।

এ কারণে নতুন করে শ্রমিক নেওয়ার অনুমোদনের হার কমতে শুরু করে। একই সঙ্গে যুদ্ধ পরিস্থিতির কারণে মধ্যপ্রাচ্যগামী শত শত ফ্লাইট বাতিল হওয়ায় নতুন কর্মীদের বিদেশযাত্রাও বিলম্বিত হতে থাকে। আগে যেখানে ন্যূনতম বিমানভাড়া ছিল ৫০ থেকে ৫৫ হাজার টাকা, ফ্লাইটসংকটের কারণে তা এখন বেড়ে ৯০ হাজার থেকে এক লাখ টাকা ছাড়িয়েছে।

বিএমইটির পরিসংখ্যান অনুযায়ী, বাংলাদেশের শ্রমবাজারের বড় অংশই মধ্যপ্রাচ্যনির্ভর। সৌদি আরব, কাতার, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত ও ওমান বাংলাদেশের প্রধান শ্রমবাজার।

এর মধ্যে বাংলাদেশ থেকে সবচেয়ে বেশিসংখ্যক শ্রমিক যান সৌদি আরবে। ২০২৫ সালে বিদেশে যাওয়া মোট কর্মীর প্রায় সাত লাখ ৫২ হাজার গেছেন শুধু সৌদি আরবে। এর বাইরে কাতারে যান এক লাখ ৬৯ হাজার, কুয়েতে যান ৪২ হাজার ৪৯৬ জন।

অন্যদিকে চলতি বছরের ১ জানুয়ারি থেকে গতকাল ৫ জুন পর্যন্ত বিদেশে গেছেন তিন লাখ ১৪ হাজার ৩৬২ জন বাংলাদেশি কর্মী। এর মধ্যে সৌদি আরব গেছেন এক লাখ ৯০ হাজার ৭২ জন, কাতারে গেছেন ২৩ হাজার ৭৮০ জন, কুয়েতে আট হাজার ৭৫৩ জন, জর্দানে সাত হাজার ৩৫৩ জন, আরব আমিরাতে সাত হাজার ১২১ জন এবং ইরাকে তিন হাজার ৯১ জন। এ থেকেই বেরিয়ে আসে মধ্যপ্রাচ্যে বাংলাদেশি কর্মী যাওয়ার তুলনামূলক চিত্র।

এর আগের বছরগুলোয় অর্থাৎ করোনার পর ২০২২ সালে মোট ১১ লাখ ২৬ হাজার ৩৬৮ জন বাংলাদেশি কর্মী বিদেশে কর্মসংস্থানের জন্য গেছেন। এর মাঝে সৌদি আরব ছিল সবচেয়ে বড় শ্রমবাজার, যেখানে গেছেন তিন লাখ ৯১ হাজার ৩০২ জন কর্মী। ওমানে এক লাখ ৬৩ হাজার ২১ জন, সংযুক্ত আরব আমিরাতে গেছেন ৭৭ হাজার ৪৭৬ জন, কুয়েতে ২৯ হাজার ৯ জন এবং কাতারে ২৭ হাজার ৬৬৩ জন।

২০২৩ সালে সর্বোচ্চসংখ্যক কর্মী পাঠায় বাংলাদেশ। সরকারি হিসাবে ১৩ লাখ পাঁচ হাজার ৪৫৩ জন কর্মী বিদেশে যান। এর মধ্যে সৌদি আরবে চার লাখ ৯৭ হাজার ৬৭৪ জন, ওমানে এক লাখ ২৭ হাজার ৮৮৩ জন, সংযুক্ত আরব আমিরাতে ৯৮ হাজার ৪২২ জন, কাতারে ৫৬ হাজার ১৪৮ জন, কুয়েতে ৩৬ হাজার ৫৪৮ জন, জর্দানে আট হাজার ৬২৬ জন বাংলাদেশি কর্মী গেছেন। ২০২৪ সালে মোট ১০ লাখ ১০ হাজার ৯০৮ জন শ্রমিক বিদেশে গেছেন। এর মধ্যে সৌদি আরবে গেছেন ছয় লাখ ২৭ হাজার ৮১২ জন, কাতারে ৭৪ হাজার ৪৬৪ জন, সংযুক্ত আরব আমিরাতে (ইউএই) ৪৭ হাজার ১৫৮ জন, কুয়েতে ৩৩ হাজার ১৫ জন, জর্দানে ১৫ হাজার ৪১০ জন এবং লেবাননে চার হাজার ২৩০ জন। সংযুক্ত আরব আমিরাতপ্রবাসী শরিফুল হক জানান, দুবাইয়ে একটি রেস্তোরাঁ চালান তিনি। ভালোই আয় হচ্ছিল। কিন্তু মধ্যপ্রাচ্য যুদ্ধের সরাসরি প্রভাব পড়েছে আরব আমিরাতে। সেখানে ইরানের হামলার পর দীর্ঘদিন ধরে তাঁর রেস্তোরাঁটি বন্ধ রাখতে হয়। যুদ্ধ পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হলেও সেখানে এখনো পর্যটকশূন্য। এতে এখন রেস্তোরাঁ খুললেও বিক্রি নেই। ফলে তাঁর আয়-রোজগারে বড় টান পড়েছে। বর্তমান আয় দিয়ে রেস্তোরাঁ চালানো কষ্টদায়ক হয়ে পড়েছে। দেশে পরিবারকে টাকাও পাঠাতে পারছেন না তিনি।

মধ্যপ্রচ্যের দেশগুলোয় বাংলাদেশি কর্মী যাওয়ার বর্তমান পরিস্থিতির বিষয়ে জানতে চাইলে অ্যাসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশের (আটাব) সেক্রেটারি মাজহারুল ভূইয়া বলেন, 'আমাদের সৌদি আরব রুটটা এখন অনেকটা বন্ধের মুখে। কারণ মধ্যপ্রাচ্য যুদ্ধের কারণে বর্তমান পরিস্থিতিতে ওখানে কাজ করা অত্যন্ত ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে।

KHAN'S TUTORIAL
20 YEARS OF EXCELLENCE

Spring Savings Event!

Save Up To $200 OFF
Our Signature Programs

Every program. One offer. Limited time.

Grades 3-6
Summer Enrichment Camp
ELA & Math
May to November 2026
50% OFF
5 Months + 1 Month FREE

Grade 7
SHSAT Prep
Stuyvesant | Bronx Science
Brooklyn Tech
$300 OFF
Khan's Signature SHSAT Prep

Grades 8-10
Regents Prep
Earth Science | Chemistry | Physics
Algebra I | Geometry | Algebra II
20% OFF
+ FREE Regents Classes

All HS Students
SAT Prep
Saturday 10 AM to 2 PM
Now to June 27
$200 OFF
Khan's Signature SAT Prep

Visit Any Khan's Location Near You

Jackson Heights — 37th Ave & 74th St
Jamaica — Wexford Terr & 177th St
Brooklyn — Church Ave & Dahill Rd
Bronx — Castle Hill & Starling Ave
Astoria — Crescent St & 30th Ave
Ozone Park — 101 Ave & 86th St
Bellerose-LI — Hillside Ave & 258th St
Hillside-Parsons — 161 St & Hillside Ave
Digital - Online — Available Everywhere

Call (718) 938-9451 or Visit KhansTutorial.com

আপনি কি এআই দিয়ে সোশ্যাল মিডিয়ার জন্য ভিডিও বিজ্ঞাপন বানাতে চান?

টেক্সট করুন

917
891
4952

দুর্নীতির বিরুদ্ধে 'শূন্য সহনশীলতা' নীতির ঘোষণা করেছে

৪০ পৃষ্ঠার পর

সদস্য ও তাদের কিছু সহযোগী কর্মকর্তারা অন্তর্বর্তীকালীন কমিটি, আমাদের বর্তমান কমিটি, ইলেকশন কমিশনসহ, নির্বাচন পরিচালনাকারী সংস্থা- ইউনাইটেড ইলেকশন সার্ভিস-এর বিরুদ্ধে সিভিল কোর্টে মামলা দায়ের করেছেন। সেই মামলায় তারা নিজেদের চট্টগ্রাম সমিতির মালিক দাবি করে আদালতের কাছে বিচার চেয়েছেন। মামলার নম্বর ৫৩৫১৪৬/২০২৪। মামলার পরবর্তী শুনানির তারিখ ধার্য করা হয়েছে ২০২৭ সালের গ্রীষ্মকালীন সময়ে।

জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি সেন্টারে আয়োজিত সাংবাদিক সম্মেলনে বর্তমান কার্যকরি কমিটি তাদের ১৮ মাসের কার্যক্রমের বিবরণ তুলে ধরে বিভিন্ন প্রসঙ্গ তুলে ধরেন। নেতৃবৃন্দ বলেছেন, দুর্নীতি ও অন্যায়ের বিরুদ্ধে আমাদের রয়েছে শক্ত অবস্থান অব্যাহত থাকবে। চট্টগ্রামবাসী ও সংশ্লিষ্ট মহলকে বিভ্রান্ত করার জন্য এই মামলা দায়ের করা হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেছেন সংগঠনের সভাপতি মোঃ আবু তাহের। সূচনা বক্তব্য এবং লিখিত বক্তব্য পাঠ করেছেন সংগঠনের সাধারণ সম্পাদক মোঃ আরিফুর রহমান।

বাকি অংশ ৩৪ পৃষ্ঠায়

যুবদল কেন্দ্রীয় কমিটির সহ সভাপতি হলেন আবু সাঈদ আহমেদ

নিউইয়র্ক: বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ১৫১ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কেন্দ্রীয় নির্বাহী কমিটি অনুমোদন করা হয়েছে। ৪ জুন বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এই কমিটি ঘোষণা করা হয়।

ঘোষিত এই কেন্দ্রীয় কমিটিতে মৌলভীবাজারের কুলাউড়া উপজেলার সন্তান ও বর্তমান যুক্তরাষ্ট্র প্রবাসী কমিউনিটি এক্টিভিস্ট আবু সাঈদ আহমেদ সহ সভাপতি হিসেবে মনোনীত হয়েছেন। উল্লেখ্য, আবু সাইদ আহমদ ২০০৬ থেকে ২০২৩ সাল পর্যন্ত একটানা ১৭ বছর যুক্তরাষ্ট্র যুবদলের সাধারণ সম্পাদক ছিলেন। ২০২৩ সালে গঠিত যুবদল কেন্দ্রীয় কমিটিতে তিনি যুগ্ম সম্পাদক পদ মর্যাদায় আন্তর্জাতিক সম্পাদক পদে ছিলেন। প্রধানমন্ত্রী তারেক রহমান,মির্জা আব্বাসসহ বিএনপির সকল স্তরের নেতা কর্মীদের সাথে ঘনিষ্ঠতা রয়েছে।

নিউইয়র্কে বাংলাদেশ কমিউনিটির প্রিয় মুখ আবু সাঈদ আহমেদ বাংলাদেশ জাতীয়তাবাদী যুব দলের সহ সভাপতি নির্বাচিত হওয়ায় বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ তাঁকে প্রাণঢালা অভিনন্দন জানিয়েছেন। তাঁরা তাঁর উত্তরোত্তর সাফল্য কামনা করেছেন।

আগামী নির্বাচনেও তাকে জয়ী করার প্রতিশ্রুতি

৪০ পৃষ্ঠার পর

অ্যাক্টিভিস্ট ফখরুল ইসলাম দেলোয়ারের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে গ্রেস মেং নিজেকে বাংলাদেশী কমিউনিটির বন্ধু ও পরিবারের সদস্য হিসেবে উল্লেখ করেন। তিনি অতীতের মতো আগামী নির্বাচনেও বাংলাদেশী-আমেরিকানদের সমর্থন ও ভোট কামনা করে তার নির্বাচনী এজেন্ডার কথা তুলে ধরেন এবং বাংলাদেশী কমিউনিটির জন্য সিনিয়র সেন্টার প্রতিষ্ঠাসহ অন্যান্য সমস্যার সমাধানের উদ্যোগের কথা জানান। এসময় কমিউনিটি নেতৃবৃন্দ আগামী নির্বাচনে তাকে সমর্থন এবং তার পক্ষে কাজ করার প্রতিশ্রুতির কথা জানান। খবর ইউএনএ'র।

উল্লেখ্য, নিউইয়র্ক সিটির কুইন্সে ১৯৭৫ সালে জন্মগ্রহণকারী গ্রেস মেং ইউএস কংগ্রেসের নিউইয়র্কের কংগ্রেসনাল ডিস্ট্রিক্ট-৬ থেকে একাধিকবার কংগ্রেস সদস্য নির্বাচিত হয়েছেন। আগামী ২৩ জুন মঙ্গলবার অনুষ্ঠিতব্য ডেমোক্র্যাট দলীয় প্রাইমারী নির্বাচনে তিনি পুনরায় প্রার্থী। এই নির্বাচনের আগাম ভোট গ্রহণ চলবে ১৩ জুন থেকে ২১ জুন পর্যন্ত।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মোহাম্মদ শহীদুল্লাহ। এর আগে কংগ্রেসওম্যান গ্রেস মেং'র পুনরায় নির্বাচন বিষয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন তার ক্যাম্পেইন ম্যানেজার হ্যারী ব্রুসেল। পরবর্তীতে ফখরুল ইসলাম দেলোয়ার বাংলাদেশী কমিউনিটির সাথে গ্রেস মেং এর সম্পর্ক ও কর্মকান্ডের কথা তুলে ধরেন এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে প্রবীণ ডেমোক্র্যাট দলীয় লীডার মোর্শেদ আলম, কুইন্স ডেমোক্র্যাটিক পার্টির ডিস্ট্রিক্ট লীডার এট লার্জ এটর্নী মঈন চৌধুরী, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সহ সভাপতি কামরুজ্জামান কামরুল, জ্যামাইকা

বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির উপদেষ্টা সালেহ আহমেদ, ডেমোক্র্যাট দলীয় লীডার ড. দিলীপ নাথ, মূলধারার রাজনীতিক চৌহান, এনআরবি বাংলাদেশ-এর চেয়ারপার্সন শেকিল চৌধুরী, নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট-৩২ এর ডেমোক্র্যাট দলীয় আগামী প্রাইমারী নির্বাচনে প্রার্থী মোহাম্মদ মোল্লা সানিসহ আরো অনেকে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে বক্তারা কংগ্রেসওম্যান গ্রেস মেং-কে বাংলাদেশী কমিউনিটির দীর্ঘদিনের বন্ধু হিসেবে উল্লেখ করেন এবং আগামী নির্বাচনেও তার পক্ষে কাজ করার প্রতিশ্রুতি দেন। বক্তারা বলেন, গ্রেস মেং বাংলাদেশী কমিউনিটির একজন হিসেবেই তাকে আমরা চিনি এবং জানি। কমিউনিটির যেকোন অনুষ্ঠানে তার উপস্থিতি ও সহযোগিতা তাই প্রমান করে।

সবশেষে জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির পক্ষ থেকে কংগ্রেসওম্যান গ্রেস মেং-কে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

অনুষ্ঠানে উল্লেখযোগ্য কমিউনিটি নেতৃবৃন্দের মধ্যে বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির উপদেষ্টা এবিএম সালাহউদ্দিন আহমদ, সাবেক সভাপতি বিলাল চৌধুরী, সাধারণ সম্পাদক এনায়েত মুন্সী, সাবেক সাধারণ সম্পাদক সেবুল মিয়া, ইউএস বাংলাদেশ চেম্বার এন্ড কমার্স-এর প্রেসিডেন্ট লিটন আহমেদ, ফ্রেন্ডস সোসাইটির প্রচার ও জনসংযোগ সম্পাদক সাইদুল ইসলাম রিয়াদ, কার্যকরী সদস্য নওশাদ হায়দার, রিমি ভূইয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

খসড়া মানবাধিকার কমিশন আইন নিয়ে টিআইবি'র উদ্বেগ

৫ পৃষ্ঠার পর

সাংবিধানিক প্রতিষ্ঠান হিসেবে নয়, বরং সরকারের নিয়ন্ত্রণাধীন সংস্থায় পরিণত হওয়ার ঝুঁকি তৈরি হবে। বুধবার (১০ জুন) এক বিবৃতিতে টিআইবি জানায়, ২০২৫ সালের অধ্যাদেশের তুলনায় নতুন খসড়ায় এমন কিছু মৌলিক পরিবর্তন আনা হয়েছে, যা একটি স্বাধীন, কার্যকর ও জবাবদিহিমূলক মানবাধিকার কমিশন প্রতিষ্ঠার জনআকাঙ্খার সাথে সাংঘর্ষিক। এ কারণে আইনটি চূড়ান্ত করার আগে সংশ্লিষ্ট অংশীজনদের মতামত গ্রহণ এবং টিআইবির প্রস্তাবিত ১৯ দফা সুপারিশ বিবেচনার আহ্বান জানিয়েছে সংস্থাটি।

টিআইবির পর্যবেক্ষণে বলা হয়, খসড়া আইনের ৩(২) ধারায় কমিশন কোনো মন্ত্রণালয় বা সরকারি বিভাগের অধীন হবে না- এমন গুরুত্বপূর্ণ বিধান বাদ দেয়া হয়েছে। এতে কমিশনের স্বাধীনভাবে দায়িত্ব পালনের সক্ষমতা ক্ষুণ্ন হওয়ার আশঙ্কা রয়েছে।

এ ছাড়া কমিশনার নিয়োগের জন্য গঠিত বাছাই কমিটিতে স্পিকার, দুইজন মন্ত্রী, সরকারি দলের একজন সংসদ সদস্য এবং মন্ত্রিপরিষদ সচিবকে অন্তর্ভুক্ত করায় নিয়োগ প্রক্রিয়ায় নির্বাহী বিভাগের প্রভাব বিস্তারের সুযোগ তৈরি হয়েছে বলে মনে করে টিআইবি। সংস্থাটির মতে, এতে স্বার্থের দ্বন্দ্ব এবং কমিশনের নিরপেক্ষতা প্রশ্নবিদ্ধ হতে পারে।

বিবৃতিতে আরো বলা হয়, আইনশৃঙ্খলা বাহিনী, গোয়েন্দা সংস্থা ও সেনাবাহিনীর সম্ভাব্য আটকস্থল পরিদর্শন ও তদন্তের ক্ষমতা কমিশনকে দিতে হবে। পাশাপাশি মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে অভিযুক্ত সরকারি কর্মকর্তা বা শৃঙ্খলা বাহিনীর সদস্যদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে কমিশনের স্বাধীন ক্ষমতা নিশ্চিত করা প্রয়োজন।

খসড়া আইনে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী ও নারীদের প্রতিনিধিত্ব নিশ্চিত না করায়ও উদ্বেগ প্রকাশ করেছে টিআইবি। সংস্থাটি কমিশনে অন্তত একজন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রতিনিধি এবং কমপক্ষে দুইজন নারী কমিশনার অন্তর্ভুক্তির বিধান সংযোজনের প্রস্তাব দিয়েছে।

এ ছাড়া কমিশনের আর্থিক ও প্রশাসনিক স্বাধীনতা নিশ্চিত করতে সরকারি প্রেষণে নিয়োগের হার কমানো এবং বাজেট ব্যয়ের ক্ষেত্রে সরকারের পূর্বানুমতির বাধ্যবাধকতা প্রত্যাহারের সুপারিশ করেছে সংস্থাটি।

টিআইবি বলেছে, একটি স্বাধীন ও কার্যকর মানবাধিকার কমিশন রাষ্ট্র ও নাগরিক অধিকারের সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কমিশন যদি স্বাধীনভাবে দায়িত্ব পালনে ব্যর্থ হয়, তবে এর নেতিবাচক প্রভাব বর্তমান ক্ষমতাসীন দল থেকে শুরু করে সংসদে প্রতিনিধিত্বকারী সব রাজনৈতিক দল এবং দেশের সাধারণ নাগরিকদের ওপর পড়বে।

ঢাকার ছেলে রবিন খুদার ভারতে বিপুল বিনিয়োগ

৫ পৃষ্ঠার পর

কম্পিউটিংয়ের ক্রমবর্ধমান চাহিদাকে কাজে লাগাতে এ বিনিয়োগ করবে এয়ারট্রাঙ্ক।

এই পরিকল্পনার অংশ হিসেবে গত শুক্রবার (৫ জুন) ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে সাক্ষাৎ করেন তিনি। রবিন খুদার প্রতিষ্ঠিত সংস্থা এয়ারট্রাঙ্ক ২০৩০ সালের মধ্যে ভারতের বিভিন্ন স্থানে এই অর্থ বিনিয়োগ করবে বলে জানা গেছে। জানা গেছে, রবিন খুদার জন্ম ও বেড়ে ওঠা ঢাকায়। তিনি রাজধানীর শের-ই-বাংলা নগর সরকারি বয়েজ স্কুলে পড়াশোনা করেছেন। মাত্র ১৮ বছর বয়সে রবিন অস্ট্রেলিয়ায় পাড়ি জমান। সেখানে অ্যাকাউন্টিং নিয়ে পড়তে যান। বর্তমানে অস্ট্রেলিয়ার অন্যতম ধনী ব্যক্তি তিনি। ফোর্বসের তথ্য অনুযায়ী তার সম্পদের পরিমাণ দুই বিলিয়ন ডলারের বেশি। ফোর্বস এশিয়াকে এই বিনিয়োগের ব্যাপারে রবিন খুদা বলেছেন, ভারত বিশ্বের এমন হাতেগোনা কয়েকটি বাজারের একটি, যেখানে আমাদের বড় বড় পরিকল্পনা ও লক্ষ্যমাত্রার সাথে তাল মিলিয়ে চলার মতো বিপুল ভবিষ্যৎ চাহিদার সম্ভাবনা রয়েছে। তিনি আরও বলেন, সব বাজারেরই আলাদা শক্তি থাকে, কিন্তু ভারতের অর্থনৈতিক প্রবৃদ্ধির গ্রাফটা একেবারেই ভিন্ন। দেশটির জনসংখ্যা, ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের হার এবং কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) নিয়ে তাদের যে উচ্চাকাঙ্ক্ষাড়এরকম দুর্দান্ত কম্বিনেশন বিশ্বের অন্য কোথাও তৈরি করা বেশ কঠিন।"

ভারতে এই বিপুল পরিমাণ অর্থ বিনিয়োগে করে রবিনের লক্ষ্য হলো বিশ্বের সবচেয়ে জনবহুল দেশে এআই এবং ক্লাউড কম্পিউটিংয়ের চাহিদা বৃদ্ধি করা। মোদির সঙ্গে রবিন দেখা করার পর তার কোম্পানি এয়ারট্রাঙ্ক এই বিশাল বিনিয়োগের ঘোষণা দেয়। কোম্পানিটি ভারতজুড়ে পাঁচ গিগাওয়াটের ডাটা সেন্টার তৈরি করবে।

এয়ারট্রাঙ্কের বিনিয়োগ নিয়ে মোদি মাইক্রো ব্লগিং সাইট এক্সে লিখেছেন, এ ধরনের বিনিয়োগের ফলে বৈশ্বিক ক্লাউড কম্পিউটিং ও এআই প্রযুক্তির কেন্দ্র হিসেবে ভারতের অবস্থান আরও মজবুত হবে। পাশাপাশি এটি নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি করবে, দেশীয় সাপ্লাই চেইনকে চাঙ্গা করবে এবং উদ্ভাবন-ভিত্তিক অর্থনৈতিক প্রবৃদ্ধিকে আরও গতিশীল করবে।

৩০ বিলিয়ন ডলারের সবচেয়ে বড় বিনিয়োগটি করা হবে মহারাষ্ট্রে। সেখানকার মুখ্যমন্ত্রী দেভেন্দ্র ফাদনাভিস জানান, এয়ারট্রাঙ্ক মহারাষ্ট্রে ৩ গিগাওয়াটের ডাটা সেন্টার তৈরি করবে। এর অংশ হিসেবে মুম্বাইয়ের রায়গঞ্জে একটি জমি কেনার চুক্তিও করেছে এয়ারট্রাঙ্ক।

উল্লেখ্য, ২০১৫ সালে এয়ারট্রাঙ্ক প্রতিষ্ঠা করেন বাংলাদেশে জন্ম নেওয়া রবিন খুদা। তার কোম্পানি ভারত ছাড়াও অস্ট্রেলিয়া, হংকং, জাপান, মালয়েশিয়া এবং সিঙ্গাপুরে তাদের পরিধি বিস্তৃত করেছে।

মরহুম আব্দুল বাছিত স্মরণে জালালাবাদ এসোসিয়েশনের দোয়া মাহফিল

৪০ পৃষ্ঠার পর

জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র এস্টোরিয়াস্থ নিজস্ব ভবনে মাহফিলটি অনুষ্ঠিত হলো ৭ জুন রোববার। মাগরিব নামাজের পর আয়োজিত দোয়া মাহফিল ও স্মরণ সভায় জালালাবাদবাসীসহ কম্যুনিটির গণমান্য ব্যক্তিবর্গ মরহুমের রুহের মাগফিরাত কামনা করেছেন। মোনাজাত পরিচালনা করেছেন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সাবেক সহ সভাপতি মাওলানা সাইফুল আলম সিদ্দিকী।

বিশেষ এই মাহফিলে সভাপতিত্ব করেছেন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র প্রেসিডেন্ট মইনুল ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনা করেছেন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সাধারণ সম্পাদক আতাউল গনি আসাদ।

সংগঠনের সাবেক প্রেসিডেন্টের স্মৃতিচারণ করে আলোচনায় অংশ নিয়েছেন উপস্থিত ব্যক্তিবর্গ। শুভানুধ্যায়ীরা মরহুমের বর্ণাঢ্য কর্মজীবন, নেতৃত্বগুণ ও সমাজসেবামূলক কর্মকাণ্ডের স্মৃতিচারণ করেন। আলোচনা করেছেন সংগঠনের সাবেক সভাপতি ও প্রবীণ মুরুব্বি সৈয়দ শওকত আলী, সাবেক সভাপতি এম এ কাইয়ুম, সাবেক সভাপতি শাহীন কামালি, আব্দুল মালেক খান লায়েক, আশ্তাব আলী, আল আমিন, বাংলাদেশ সোসাইটির সাবেক কর্মকর্তা ওসমান চৌধুরী, হাজী মনির আহমেদ, হাসনাত তালুকদার প্রমুখ।

বক্তব্য রেখেছেন মরহুম আব্দুল বাছিতের কন্যা শীরিন আক্তার দিবা, জামাতা কাওসার মোমিন, মরহুমের ছোট ভাই জনাব মুক্তা। শিরিন আক্তার দিবা তার বাবার আত্মার মাগফেরাত কামনা করে সকলের কাছে দোয়া প্রার্থনা করেন। জামাতা কাওসার মোমিন পরিবারের পক্ষ থেকে সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

জালালাবাদ এসোসিয়েশনের কর্মকর্তাদের মধ্যে বক্তব্য রাখেন কার্যকরি কমিটির সহ-সভাপতি মো: এ খায়ের, সাদস্যিক সম্পাদক শাহীনুল ইসলাম, দপ্তর সম্পাদক লায়েছ আহমেদ, মাসুক মিয়া, কোষাধ্যক্ষ ময়নুজ্জামান চৌধুরী প্রমুখ।

সংগঠনের সভাপতি মঈনুল ইসলাম বলেন,প্রয়াত আব্দুল বাছিত ছিলেন প্রবাসী বাংলাদেশি কমিউনিটির একজন নিবেদিতপ্রাণ সংগঠক ও সর্বজন শ্রদ্ধেয় ব্যক্তিত্ব। তাঁর মৃত্যুতে আমরা একজন অভিভাবকসুলভ নেতাকে হারালাম। এই শূন্যতা সহজে পূরণ হওয়ার নয়।

পরে উপস্থিত সকলকে নৈশভোজে আপ্যায়িত করা হয়। উল্লেখ্য, সিলেটের গোলাপগঞ্জ উপজেলার ভাদেশ্বর (মাইছবাগ) নিবাসী এবং জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক-এর ১ম নির্বাচিত সভাপতি, গোলাপগঞ্জ এসোসিয়েশন অব আমেরিকার প্রতিষ্ঠাতাদের মধ্যে একজন এবং বর্তমান নিউইয়র্ক গোলাপগঞ্জ সোসাইটির ইনকের উপদেষ্টা মন্ডলীর অন্যতম সদস্য প্রয়াত আব্দুল বাছিত ৮৩ বছর বয়সে গত ২৮ মে বৃহস্পতিবার ভোর ৭:২৪ মিনিটে ব্রঙ্কসের লিংকন হাসপাতালে ইন্তেকাল করেছেন। মরহুম বাছিতের মরদেহ দ্বিতীয় জানাজা শেষে শুক্রবার, ২৯ মে নিউজার্সি টটোয়া কবরস্থানে দাফন করা হয়।

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায়

বাংলাদেশী ডাক্তার

মেডিসিন বিশেষজ্ঞ

শামীম আহমেদ এম,ডি

বোর্ড সার্টিফাইড

Internal Medicine

Geriatric Medicine

আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন। নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

35-30 64th St.
Woodside, NY 11377

170-25 Cedarcroft Rd.
Jamaica, NY 11432

Tel: 718-205-6561

হলিস এবং কুইন্স ভিলেজে একমাত্র
বাংলাদেশি মালিকানাধীন ড্রাইভিং স্কুল

P & M DRIVING SCHOOL

184-02 Hillside Avenue 1st Floor Jamaica NY 11432

Contct : Maksudur Rahman & Hafizur Rahman Pintu

347-392-3751/917-889-1643/929-584-4090

সার্বিক তত্ত্বাবধানে : মাকসুদুর রহমান

- All you need to know how to get your license

CONTACT US TODAY

WE OFFER
10 %
OFF

- 5 HOUR CLASS
- 6 HOUR CLASS
- DRIVING LESSONS
- CAR RENT FOR
- ROAD TEST
- TAG AND TITLE SERVICES

WE ARE OPEN FROM
Monday-Saturday
11am-6pm
Experienced Instructor

আমরা পুরুষ এবং মহিলা ড্রাইভিং ইনস্ট্রাক্টর নিয়োগ দিচ্ছি। আগ্রহীরা যোগাযোগ করুন

WE DO MONEY TRANSFER

➤Highest Rate ➤Fasted Service

bKash
a BRAC BANK company

184-02 Hillside Avenue, 1st Floor Jamaica NY 11432, Cell: 347-392-3751/917-889-1643

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ডাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।

অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন

পপুলার ড্রাইভিং স্কুল

www.populardrivingschoolny.com

Fully Insured & Licensed by NYS (DMV)

আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class (Operate by JH office)
- Good For TLC, Insurance & Point Redaction. (Operate by JH office)

বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ ২টি লেসন একত্রে

OPEN 7 DAYS

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Please
Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈয্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw, Drew St & Forbell St. City Line)
718-235-6438

GLOBAL MULTI SERVICES, INC

IRS e-file

- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS

AUTHORIZED IRS e-file PROVIDER

অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়

তারেক হাসান খান, সিইও

37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864
Email: globalmsinc@yahoo.com

পার্কচেস্টার ফ্যামেলী ফার্মেসীতে ইউএসপিএস'র পোস্টাল সেবা শুরু



৪০ পৃষ্ঠার পর

পাশাপাশি ইউএসপিএস অনুমোদিত পোস্টাল সেবাও দেয়া শুরু হয়েছে। ইউএসপিএস অনুমোদিত পোস্টাল সেবা প্রদান কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয় ৫ জুন শুক্রবার বিকেলে।

উদ্বোধন আয়োজনে প্রতিষ্ঠানের কর্ণধার সদা হাসিখুশি গৌরব কোঠারী (মিস্টার জি) আগত কমিউনিটির বিশিষ্ট জনদের স্বাগত জানিয়েছেন। এসময় তিনি বলেছেন, আমি ২০ বছর যাবৎ এই প্রতিষ্ঠানের মাধ্যমে আপনাদের সেবা দিয়ে আসছি। গ্রাহকদের চাহিদার কথা বিবেচনা করে ইউএসপিএস অনুমোদিত সেবা চালু করা হয়েছে। পূর্বের মত ভবিষ্যতেও আপনাদের আরো বৃহৎ পরিসরে সেবা দিতে পার্সপোর্ট রিন্যুয়ালসহ পোস্টাল সার্ভিসের এই প্রকল্প চালু করেছি। তিনি আরো জানান, আমাদের এখানে মেইল বক্স সার্ভিস, ফ্যাক্স, ফটো কপি মেশিন,স্ক্যানিং, লেমিনেটিং,স্রেডিং,নোটারী সার্ভিস,ভার্চুয়াল মেইল সার্ভিসেস, পাসপোর্ট ছবি তোলাসহ পোস্টাল সার্ভিসের নানা সুবিধা নিতে পারবেন।

বাংলাদেশ সোসাইটির প্রেসিডেন্ট আতাউর রহমান সেলিম, মিস্টার জি ও তার পরিবারের সদস্যরা অতিথিদের সাথে নিয়ে ফিতা কেটে ইউএসপিএস অনুমোদিত পোস্টাল সেবা কার্যক্রমের আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেছেন। এর আগে প্রতিষ্ঠানের সফলতা কামনা করে দোয়া পরিচালনা করেছেন বিশিষ্ট কমিউনিটি এক্টিভিস্ট মোঃ আব্দুস শহিদ। অনুষ্ঠানে বাংলাদেশি কমিউনিটির বিভিন্ন সুধীজন অংশ নিয়ে প্রতিষ্ঠানের সফলতা কামনা করেছেন। এদের মাঝে ছিলেন নিউইয়র্ক স্টেট এসেম্বলীম্যান পদপ্রার্থী (ডিস্ট্রিক্ট ৮৭) জাকির চৌধুরী,জালালাবাদ এসোসিয়েশনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম, কমিউনিটি লিডার শামীম আহমেদ, এ ইসলাম মামুন, মাহবুব আলম, শামীম মিয়া প্রমূখ।

বক্তারা বলেন, প্রবাস জীবনের ব্যস্ততার মধ্যে এক ছাদের নিচে গ্রাহকরা চিকিৎসা সেবার পাশাপাশি ডাক ও পার্সেল প্রেরণ, বিভিন্ন মেইলিং সুবিধাসহ সংশ্লিষ্ট অন্যান্য সেবা গ্রহণ করতে পারবেন। একাধিক সুযোগ মানুষের সময় ও শ্রম দুটোই সাশ্রয় করবে। তারা এই নতুন এই উদ্যোগকে কমিউনিটির জন্য একটি গুরুত্বপূর্ণ সংযোজন হিসেবে অভিহিত করেন।

Empire Care Agency

LHCSA Licensed Home Health Care

PCA / HHA SERVICE



WHY CHOOSE US?

We Pay The Highest Rate

Our Experienced Nurse Will Advocate for your more Hours

হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি

OUR SERVICES

- Skilled Nursing
- Home Health Aides
- Medicaiton Remindrs
- Meal Preparation
- Personal Care
- Light Housekeeping

$23 Per Hour Giver to PCA & HHA Care Giver

WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH

NURUL AZIM
CEO
516-451-3748

119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415

516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com

Rx PARKCHESTER FAMILY PHARMACY

1445 Unionport Road, Bronx, NY 10462, Phone: 347-851-2688, (Next to J&K Buffet)

আমরা বাংলায় ব্যবস্থাপত্র দেই

ফ্রি!! মজাদার এক কাপ গরম কফি ও সঙ্গে রয়েছে সুস্বাদু বিস্কুট, যেকোন সময়

আপনার টিভি পর্দায় দেখুন

বৃদ্ধ-বৃদ্ধাদের জন্য প্রতিদিন ১০% ফ্রি! সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী, পারফিউম, ফটোকপি ৫ সেন্টস, ফ্যাক্স সার্ভিস, ৯৯সেন্টস-এ উপহার কার্ড এবং ফিল্ম প্রসেসিং।

হলিডে স্পেশাল
ফ্রি উপহার!!!
কোন কিছু কেনাকাটার প্রয়োজন নেই, শুধুশুক্র দোকানে আসলেই পাবেন।

আমরা সর্বদা আপনার সেবায় নিয়োজিত

Free
Local Delivery and Pick Up Available

আপনার সব ওষুধ এ ফার্মেসিতেই রয়েছে।

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান, প্রায় সকল প্রকার ইন্স্যুরেন্স এবং ওয়ার্কার্স কমপেনসেশন গ্রহণ করে থাকি।

We Speak Bengali, English, Hindi, Spanish

আমরা অন্য ফার্মেসির আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

* বিনা নোটিশেই অফার পরিবর্তনযোগ্য। শর্ত প্রযোজ্য।

$2 OFF* Any Purchase of $10 or More

Free! 10 Copies Using Our Copy Machine

Centrum Or Centrum Silver 100 CT Now Only $8.49 Limit 1 Offer Per Coupon

$1-এ বিভিন্ন ধরনের কার্ড পাওয়া যাচ্ছে

গ্রেটার নোয়াখালী সোসাইটির ‘বাংলাদেশ সেমিট্রি’র উদ্বোধন শনিবার

৪০ পৃষ্ঠার পর

শুরু হবে ১ জুলাই থেকে। অরেঞ্জ কাউন্টির স্কট টাউনে ১২৬ একর বিস্তৃত ভূমিতে এ প্রকল্পের নাম ‘বাংলাদেশ সেমিট্রি’। আনুষ্ঠানিক উদ্বোধনের বিস্তারিত জানিয়ে আয়োজিত মিট দ্য প্রেসে উপরোক্ত তথ্যসমূহ জানিয়েছেন গ্রেটার নোয়াখালী সোসাইটির প্রেসিডেন্ট জাহিদ মিন্টু।

১১ জুন বৃহস্পতিবার বিকেলে জ্যাকসন হাইটসের ‘মুনলাইট গ্রীল’ রেস্টুরেন্টে আয়োজিত অনুষ্ঠানটি সঞ্চালনা করেছেন গ্রেটার নোয়াখালী সোসাইটির সাধারণ সম্পাদক এএসএম মাঈন উদ্দিন পিন্টু। সভায় সভাপতিত্ব করেছেন সংগঠনের ট্রাষ্ট্রি বোর্ডের সদস্য রফিকুল ইসলাম।

অনুষ্ঠান মঞ্চে উপস্থিত ছিলেন সংগঠনের সাবেক সভাপতি ও বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি আব্দুর রব মিয়া, সংগঠনের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মফিজুর রহমান, বর্তমান সিনিয়র সহ-সভাপতি তাজু মিয়া, ট্রাস্টি বোর্ডের সদস্য খোকন মোশারফ, উপদেষ্টা মাইনুল উদ্দিন মাহবুব, উপদেষ্টা মমিনুল ইসলাম, সংগঠনের সহ-সাধারণ সম্পাদক রুবেল চৌধুরী, সহ কোষাধ্যক্ষ জামাল উদ্দিন প্রমুখ। বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক অষরুল আলমও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

মিড দ্যা প্রেসে লিখিত বক্তব্য পাঠ করেছেন সংগঠনের বর্তমান সভাপতি ও ‘বাংলাদেশ সেমিট্রি’র মুখপাত্র মোঃ জাহিদ মিন্টু। লিখিত বক্তব্যে বলা হয়েছে, অভিবাসী বাংলাদেশিদের শেষ ঠিকানার এই বৃহৎ ‘বাংলাদেশ সেমিট্রি’ গঠনের লক্ষ্যে ২০২৪ সালের ১৬ ডিসেম্বর নগদ অর্থে একশত ছাব্বিশ একর জমি ক্রয় করতে আমরা সক্ষম হয়েছিলাম। ভবিষ্যতে সেখানে এক লক্ষ’র অধিক কবর তৈরি করার পরিকল্পনা পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে। ২০২৫ সালের ৩১ জুলাই আমরা কাজ শুরু করেছিলাম। তবে সে সময় ক্ষুদ্র একটি অংশের কিছু অপপ্রচারের জন্যে বিশাল এই কর্মযজ্ঞ সম্পন্ন করতে কিছুটা প্রতিবন্ধকতা সম্মুখীন আমাদের হতে হয়েছিল। তবে মহান সৃষ্টিকর্তার অপার মেহেরবানীতে এবং সংগঠনের দায়িত্বশীল ব্যক্তিবর্গের সার্বিক সহযোগিতায় আমরা সেই প্রতিবন্ধকতা পার হয়ে এসেছি। আগামী ১ জুলাই থেকে ‘বাংলাদেশ সেমিট্রিতে কবর দেয়ার কাজ শুরু করা হবে।

তিনি উল্লেখ করেন ২০ জুলাই শনিবার দুপুর ১২টায় স্কটটাউনস্থ বাংলাদেশ সেমিট্রি আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠিত হবে। মিডিয়া কর্মীসহ আগ্রহি প্রবাসীদের সেখানে যাওয়ার আমন্ত্রণ জানিয়ে তিনি আরো উল্লেখ করেন, যে সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান আমাদের কাছ থেকে কবর ক্রয় করেছেন, বুকিং মানি দেয়ার পর আর কোন অর্থ প্রদান করেননি বা যোগাযোগ রাখছেন না- তাদের প্রতি অনুরোধ আপনারা বাকি অর্থ দ্রুত পরিশোধ করে ফেলুন। তা না হলে চুক্তি অনুযায়ী আপনাদের জন্য নির্ধারিত কবরের স্থান আমাদের পক্ষে বুঝিয়ে দেয়া সম্ভব হবে না। অর্থ পরিশোধ না করার কারণে আমরা মার্কিং এর কাজও শুরু করতে পারছি না।

লিখিত বক্তব্যে তিনি আরো বলেন, ১ জুলাই থেকে কবর দেয়ার কাজ শুরু করলেও আপাতত ফিউনারেলের কাজ সম্পন্ন করতে পারছি না। তবে কেউ সহযোগিতা চাইলে আমরা তাদের সার্বিক ব্যবস্থা সম্পাদনে সহায়তা করব। খুব শীঘ্রই ফিউনারেল হোমের কাজ শুরুর ঘোষনা মিডিয়ার মাধ্যমে কমিউনিটিকে জানিয়ে দিব। এ সময় আরো জানানো হয়, ১১ জুন পর্যন্ত ২০ হাজার কবর বিক্রয়ের প্রথম কিস্তির সকল কবরই বিক্রি করা সম্ভব হয়েছে। প্রতিটি কবর দেয়ার জন্য খরচ পড়বে ২ হাজার ৫০০ ডলার, শিশুদের জন্য ১২ শত ডলার। যাদের কবর নেই তাদের ক্ষেত্রে খরচ পড়বে ২৫০০ ডলার এবং সাথে যোগ হবে আরো ১ হাজার ডলার অর্থাৎ সর্বমোট ৩৫০০ ডলার। কবরের সব হেড স্টোনই এক ধরনের এবং এর জন্য খরচ পড়বে ১২০০ ডলার।

সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন অংশগ্রহণকারী নেতৃবৃন্দ। এক প্রশ্নের জবাবে জাহিদ মিন্টু জানান, বাংলাদেশ সেমিট্রিতে জানাজা পড়ার ব্যবস্থা থাকবে অস্থায়ী ভবনে , সেখানে থাকছে পানির ও অজু করার সুযোগ। আশা করছি ভাই স্থায়ী ভবনের কাজও আমরা দ্রুত শুরু করতে পারব। কবর খোঁড়া, মরদেহ নামানোসহ সকল কাজ মেশিনের মাধ্যমে করা হবে- যা আমরা ইতিমধ্যে ক্রয় করেছি। ১ জুলাই হতে প্রতি সোমবার থেকে শনিবার পর্যন্ত সকাল ৯ টা থেকে বিকাল ৫টা পর্যন্ত মরদেহ দাফন করা যাবে। তবে রোববার লাশ দাফন করার বিষয়টি আলোচনা সাপেক্ষে থাকছে।

লিখিত বক্তব্যে আরো জানানো হয়, জুলাই-আগস্ট থেকে আমাদের কবর প্রকল্পের দ্বিতীয় কিস্তির কাজ শুরু হবে। এই কিস্তিতে আমাদের কবরের সংখ্যা হবে প্রায় ৪২ হাজার। গ্রেটার নোয়াখালী সোসাইটির কর্মকর্তা, ট্রাস্টি ও উপদেষ্টাদের সাথে আলোচনার মাধ্যমে দ্বিতীয় কিস্তির কবরের মূল্য আমরা নির্ধারণ করতে পারব।

বাংলাদেশ সেমিট্রি সম্পর্কে বিস্তারিত আলোচনা শেষে নেতৃবৃন্দ বিভিন্ন মিডিয়ার মাধ্যমে প্রবাসীদের সহযোগিতা কামনা করেছেন।

সবশেষে নৈশভোজে উপস্থিত সকলকে আপ্যায়িত করা হয়।

এসময় গ্রেটার নোয়াখালী সোসাইটির নেতৃবৃন্দ আরো জানিয়েছেন,এই প্রকল্পের শুরুতে ২০ হাজার কবরের ব্যবস্থা আছে। সেমিটারিতে পর্যায়ক্রমে ১ লাখ কবরে উন্নীত করার পরিকল্পনা রয়েছে।

IN PARTNERSHIP WITH

COMMUNITY PARTNERS

Jamaica Bangladesh Friends Society, Inc.

Elhaam Academy

Thikana Newspaper

Bengalis of New York

INTERESTED IN BEING A VENDOR OR A VOLUNTEER?

BHALO
BRIDGING THE GAP

2026 BHALO MELA

Friday, June 19th | Starting 3:00 PM
Hillside Avenue / 173rd St. to 175th St.
Follow @bhaloinc for updates

FRIDAY, JUNE 19

HILLSIDE AVENUE / 173rd St, Jamaica, NY 11432

(718) 218-5169
info@bhalo.org
bhalo.org
@bhaloinc

Special thanks to NYPD Community Affairs.

From The Director of Hawa

মহা সমারোহে নিউইয়র্কে শুভমুক্তি

JUNE 26th 2026 FRIDAY

BIOSKOPE FILMS
PRESENTS

ROID"

A FILM BY
MEJBAUR RAHMAN SUMON



TIGER COMPETITION
INTERNATIONAL FILM FESTIVAL ROTTERDAM
2026

Digital Consultant
KOLAHALL COMMUNICATION

bongo FACECARD

BIOSKOPE FILM"s 55th DISTRIBUTION

STARRING. MOSTAFIZUR NOOR IMRAN. NAZIFA TUSHI. AHSABUT. YAMIN RIAD. GAZI RAKAYET. TUTUL FAKIR
PRODUCER MUSHFIQUR RAHMAN MANZU. MEJBAUR RAHMAN SUMON. SHIMUL CHANDRA BISWAS. TANVEER HOSSAIN. TANVEER AHMED SHOVON
STORY MEJBAUR RAHMAN SUMON. SELINA BANU MONI CINEMATOGRAPHER JOAHER MUSAVIR JOYI EDITOR & ASSOCIATE DIRECTOR SAZAL ALOK
MUSIC COMPOSER AND FILM SOUND MIXER RASHEED SHARIF SOUND DESIGN SAJIB RANJAN BISWAS. RAJESH SAHA. RASHEED SHARIF SHOAIB
PRODUCTION SOUND MIX SAJIB RANJAN BISWAS COLOR GRADING AL MAMUN VFX ARTIST AK AZAD NOBEL. AHSAN HABIB SHAWON
SCREENPLAY MEJBAUR RAHMAN SUMON. JAHEEN FARUQUE AMIN. SIDDIQ AHAMED. SUKORNO SHAHED DHIMAN
ART DIRECTOR NASIB KHAN. NIZAMUDDIN CASTING DIRECTOR SAFA JARIN SUKONNA COSTUME DESIGNER MIMTHILA CHOWDHURY
LINE PRODUCER BABLU BOSH EXECUTIVE PRODUCER AHAD MOHAMMAD BHAI. SHIMUL CHANDRA BISWAS

/ bioskopefilms.com

Tickets Available Online @
Theater Ticket Booth

Kew Gardens Cinemas, Queens

SHOWCASE CINEMAS, Farmingdale, Long Island

Follow Us on Facebook for complete Hall List:
www.Facebook.com/bioskopefilms

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

NEW YORK SENIOR ADULT DAYCARE

নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার

WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst Health Insurance for New Yorkers
elderplan a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
SWH Senior Whole Health

SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO

FUHAD HUSSAIN
CCO

MOHAMMAD ZAHID ALAM
CFO

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

সর্বোচ্চ সেবার নিশ্চয়তা

CALL US NOW:
718-516-3425

A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP

Design by: ihopeprint.com, 929-538-7903

CONTACT US:

Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

SHAMSUL
for ASSEMBLY DISTRICT 30

সিনেটর বার্নি স্যান্ডার্স সমর্থিত প্রার্থী

NYPD-র অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট কমান্ডার শামসুল হককে ভোট দিন এবং নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির প্রথম বাংলাদেশি-আমেরিকান সদস্য হিসেবে নির্বাচিত করুন।

CANDIDATE A	◯
CANDIDATE B	◯
Shamsul Haque 請投票 শামসুল হক	●

অগ্রাধিকার সমূহ

- অতি ধনীদের ন্যায্য করের আওতায় আনা
- জীবনযাত্রার খরচ সাধ্যের মধ্যে আনা
- সবার জন্য নিরাপত্তা
- সবার জন্য অর্থনৈতিক উন্নতির সুযোগ

নির্বাচনের দিন: ২৩ জুন

আগাম ভোট: ১৩-২১ জুন

এল্মহার্স্ট · জ্যাকসন হাইটস · ম্যাসপেথ · উডসাইড

Paid for by Shamsul for Assembly

বাংলাদেশ ডে প্যারেডের নেপথ্য কারিগরদের সম্মাননা সনদ প্রদান

নিউইয়র্ক: সম্প্রতি অত্যন্ত বর্ণাঢ্য ও উৎসবমুখর আয়োজনে নিউইয়র্কের জ্যাকসন হাইটসে সম্পন্ন হয়েছে 'বাংলাদেশ ডে প্যারেড। ইউএস কংগ্রেসওম্যান গ্রেস মেং ও টম সোয়াজি, স্টেট সিনেটর জেসিকা রামোস, স্টেট অ্যাসেম্বলি ম্যান স্টিভেন রাগা, অ্যাসেম্বলি ওম্যান জেসিকা গঞ্জালেস রোজাস এবং নিউইয়র্ক সিটি কাউন্সিলম্যান শেকর কৃষ্ণানসহ

মূলধারার বহু বিশিষ্ট রাজনীতিক ও অতিথিবৃন্দের উপস্থিতিতে এই সফল প্যারেড নিয়ে বাংলাদেশ কমিউনিটিতে এখনো বইছে প্রশংসার জোয়ার। একটি মেগা ইভেন্ট সফলভাবে সম্পন্ন করার পেছনে কাজ করে সুনির্দিষ্ট পরিকল্পনা, প্রখর সাংগঠনিক দক্ষতা এবং নেপথ্যের বহু মানুষের অক্লান্ত পরিশ্রম। সামনের সারির কর্মীদের পাশাপাশি যারা পর্দার আড়ালে থেকে নিরলস অবদান রেখেছেন, সেই নেপথ্য কারিগরদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছে আয়োজক কমিটি। গত ৪ জুন জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি সেন্টারে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে এই কৃতি ব্যক্তিত্বদের বিশেষ সম্মাননা ও সনদ প্রদান করে বাংলাদেশ ডে প্যারেড কার্যকরী কমিটি।

প্যারেডের সদস্য সচিব ফাহাদ সোলায়মানের নেতৃত্বে কমিটির পক্ষে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্যারেডের চীফ গ্র্যান্ড মার্শাল এম আজীজ, প্যারেড কমিটির কনভেনর গিয়াস আহমেদ এবং চেয়ারম্যান অ্যাটর্নি মঈন চৌধুরী। এছাড়াও উপস্থিত ছিলেন কমিউনিটি অ্যাকটিভিস্ট পল খান। পুরো অনুষ্ঠানটি সফলভাবে পরিচালনা করেন প্যারেড কমিটির চীফ ইভেন্ট কো-অর্ডিনেটর এফইএমডি রকি।

অনুষ্ঠানে অনন্য অবদানের জন্য সম্মাননা সনদ গ্রহণ করেন বাংলাদেশ ডে প্যারেডের থিম সং-এর রচয়িতা খ্যাতিমান কবি ও শিশুসাহিত্যিক হুমায়ূন কবীর ঢালী এবং থিম সং-এর সুরকার খ্যাতিমান সংগীতশিল্পী ইবরার টিপু।

এছাড়াও সনদ গ্রহণ করেন কমিউনিটির জনপ্রিয় কণ্ঠশিল্পী কামরুজ্জামান বকুল, শাহ মাহবুব, নাজু আকন্দ, বিন্দু কণা, আফতাব জনি, তৃনিয়া হাসান, কৃষ্ণাতিথী, জনপ্রিয় উপস্থাপক শারমিন সোনিয়া, মিসেস রকি এবং গ্রাফিক্স ডিজাইনার আব্দুল্লাহ আল নোমান। বক্তারা এই নেপথ্য যোদ্ধাদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে আগামীতে আরও বড় পরিসরে দেশের সংস্কৃতিকে বিশ্বমঞ্চে তুলে ধরার আশাবাদ ব্যক্ত করেন।

জ্যাকসন হাইটসের প্রিমিয়াম রেস্টুরেন্টে মিলছে 'হাটবাজারের হালিম ও চা'

প্রবাস রিপোর্ট: প্রবাসের ব্যস্ত জীবনে কিচুটা আড্ডা আর রুচিশীল খাবারের স্বাদ ফিরিয়ে আনতে জ্যাকসন হাইটসের প্রিমিয়াম রেস্টুরেন্টে শুরু হয়েছে 'হাটবাজারের হালিম ও চা'র বিশেষ আয়োজন।

দীর্ঘদিন ধরে যারা দেশীয় মশলায় তৈরি খাঁটি হালিম এবং আড্ডার সঙ্গী হিসেবে পারফেক্ট এক কাপ চায়ের খোঁজ করছিলেন, তাদের জন্য এই আয়োজন এক নতুন অভিজ্ঞতা হতে যাচ্ছে। প্রিমিয়াম রেস্টুরেন্টের মনোরম পরিবেশে এখন থেকে পাওয়া যাচ্ছে এই বিশেষ মেন্যু।

জানা গেছে,জ্যাকসন হাইটস্থ প্রিমিয়াম রেষ্টুরেন্টের ব্যবস্থাপনার রদবদল হয়েছে। ১ জুন থেকে এই প্রতিষ্ঠানের মালিকানায় বাবু খান এর সাথে যুক্ত হয়েছেন হাটবাজার রেষ্টুরেন্টের মনসুর চৌধুরী,বিদ্যুৎ দাস ও খামার বাড়ির অন্যতম মালিক কামরুজ্জামান কামরুল।

কামরুজ্জামান কামরুল জানান, আমাদের রয়েছে রেষ্টুরেন্ট ব্যবসায় দীর্ঘদিনের অভিজ্ঞতা। প্রবাসীদের রুচির কথা মাথায় রেখেই আমরা গুণগত মান বজায় রেখে এই ঐতিহ্যবাহী খাবারগুলো পরিবেশন করছি। পরিবার ও বন্ধুদের সাথে আড্ডার মুহূর্তগুলোকে আরও স্মরণীয় করে তুলতে আজই চলে আসুন জ্যাকসন হাইটসের প্রিমিয়াম রেস্টুরেন্টে।

গ্রেটেস্ট শো অন আর্থ শুরু

১ পৃষ্ঠার পর

ভেনেজুয়েলার জাস্টিন বিবার।

ঐতিহ্যবাহী মেক্সিকান পোশাকে সজ্জিত নৃত্যশিল্পীদের সঙ্গে 'পার্তিদাজো' গান পরিবেশন করেন ড্যানি ওশান। বিভিন্ন প্রজন্মের দর্শকদের উপভোগ করার মতো সংগীত ও আয়োজনে জমে ওঠে অনুষ্ঠান। এরপর মঞ্চে আসেন জে বালভিন, যিনি কার্ডি বির জনপ্রিয় গান 'আই লাইক ইট'-এ অংশ নিয়েছিলেন। গানটিতে নাইজেরিয়ার শিল্পী বার্না বয়ও ছিলেন। অবশেষে এল সেই মাহেন্দ্রক্ষণ। কলম্বিয়ান পপ তারকা হাজির হলেন। গাইলেন বিশ্বকাপের অফিসিয়াল থিম সঙ্গলেটস গেট্ট। শাকিরার সঙ্গে একই সুরে গলা মেলালো পুরো আজতেকা। শাকিরার গানের পরই শেষ হলো অনুষ্ঠানের আনুষ্ঠানিকতা। এরপর ৪৮ দলের লড়াইটা শুরু হয় মেক্সিকো-দক্ষিণ আফ্রিকা ম্যাচ দিয়ে। এই ম্যাচে জয় দিয়েই বিশ্বকাপ মিশন শুরু মেক্সিকো। তবে এই খেলায় গোলের চেয়ে লাল কার্ডের সংখ্যাই বেশি! ২০২৬ ফিফা বিশ্বকাপের উদ্বোধনেই দেখা গেল নজিরবিহীন ড্রামা। মাঠের তুমুল রোমাঞ্চ ছাপিয়ে ঐতিহাসিক আজতেকা স্টেডিয়ামে ৮০,৮২৪ জন দর্শককে জয় উপহার দিয়েছে সহ-আয়োজক মেক্সিকো। টুর্নামেন্টের উদ্বোধনী ম্যাচে দক্ষিণ আফ্রিকাকে ২-০ গোলে হারিয়ে শুভ সূচনা করেছে স্বাগতিকরা।

এদিকে বিশ্বকাপের উদ্বোধন উপলক্ষে মেক্সিকো সরকার বিশেষ উদ্যোগ নেয়। স্কুল বন্ধ, সরকারি কর্মীদের বাসা থেকে কাজের সুযোগ এবং বিশেষ ছুটির ব্যবস্থাও করা হয়।

ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো এ আসরকে বলেছেন 'দ্য গ্রেটেস্ট শো দ্য প্ল্যানেট হ্যাজ এভার সিন'। সে দাবীর সত্যতারই প্রমান হলো। সংখ্যাই বলে দেয়, এবারের বিশ্বকাপ আগের যেকোনো আসরের চেয়ে বড়। প্রথমবারের মতো ৪৮টি দল অংশ নিচ্ছে। খেলোয়াড় ১ হাজার ২৪৮ জন। ম্যাচ ১০৪টি। আয়োজক দেশ তিনটিভুযুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকো। ১৬টি শহর, চারটি সময় অঞ্চল এবং ছয় সপ্তাহব্যাপী বিস্তৃত এ মহাযজ্ঞের সূচনা হয়েছে।

আফ্রিকা থেকে রেকর্ড ১০টি দল অংশ নিচ্ছে। আরব বিশ্বের প্রতিনিধিও রেকর্ড আটটি। প্রথমবারের মতো বিশ্বকাপ খেলবে উজবেকিস্তান, জর্ডান, কেপ ভার্দে ও কুরাসাও। এক অর্থে শুধু একটি টুর্নামেন্ট নয়, বরং ফুটবলের ভৌগোলিক বিস্তারের নতুন যুগের সূচনা।

এ নতুন যুগের প্রথম দৃশ্যের মঞ্চ মেক্সিকো সিটি স্টেডিয়াম, যা আজতেকা স্টেডিয়াম নামে বহুল পরিচিত। নামের মধ্যেই বহন করছে মেসো-আমেরিকার অন্যতম শক্তিশালী সভ্যতা আজতেকদের উত্তরাধিকার। শতাব্দীর পর শতাব্দী আগে যে উপত্যকায় বীরত্বের কাহিনী রচিত হয়েছিল, সেই ভূখণ্ডেই দাঁড়িয়ে আছে আধুনিক ফুটবলের এ তীর্থভূমি। এ মাঠে ফুটবল ইতিহাসের বহু অমর মুহূর্ত জন্ম নিয়েছে। এখানেই ১৯৭০ সালে বিশ্বকাপ জিতেছিলেন পেলে। সেই 'বিউটিফুল টিম' আজতেকার সবুজ ঘাসেই কিংবদন্তির মর্যাদা অর্জন করে। এখানেই ১৯৮৬ সালে দিয়েগো ম্যারাডোনা করেছিলেন ফুটবল ইতিহাসের নিন্দিত-নন্দিত 'হ্যান্ড অব গড'। এ মাঠে তিনি লিখেছিলেন 'গোল অব দ্য সেঞ্চুরি' মহাকাব্য। ইংল্যান্ডের বিরুদ্ধে ৬০ মিটার দৌড়ে, পাঁচজনকে কাটিয়ে, মাত্র ১১ সেকেন্ডে। যে ১১ সেকেন্ড আজও পৃথিবীর অসংখ্য মানুষের বুকে জলজ্যান্ত। এ মাঠই শুনেছে ফুটবল ইতিহাসের সবচেয়ে বধির করে দেয়া গর্জন। এখান থেকেই বিশ্বজুড়ে ছড়িয়ে পড়েছে 'মেক্সিকান ওয়েভ'। সে স্টেডিয়ামই ইতিহাসের প্রথম ভেন্যু হিসেবে তৃতীয়বারের মতো বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচ আয়োজন করা হয়। যেন ফুটবলের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ মিলছে একই বৃত্তে।

তবে বিশ্বকাপের গল্প কখনই শুধু আনন্দের নয়। এর সঙ্গে থাকে বিতর্ক, রাজনীতি ও অর্থনীতির গল্পও। এবারের সবচেয়ে বড় বিতর্ক টিকিটের মূল্য। ২০২২ সালের কাতার বিশ্বকাপ ফাইনালের সবচেয়ে দামি টিকিটের মূল্য ছিল প্রায় ১ হাজার ৬০০ ডলার। ২০২৬ সালে সেই মূল্য বেড়ে দাঁড়িয়েছে প্রায় ৩৩ হাজার ডলারে। এ বিপুল মূল্যবৃদ্ধি বিশ্বজুড়ে সমালোচনার জন্ম দিয়েছে। অনেক সমর্থক মনে করছেন, বিশ্বকাপ ধীরে ধীরে সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে।

ভূরাজনীতির ছায়া আরো দীর্ঘ হয়েছে ইরানের বিষয়টি নিয়ে। পেন্টাগন-তেহরানের হামলা-পাল্টাহামলার মধ্যে ইরানের জাতীয় দল খেলতে যাচ্ছে আমেরিকার মাটিতে। ইরানের ফেডারেশন অভিযোগ করেছে, তাদের টিকিট বরাদ্দ প্রত্যাহার করা হয়েছে, ১৫ জন প্রশাসনিক কর্মকর্তাকে ভিসা দেয়া হয়নি। দলটি তাদের বেস ক্যাম্প মেক্সিকোর তিহুয়ানায় সরিয়ে নিয়েছে। খেলোয়াড়রা মাঠে নামবেন, কিন্তু তাদের পরিবার, তাদের দেশের সমর্থকরা গ্যালারিতে থাকতে পারবেন না। সোমালিয়ার রেফারি ওমার আরতান মিয়ামি বিমানবন্দরে পৌঁছে ফিরে যেতে বাধ্য হয়েছেন। স্কটল্যান্ডের একদল সমর্থকের প্রবেশানুমতি শেষ মুহূর্তে বাতিল হয়েছে। মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস ওয়াচ বলছে, এ বিশ্বকাপ হয়ে উঠতে পারে বর্জন ও ভয়ের প্রতীক।

ফুটবল সবসময় নতুন নায়কেরও জন্ম দেয়। রোনালদো-মেসি বিদায়লগ্নে কিলিয়ান এমবাপ্পে এখন বিশ্বের সবচেয়ে বড় তারকাদের একজন। জুড বেলিংহ্যাম, লামিনে ইয়ামাল, ভিনিসিয়ুস জুনিয়র, জামাল মুসিয়ালা, ফ্লোরিয়ান ভির্টজ, এড্রিক, জুলিয়ান আলভারেজড়তারা সবাই এমন এক প্রজন্মের প্রতিনিধিত্ব করছেন, যারা আগামী এক দশক বিশ্ব ফুটবলকে নেতৃত্ব দেবে।

এবারের বিশ্বকাপের আরেকটি বড় চরিত্র প্রযুক্তি। একসময় ফুটবল ছিল রেফারির চোখের সিদ্ধান্তের ওপর নির্ভরশীল খেলা। এখন প্রযুক্তি মাঠের অবিচ্ছেদ্য অংশ। কৃত্রিম বুদ্ধিমত্তা, উন্নত অফসাইড প্রযুক্তি, স্মার্ট বল, রিয়েল টাইম ডেটা বিশ্লেষণ, ত্রিমাত্রিক ট্র্যাকিং ব্যবস্থাড় সবকিছুই খেলার সঙ্গে যুক্ত হয়েছে। দর্শক যেমন মাঠে ২২ জন খেলোয়াড়কে দেখছেন, তেমনি অদৃশ্যভাবে খেলা পর্যবেক্ষণ করবে শত শত সেন্সর ও অ্যালগরিদম।

১৯৩০ থেকে ২০২৬- ৯৬ বছরের পথচলায় বিশ্বকাপ অনেক কিছু পেরিয়ে এসেছে। যুদ্ধ দেখেছে, বয়কট দেখেছে, কেলেঙ্কারি দেখেছে, অলৌকিক জয় দেখেছে, হৃদয়ভাঙা পরাজয় দেখেছে। কিন্তু প্রতিবার, প্রতিটি বিতর্কের পরও যখন রেফারির বাঁশি বাজে এবং বল মাঠে গড়ায়- পৃথিবী থেমে যায়।

বিশ্বকাপের ইতিহাসে এবারই প্রথম তিনটি দেশ যৌথ ভাবে আয়োজন করছে ফুটবলের সবচেয়ে বড় আসর। যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডা- এই তিন আয়োজক দেশের তিনটি শহরে অনুষ্ঠিত হবে তিনটি পৃথক উদ্বোধনী অনুষ্ঠান, যা বিশ্বকাপের ৯৬ বছরের ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা করতে যাচ্ছে।

একসময় একটি দেশ, একটি উদ্বোধনী অনুষ্ঠান- এটাই ছিল বিশ্বকাপের প্রচলিত রীতি। ২০০২ সালে জাপান ও দক্ষিণ কোরিয়া যৌথভাবে আয়োজন করলেও উদ্বোধনী অনুষ্ঠান হয়েছিল কেবল সিউলে। তবে ২০২৬ বিশ্বকাপে সেই ধারারও পরিবর্তন এসেছে। তিন আয়োজক দেশ নিজেদের সংস্কৃতি ও ঐতিহ্যকে তুলে ধরতে আলাদা আলাদা আয়োজন করেছে।

কানাডার আয়োজনে নোরা ফাতেহি

কানাডার উদ্বোধনী অনুষ্ঠান হবে টরন্টো স্টেডিয়ামে, যেখানে স্বাগতিক কানাডা খেলবে বসনিয়া ও হার্জেগোভিনার বিপক্ষে। কানাডা সময় দুপুর ২টায় শুরু হবে অনুষ্ঠান, আর ম্যাচ শুরু হবে দুপুর ৩টায়।

কানাডার ইতিহাস ও গৌরবময় মুহূর্তগুলোকে তুলে ধরতে একটি বিশেষ কাউন্টডাউনের মাধ্যমে অনুষ্ঠান শুরু হবে। পারফর্ম করবেন অ্যালানিস মরিসেট, আলেসিয়া কারা, মাইকেল বুবলে, নোরা ফাতেহি, বাংলাদেশি বংশোদ্ভূত শিল্পী সঞ্জয়, ভেজেড্রিম এবং উইলিয়াম প্রিন্সসহ আরও অনেকে।

লস অ্যাঞ্জেলেসে তারকাদের ঝলক

যুক্তরাষ্ট্রের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে লস অ্যাঞ্জেলেস স্টেডিয়ামে। বড় পরিসরের ভিজ্যুয়াল উপস্থাপনা ও গল্পভিত্তিক মঞ্চায়নের পাশাপাশি সংগীত পরিবেশন করবেন কেটি পেরি, ফিউচার, অ্যানিত্তা, লিসা, রেমা ও টাইলারের মতো বিশ্বখ্যাত শিল্পীরা।

এক থিমে তিন আয়োজন

মেক্সিকো, টরন্টো ও লস অ্যাঞ্জেলেসড়তিন শহরের উদ্বোধনী অনুষ্ঠানের পরিবেশ ও উপস্থাপনা আলাদা হলেও মূল বার্তা একটাই। সংস্কৃতি, সংগীত ও ফুটবলের মাধ্যমে ভৌগোলিক ও সাংস্কৃতিক বিভেদ ভুলে মানুষকে এক সুতোয় গাঁথার শক্তিকেই তুলে ধরা হবে এবারের বিশ্বকাপের উদ্বোধনী আয়োজনে।

বিশ্বকাপের তিনটি উদ্বোধনী অনুষ্ঠানের প্রযোজনার দায়িত্বে আছেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রযোজক মার্কো বালিচ। এর আগে তিনি একাধিক অলিম্পিক উদ্বোধনী অনুষ্ঠান ও বড় আন্তর্জাতিক ক্রীড়া ইভেন্টের ক্রিয়েটিভ ডিরেক্টর হিসেবে কাজ করেছেন। তিনি জানান, প্রতিটি শো আলাদা বৈশিষ্ট্য বহন করলেও সবগুলোই ফুটবলের ঐক্যের বার্তার সঙ্গে যুক্ত থাকবে।

বিশ্বকাপে নজর কাড়তে পারেন যে ২০ নতুন তারকা

যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোয় অনুষ্ঠিতব্য ২০২৬ বিশ্বকাপে অংশ নিচ্ছেন রেকর্ড ১ হাজার ২৪৮ ফুটবলার। তাদের মধ্যে ৮৯১ জনই প্রথমবারের মতো বিশ্বকাপ খেলবেন। ফুটবলের সবচেয়ে বড় মঞ্চ ফিফা বিশ্বকাপের এবারের আসরও নজর থাকবে প্রতিষ্ঠিত সুপারস্টারদের দিকে। তবে প্রতিটি বিশ্বকাপই নতুন কিছু তারকার জন্ম দেয়, যারা নিজেদের প্রতিভা দিয়ে চমকে দেন। যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোয় অনুষ্ঠিতব্য ২০২৬ বিশ্বকাপে অংশ নিচ্ছেন রেকর্ড ১ হাজার ২৪৮ ফুটবলার। তাদের মধ্যে ৮৯১ জনই প্রথমবারের মতো বিশ্বকাপ খেলবেন।

বিবিসি স্পোর্টসের বিশ্লেষক ও ধারাভাষ্যকাররা এমন ২০ জন ফুটবলারকে বেছে নিয়েছেন, যাদের ওপর থাকবে বিশেষ নজর:

ইয়ান দিয়োমান্দে (আইভরি কোস্ট): ১৯ বছর বয়সী এই উইঙ্গার আরবি লেইপজিগ হয়ে গত মৌসুমে ১২ গোল ও ৯ অ্যাসিস্ট করেছেন। তাকে ইউরোপের অন্যতম প্রতিভাবান তরুণ খেলোয়াড় ধরা হচ্ছে।

গিলবার্তো মোরা (মেক্সিকো): মাত্র ১৭ বছর বয়সেই মেক্সিকোর জাতীয় দলে জায়গা করে নিয়েছেন। 'মেক্সিকান পেদ্রি' নামে পরিচিত এ মিডফিল্ডার স্বাগতিকদের অন্যতম বড় আশার নাম।

জোহান মানজাম্বি (সুইজারল্যান্ড): ইউরোপা লিগে উজ্জ্বল পারফরম্যান্স দেখিয়েছেন। প্রতিভাবান এ তরুণ মিডফিল্ডারকে সুইস ফুটবলের ভবিষ্যৎ বলা হচ্ছে।

রিকার্ডো পেপি (যুক্তরাষ্ট্র): এই স্ট্রাইকার গত মৌসুমে ১৯ গোল করেছেন। এবারের বিশ্বকাপে স্বাগতিক যুক্তরাষ্ট্রের বড় ভরসা তিনি।

নিকো পাজ (আর্জেন্টিনা): কোমোর হয়ে সর্বশেষ

সিজনে ১৩ গোল ও ৮ অ্যাসিস্ট করেছেন এ আর্জেন্টাইন মিডফিল্ডার। নতুন প্রজন্মের অন্যতম উজ্জ্বল নাম তিনি।

গেসিম ইয়াসিন (মরক্কো): অনূর্ধ্ব-২০ বিশ্বকাপে দারুণ পারফরম্যান্সের পর জাতীয় দলে জায়গা পেয়েছেন ইয়াসিন। এ রাইট সাইড উইঙ্গারকে মরক্কোর 'ওয়াইল্ড কার্ড' হিসেবে দেখা হচ্ছে।

লুকাস হেরিংটন (অস্ট্রেলিয়া): ১৮ বছর বয়সী এ সেন্টার-ব্যাক অস্ট্রেলিয়ার বিশ্বকাপ ইতিহাসে অন্যতম কনিষ্ঠ খেলোয়াড় হিসেবে দলে জায়গা পেয়েছেন।

কেরিম আলাজবেগোভিচ (বসনিয়া-হার্জেগোভিনা): বিশ্বকাপ বাছাইপর্বে গুরুত্বপূর্ণ পেনাল্টি শুটআউটে গোল করে আলোচনায় আসেন। তাকে বসনিয়ান ফুটবলের নতুন পোস্টার বয় বলা হচ্ছে।

জান উজুন (তুরস্ক): জার্মানিতে জন্ম নেয়া এ মিডফিল্ডার বুন্দেসলিগায় নিজ ক্লাবের হয়ে সামর্থ্যের প্রমাণ দিয়েছেন।

আরমান্দো গনজালেস (মেক্সিকো): গত মৌসুমে ২৫ গোল করেছেন। তাকে মেক্সিকোর সাবেক তারকা হাভিয়ের হার্নান্দেজের উত্তরসূরি হিসেবে দেখা হচ্ছে।

আইয়ুব বুয়াদ্দি (মরক্কো): ১৮ বছর বয়সী এ মিডফিল্ডার পড়াশোনার পাশাপাশি ফুটবলেও উজ্জ্বল। বুদ্ধিমত্তার কারণে তাকে ডাকা হয় 'আইনস্টাইন'।

হুসেম আওয়ার (আলজেরিয়া): এক সময় ফ্রান্সের হয়ে খেললেও এখন আলজেরিয়ার গুরুত্বপূর্ণ সদস্য।

সৌদি আরবে খেলে গত মৌসুমে ১৫ গোল করেছেন।

আলেসান্দ্রো সিরকাতি (অস্ট্রেলিয়া): পার্মার এ ডিফেন্ডার এরই মধ্যে অস্ট্রেলিয়ার রক্ষণভাগের গুরুত্বপূর্ণ অংশ হয়ে উঠেছেন।

আলি জাসিম (ইরাক): ২২ বছর বয়সী এ উইঙ্গার এশিয়ান অনূর্ধ্ব-২৩ চ্যাম্পিয়নশিপে নজর কাড়েন। ইরাকের আক্রমণ ভাগে বড় ভূমিকা রাখতে পারেন।

মোহামেদ আমৌরা (আলজেরিয়া): বিশ্বকাপ বাছাইপর্বে ১০ গোল করে আফ্রিকান অঞ্চলের সর্বোচ্চ গোলদাতা হন। আলজেরিয়ার আক্রমণ ভাগের প্রধান অস্ত্র।

লুইস সুয়ারেজ (কলম্বিয়া): স্পোর্টিং সিপির হয়ে গত মৌসুমে ৩৮ গোল করেছেন। বিশ্বকাপে কলম্বিয়ার বড় ভরসা তিনি।

ব্রায়ান গুতিয়েরেজ (মেক্সিকো): যুক্তরাষ্ট্রে জন্ম হলেও এখন মেক্সিকোর প্রতিনিধিত্ব করছেন। মিডফিল্ডার হিসেবে এরই মধ্যে নজর কেড়েছেন।

বাজৌমানা তোরে (আইভরি কোস্ট): 'দ্য হারিকেন' নামে পরিচিত এ উইঙ্গারের গতি হচ্ছে সবচেয়ে বড় শক্তি। ইউরোপের কয়েকটি বড় ক্লাব তার দিকে নজর রাখছে।

ইব্রাহিম মাজা (আলজেরিয়া): আক্রমণ ভাগের মিডফিল্ডার হিসেবে পরিচিত মাজাকে অনেকেই আলজেরিয়ার ভবিষ্যৎ তারকা মনে করেন। তার ডাকনাম 'মাজাদোনা'।

লুকা ভুস্কোভিচ (ক্রোয়েশিয়া): ১৯ বছর বয়সী এ সেন্টার-ব্যাককে ইউরোপের অন্যতম সম্ভাবনাময় ডিফেন্ডার ধরা হয়।

হোম কেয়ার

আপনার আত্মীয় স্বজন, আপনজন ও অন্যান্যদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই। এবং আমরা কোন ফি চার্জ করি না।

বেশি ঘন্টা ও সর্বোচ্চ পেমেন্ট পাবার জন্য আজই কল করুন

Mamun Ur Rashid
President
917-476-8914

PROHEALTH HOMECARE
(Ordinary People, Etra Ordinary Care)

PROHEALTH HOMECARE

375 McDonald Ave, Brooklyn, NY 11218
Tel: 718-633-1112, Fax : 718-633-1117

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস

বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

Habibur Rahman Tuhin
President – CIVA USA INC
(Tax & Immigration Services)

+1 347 656 5207
luckytuhin@civa.network
37-22 73rd Street Suite 1D
Jackson Heights, NY 11372
civa.network

আমাদের সেবা সমূহ:

CIVA USA INC

- যুক্তরাষ্ট্রে Student ভিসা (F1, M1), কানাডা Student ভিসা
- যুক্তরাষ্ট্র / কানাডা / ইউরোপ (Schengen) ভ্রমণ (Visa) ভিসা
- সব ধরনের প্যারা-লিগ্যাল (আইনগত সহায়তা) সার্ভিস
- অ্যাসাইলাম (I-589, I-730) ও ওয়ার্ক পারমিট (I-765)
- EB-1A (অ্যাথলেট, শিল্পী, শিক্ষাবিদদের জন্য)
- EB-2 (ন্যাশনাল ইন্টারেস্ট ওয়েভার - NIW)
- EB-3 আনস্কিলড (UnSkilled), স্কিলড ও প্রফেশনাল কর্মী
- ড্রাইভিং সেবা, ডিডিসি (DDC) সার্টিফিকেট, অ্যাপয়েন্টমেন্ট
- ডিএমভি সার্ভিস (টিকিট পরিশোধ ও ভায়োলেশন হ্যান্ডলিং)
- ট্যাক্স সার্ভিস ও সকল ধরনের ইমিগ্রেশন ফর্ম পূরণ
- সব ধরনের বাংলাদেশি পাসপোর্ট (Passport) সংক্রান্ত সেবা

বাংলাদেশে প্রতিরক্ষা শিল্পে সহযোগিতা জোরদারে আগ্রহী

৩ পৃষ্ঠার পর

বিকাশের জন্য পদক্ষেপ নেওয়া যেতে পারে। আমরা এ বিষয়ে পর্যালোচনা করেছি। ৫ জুন শুক্রবার ঢাকার হোটেল ইন্টারকন্টিনেন্টালে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে বৈঠক করেন তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী। বৈঠক শেষে যৌথ সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন দুই দেশের পররাষ্ট্রমন্ত্রী।

এ সময় তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান বলেন, জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতি নির্বাচনে বাংলাদেশের বিজয় বাংলাদেশে শুরু হওয়া নতুন যুগের বিশ্বব্যাপী প্রভাবের একটি গুরুত্বপূর্ণ স্বীকৃতি। এই ফলাফল আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে বাংলাদেশের সম্মানের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সূচক। আমাদের কোনো সন্দেহ নেই যে, জাতিসংঘে বাংলাদেশের সক্রিয় ভূমিকা এবং খলিলুর রহমানের বিশাল অভিজ্ঞতা দিয়ে তিনি এই গুরুত্বপূর্ণ কাজটি সফলভাবে সম্পন্ন করবেন।

হাকান ফিদান আরও বলেন, খলিলুর রহমান বিশ্বশান্তি, স্থিতিশীলতা এবং সমৃদ্ধি রক্ষা ও অগ্রগতির লক্ষ্যে পরিচালিত প্রচেষ্টায় ব্যাপকভাবে অবদান রাখবেন, এ বিষয়ে আমাদের পূর্ণ আস্থা আছে। তুরস্কের পক্ষে আমরা আমাদের প্রিয় ভাইকে আগের মতোই জোরালোভাবে সমর্থন করে যাব।

তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী বলেন, ২০২৬ সালের ১২ ফেব্রুয়ারি শান্তি ও স্থিতিশীলতার পরিবেশে অনুষ্ঠিত নির্বাচন ও গণভোটের পর বাংলাদেশ এক নতুন যুগে প্রবেশ করেছে। আমরা এতে অত্যন্ত আনন্দিত।

তিনি বলেন, আজকের বৈঠকে আমরা আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ক, আন্তর্জাতিক সংস্থাগুলোর মধ্যে আমাদের সহযোগিতা এবং আঞ্চলিক ও বৈশ্বিক ঘটনাবলী নিয়ে আলোচনা করেছি। আমরা আমাদের দীর্ঘস্থায়ী অংশীদারিত্বকে বিস্তৃত পরিসরে আরও গভীর করার এবং এটিকে একটি সুদৃঢ় ভিত্তির ওপর আরও শক্তিশালী ও দূরদর্শী মাত্রায় নিয়ে যাওয়ার লক্ষ্যে আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখছি। আমরা আমাদের দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ১.৩ বিলিয়ন থেকে ২ বিলিয়ন ডলারে উন্নীত করার জন্য করণীয় কাজ নিয়েও আলোচনা করেছি। বিভিন্ন ক্ষেত্রে, বিশেষ করে প্রতিরক্ষা শিল্পে আমাদের সহযোগিতা বিকাশের জন্য পদক্ষেপ নেওয়া যেতে পারে। আমরা একে একে সেগুলো পর্যালোচনা করেছি। তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী বলেন, আমরা বাংলাদেশের সংস্কৃতিমন্ত্রী নিতাই রায় চৌধুরীর সাথে সাংস্কৃতিক বিনিময় সুরক্ষার ক্ষেত্রে সহযোগিতার বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছি। আমি আশা করি, মানবতার অভিন্ন ঐতিহ্য রক্ষার জন্য আমাদের সিদ্ধান্তের সূচক এই দলিলটি আমাদের দেশগুলোর জন্য কল্যাণকর হবে।

বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের সহায়তা অব্যাহত রাখবে তুরস্ক

বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গা শরণার্থীদের মানবিক সহায়তা অব্যাহত রাখবে তুরস্ক সরকার। শুক্রবার কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা শরণার্থী শিবির পরিদর্শনে এসে তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান একথা বলেছেন। শরণার্থী ক্যাম্পে রোহিঙ্গাদের সাথে আলাপকালে তুর্কি পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, তুরস্ক সরকার বাংলাদেশে রোহিঙ্গা সংকটের শুরু থেকেই পাশে থেকে তাদের মানবিক সহায়তা দিয়ে আসছে। তিনি আশা প্রকাশ করেন আন্তর্জাতিক

সম্প্রদায়ের সহযোগিতায় রোহিঙ্গা সংকটের একটি স্থায়ী সমাধান হবে এবং রোহিঙ্গারা তাদের সম্মান এবং নাগরিকত্বের মর্যাদা নিয়ে তাদের দেশ মিয়ানমারে ফিরে যাবে। রোহিঙ্গা শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কার্যালয়ের কমিশনার মোহাম্মদ মিজানুর রহমান জানিয়েছেন, ৫ জুন শুক্রবার বিকেল তিনটায় তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী কক্সবাজার বিমানবন্দর থেকে সরাসরি উখিয়া শরণার্থী শিবিরে পৌঁছান। পরিদর্শনকালে প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

নাগরিকত্ব বাতিলে ইতিহাসের সর্ববৃহৎ অভিযান

৩ পৃষ্ঠার পর

বা অন্যান্য অপরাধে অভিযুক্ত করা হয়েছে। সরকারি কর্মকর্তাদের মতে, এটি যুক্তরাষ্ট্রের ইতিহাসে এ পর্যন্ত একসঙ্গে সবচেয়ে বেশিসংখ্যক নাগরিকত্ব বাতিলের প্রচেষ্টা। ১৯৯০ থেকে ২০১৭ সাল পর্যন্ত বিচার বিভাগ গড়ে বছরে মাত্র ১১টি নাগরিকত্ব বাতিলের মামলা দায়ের করত। সে তুলনায় বর্তমান উদ্যোগটি অভূতপূর্ব। যুক্তরাষ্ট্রের আইনে দীর্ঘদিন ধরেই বিদেশে জন্ম নেওয়া নাগরিকদের নাগরিকত্ব বাতিল করার সুযোগ রয়েছে, যদি প্রমাণিত হয় যে তারা নাগরিকত্ব পাওয়ার আবেদনে গুরুত্বপূর্ণ তথ্য, বিশেষত অপরাধমূলক কার্যকলাপ, গোপন করেছেন। তবে এই প্রক্রিয়াটি ঐতিহাসিকভাবে দীর্ঘ, জটিল এবং বিরল। এতে ফেডারেল আদালতে বিচারকদের মাধ্যমে দেওয়ানি বা ফৌজদারি মামলায় নাগরিকত্ব বাতিলের রায় আদায় করতে হয়। ট্রাম্প প্রশাসন অভিবাসনের বিরুদ্ধে তার ব্যাপক অভিযানের অংশ হিসেবে এই প্রক্রিয়াকে উল্লেখযোগ্যভাবে জোরদার করেছে। ২০২৫ সালে বিচার বিভাগ নাগরিকত্ব বাতিলযোগ্য ব্যক্তিদের শ্রেণি বিস্তৃত করে। গত মাসে এক ডজন মামলা দায়ের করা হয়েছিল, যা তখন পর্যন্ত সাম্প্রতিক বছরগুলোর মধ্যে সবচেয়ে বড় উদ্যোগ ছিল। অভিযুক্তদের তালিকায় যারা রয়েছেন তাদের মধ্যে হাইতি থেকে আসা একজন যিনি কন্যাকে যৌন নির্যাতনের অভিযোগে অভিযুক্ত। সাবেক যুগোস্লাভিয়া থেকে আসা একজন যিনি শিশু যৌন নির্যাতনে দণ্ডিত; মেক্সিকো থেকে আসা একজন শিশু পর্নোগ্রাফি সংগ্রহের দায়ে দণ্ডিত; কলম্বিয়া থেকে আসা এক সাবেক ক্যাথলিক পাদরি যার বিরুদ্ধে শিশু যৌন নির্যাতনের অভিযোগ রয়েছে; ভারত থেকে আসা একজন যিনি জাল ঐ-১ই ভিসা আবেদন দাখিলের অভিযোগে অভিযুক্ত; এবং একজন কিউবান বংশোদ্ভূত নারী যিনি একটি উপজাতীয় ক্যাসিনো প্রতারণার দায়ে অভিযুক্ত।

সারা দেশে ফেডারেল আদালতে সম্প্রতি দায়ের করা অভিযোগে বিচার বিভাগ যুক্তি দিয়েছে যে সংশ্লিষ্ট ব্যক্তিরা নাগরিকত্বের আবেদনে তাদের অপরাধমূলক কার্যকলাপ গোপন করেছেন অথবা অন্যভাবে নাগরিকত্বের অযোগ্য ছিলেন। নাগরিকত্বের অন্যতম শর্ত ঁসুচরিত্রচ- এ শর্ত পূরণে তারা ব্যর্থ হয়েছেন বলে সরকার দাবি করছে।

ভারপ্রাপ্ত অ্যাটর্নি জেনারেল টড ব্লাঞ্চ বলেছেন, নাগরিকত্ব প্রক্রিয়ার অপব্যবহারে বিচার বিভাগের ঁশূন্য সহনশীলতাচ থাকবে। তিনি বলেন, ঁঅপরাধী বিদেশিরা তাদের অতীতের অপরাধ -মাদক ব্যবসা, যৌন নির্যাতন, জালিয়াতি সম্পর্কে মিথ্যা বলছে।চ হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি মার্কওয়েইন মুলিন বলেছেন, ঁআমেরিকার নাগরিকত্ব একটি সুবিধা এবং এটি সততার সাথে অর্জন করতে হয়।চ তিনি আরও বলেন, প্রশাসন নাগরিকত্ব বাতিল ও বহিষ্কারের জন্য প্রতিটি আইনি পথ ব্যবহার অব্যাহত রাখবে।

উল্লেখ্য, নাগরিকত্ব বাতিলের প্রক্রিয়ায় অভিযুক্তরা আদালতে তাদের নাগরিকত্ব রক্ষার সুযোগ পাবেন। যদি শেষ পর্যন্ত নাগরিকত্ব বাতিল হয়, তাহলে তারা পুনরায় স্থায়ী বাসিন্দার মর্যাদায় ফিরে যাবেন এবং নাগরিকত্বের সকল সুবিধা, বিশেষত বহিষ্কার থেকে সুরক্ষা, হারাবেন।

৭৩ স্ট্রিটের পার্কিং সমস্যা নিয়ে কমিউনিটি বোর্ড ৩-এর

৫ পৃষ্ঠার পর

নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সারাদিন ৭৩স্ট্রিট এ কমার্শিয়াল পার্কিং এর কারণে কম্যিউনিটি ব্যবসায় অনেক ক্ষতি হচ্ছে। এর সমাধানের জন্য শুক্রবার ৫জুন দুপুর ৩টায় কাউন্সিলম্যান শেকড় কৃষ্ণান এর ৭৫স্ট্রিট

অফিসের সামনে এক প্রতিবাদ সভার আয়োজন করা হয়েছে। রবার্ট মুলিন কমার্শিয়াল পারকিং সমস্যা সমাধানে তার সহযোগিতার আশ্বাস দেন। আলোচনা অনুষ্ঠানে JBBAএর প্রেসিডেন্ট গিয়াস আহমেদ, সেক্রেটারি ফাহাদ সোলায়মান, বাংলাদেশ প্লাজার সিইও মিনা ফারাহ এবং মোহাম্মদ ফরহাদ, বিশিষ্ট ব্যবসায়ী এবং কম্যিউনিটি এক্টিভিস্ট মোহাম্মদ আজিজ, বিশিষ্ট ব্যবসায়ী এবং কম্যিউনিটি এক্টিভিস্ট লায়ন ডিস্ট্রিক্ট ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ শাহনাওয়াজ, কাবাব কিং এর সিইও বিশিষ্ট ব্যবসায়ী শওকত আলী, মোহাম্মদ নমি,আফতাব জনিসহ জেবিবিএ'র ব্যবসায়ীরা উপস্থিত ছিলেন।

বাংলাদেশ প্লাজার গেস্ট রুমে আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা শেষে সবাইকে ব্লেকসে আপ্যায়িত করেন মিনা ফারাহ এবং মোহাম্মদ ফরহাদ। সব ব্যবসায়ী এবং কমিউনিটি এক্টিভিস্ট ও মিডিয়া কর্মীদেরকে শুক্রবার বিকাল ৩টায় ৭৫স্ট্রিট,৩৭এভিনিউতে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে।

এবারের ঈদযাত্রায় দেশে

৫ পৃষ্ঠার পর

নিহত ও ১ হাজার ২৯৪ জন আহত হয়েছেন।রবিবার সকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত সংবাদ সম্মেলনে সংগঠনটির মহাসচিব মো. মোজাম্মেল হক চৌধুরী এ তথ্য জানান। একই সময়ে রেলপথে ৩১টি দুর্ঘটনায় ২৩ জন এবং নৌপথে ১৭টি দুর্ঘটনায় ১৩ জন নিহত হয়েছেন। সব মিলিয়ে সড়ক, রেল ও নৌপথে ৪৪২টি দুর্ঘটনায় ৪৩৮ জন নিহত ও ১ হাজার ৩৪০ জন আহত হয়েছেন।

সংগঠনের তথ্যমতে, গত বছরের তুলনায় সড়ক দুর্ঘটনা ৩ দশমিক ৯৫ শতাংশ, প্রাণহানি ৩ দশমিক ০৭ শতাংশ এবং আহত ৯ দশমিক ৪৭ শতাংশ বেড়েছে।

এবারও দুর্ঘটনায় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত মোটরসাইকেল। ১৫৩টি মোটরসাইকেল দুর্ঘটনায় ১৫৯ জন নিহত হয়েছেন, যা মোট দুর্ঘটনার প্রায় ৩৮ দশমিক ৮৩ শতাংশ। সংগঠনটির দাবি, বেপরোয়া গতি, অদক্ষ চালক, ফিটনেসবিহীন যানবাহন, চালকের বিশ্রামহীনতা এবং ভাঙাচোরা সড়ক দুর্ঘটনার প্রধান কারণ। এছাড়া ঈদে অতিরিক্ত যাত্রী চাপ ও যানবাহনের ত্রুটিও বড় ভূমিকা রেখেছে।

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.

Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
★ যারা হোম কেয়ারে কাজ করেন তাদের বিশেষ সুবিধা

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেষ্ট রেট কম ● ইনভেষ্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাষ্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত

139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain

জব ! জব!! জব!!!

JOB HELP

আপনি কি আমেরিকাতে একটি সরকারি জব খুঁজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাস্টার ডিগ্রি আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরি না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমতো ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনার সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাত্মক প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করি। ম্যাথ, ইংরেজি এবং অন্যান্য ট্রিকি প্রশ্নাবলিসমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন। গাইড ব্যাংক আছে। আমেরিকার অন্যান্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন। তা ছাড়া প্রফেশনাল রেজ্যুমি, কভার লেটার এবং ফেইস টুফেইস ইন্টারভিউয়ের জন্য তৈরি করা হয়। যাদের এ্যাকাউন্টিং ব্যাকগ্রাউন্ড আছে তাদের কুইকবুক, পিচট্রি, পেরোল ও অ্যাকাউন্টিংয়ের টিউটোরিংসহ সবাইকে কম্পিউটার বেসিক শেখানো হয়।

আগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন : ৭১৮-৫৩০-২৬০৫, ইমেইল : roudro123@yahoo.com

এম. এ. জামান

(বর্তমানে নিউইয়র্ক স্টেট গভ-এ কর্মরত); সাকসেস মাল্টি পারপাস এ্যান্ড ক্যারিয়ার কনসালটিং ফার্ম (প্রতিষ্ঠাতা);
সার্টিফাইড বিজনেস ক্যারিয়ার স্কুল টিচার,
দ্য স্টেট ইউনিভার্সিটি অব নিউইয়র্ক (জব ডেভেলপার); প্রাক্তন সাবস্টিটিউট টিচার,
নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন এবং
লেকচারার ইন অ্যাকাউন্টিং, এমএলআই, নিউইয়র্ক, কুইন্স।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

জ্যামাইকা, জ্যাকসন হাইট্স ও ব্রঙ্কস শাখা সপ্তাহে ০৭ দিনই খোলা থাকে

› আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
› আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
› আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
› আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
› আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে আপনার মোবাইল থেকে

Sonali Exchange Mobile App

ডাউনলোড করে রেজিষ্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

CORPORATE 212-808-0790 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002
BRONX 718-822-1081 | JAMAICA 347-644-5150 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

ভারতে 'তেলাপোকা পার্টি'র উত্থান মোদী সরকার পতনের

৩ পৃষ্ঠার পর

দেশের বেকার তরুণদের 'তেলাপোকা' ও 'পরজীবী'র সঙ্গে তুলনা করেছিলেন। এর ফল যে কী হতে পারে তা তিনি স্বপ্নেও ভাবেননি। বিচারপতির ওই তুলনা ভারতের সামাজিক যোগাযোগমাধ্যমে তরুণদের মধ্যে এক বিশাল বিক্ষোভের জন্ম দেয়। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ১২ বছরের শাসনামলে অনলাইনে এটিই হয়ে ওঠে সবচেয়ে বড় প্রতিবাদগুলোর অন্যতম।বিচারপতির বিতর্কিত মন্তব্যের পর, আম আদমি পার্টির (এএপি) সাবেক সোশ্যাল মিডিয়া কৌশলবিদ অভিজিৎ দিপকে এই শব্দটিকে হাতিয়ার করেন। ক্ষমতাসীন দল ভারতীয় জনতা পার্টি (বিজেপি)-এর নামের সঙ্গে ব্যঙ্গ করে তিনি গত ১৬ মে 'ককরোচ জনতা পার্টি' (সিজেপি) নামের ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগমাধ্যম অ্যাকাউন্ট তৈরি করেন। নিমেষেই তা ভাইরাল হয়।

মাত্র ২ দিনের মধ্যে এই দলে ৪০ হাজার সদস্য জুটে যায়। আর ৫ দিনের মধ্যেই অনলাইন অনুসারী হয় লাখ লাখ মানুষ। মূল ধারার গণমাধ্যমেরও নজর কাড়ে দলটি। ব্যতিক্রমধর্মী নাম, ভিন্নধর্মী প্রচার এবং ভাইরাল পোস্টারের মাধ্যমে তরুণদের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয় এই দল।

তেলাপোকার মতো প্রতিকূল পরিবেশে টিকে থাকার ক্ষমতা ও জীবনীশক্তিকে তরুণদের অবহেলিত জীবনের প্রতিচ্ছবি হিসেবে তুলে ধরেছে দলটি। সরকারের জবাবদিহিতা নিশ্চিত করা, কর্মসংস্থান সৃষ্টি এবং প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা এদের মূল দাবি।

এই দল এখন আর শুধু ভার্চুয়াল জগতে সীমাবদ্ধ নেই। পার্টির প্রতিষ্ঠাতা অভিজিৎ দিপকে যুক্তরাষ্ট্রের বোস্টনের জীবন ছেড়ে শনিবার ৬ জুন যখন দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে পা রেখেছেন, তখন তাকে স্বাগত জানাতে নগরের ঐতিহাসিক বিক্ষোভস্থল যন্তরমন্তরে হাজার হাজার তরুণের সমাগম ঘটেছে।

ভারতের কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগ দাবিতে নয়াদিল্লির মানমন্দির যন্তর মন্তরে বিক্ষোভ করেছে ককরোচ জনতা পার্টি-সিজেপি। নিট-ইউজি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস এবং শিক্ষা ব্যবস্থার সাম্প্রতিক বিভিন্ন কেলেঙ্কারির প্রতিবাদে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগের দাবিতে এ বিক্ষোভ ডাকা হয়। ককরোচ বা তেলাপোকা পার্টি তাদের অনলাইন আন্দোলনকে ভারতে মাঠ পর্যায়ে বাস্তবে রূপ দিতে পারে কি না- দিপকের উপস্থিতিতে এই প্রতিবাদ-বিক্ষোভ ছিল তার প্রথম পরীক্ষা। বেশিরভাগ তরুণই এই বিক্ষোভে অংশ নিয়েছে। ভারতে সামাজিক যোগাযোগমাধ্যমে শুরু হওয়া ব্যঙ্গাত্মক ও প্রতীকী আন্দোলন‌ককরোচ জনতা পার্ছি (সিজেপি) তরুণদের মধ্যকার গভীর হতাশার বহিঃপ্রকাশ ঘটিয়ে যেভাবে দ্রুতই বাস্তবে এমন রাজপথের আন্দোলনে রূপ নিয়েছে, তা মোদী সরকারের জন্য বড় অস্বস্তির কারণ হয়ে দাঁড়িয়েছে।

বিশাল এই তরুণ জনগোষ্ঠীর সোচ্চার হওয়া মোদীর জন্য দীর্ঘমেয়াদে সরকার পতনের হুমকি সৃষ্টিকারী এক বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াচ্ছে - 'দ্য টেলিগ্রাফ' এবং 'ব্লুমবার্গ' এর বিশ্লেষণী প্রতিবেদনে উঠে এসেছে এমন শঙ্কার কথাই। 'দ্য টেলিগ্রাফ' পত্রিকাকে দিপকে বলেছেন, রাষ্ট্রব্যবস্থার কাছে আমরা কেবলই ক্ষতিকর কীটপতঙ্গ। আমরা তুচ্ছ, সহজেই অবহেলা করা যায় এবং পুরোপুরি আবর্জনার মতো। কিন্তু তেলাপোকা সব পরিবেশেই টিকে থাকে। আপনারা আমাদের দমিয়ে রাখার চেষ্টা করতে পারেন, কিন্তু একেবারে মুছে ফেলতে পারবেন না।

তরুণদের কাছে আকর্ষণীয় এই আন্দোলনের দল আদতে নিবন্ধিত কোনও রাজনৈতিক দল হিসাবে মাঠে আসবে কিনা এবং নির্বাচনে লড়বে কিনা তা বলার সময় এখনও আসেনি। তবে দলটির প্রতিষ্ঠাতা দিপকে সিজেপি-কে এমন এক দল হিসাবে গড়ে তুলতে চান যারা চাপ সৃষ্টি করতে পারবে এবং সরকারকে জবাবদিহিতার মুখে রাখতে পারবে। দীপকে বলেন, তার দল 'অলস, বেকার ও চিরসত্যবাদীদের' প্রতিনিধিত্ব করে। ভারতের জনসংখ্যার অর্ধেকের বেশির বয়স ৩০ বছরের নিচে। এই তরুণদের উদ্বেগ-উৎকণ্ঠাই দলকে এগিয়ে নিচ্ছে। দেশের পরীক্ষাব্যবস্থায় চলমান সংকট এ তরুণদের ধৈর্যের বাঁধ ভেঙে দিয়েছে।

ভারতীয় জনতা পার্টি (বিজেপি) শুরুতে ককরোচ পার্টিকে 'অনলাইন স্টান্ট' বা 'বিরোধীদের ষড়যন্ত্র' বলে উড়িয়ে দিলেও মোদীর চেয়ে দ্বিগুণ অনলাইন ফলোয়ার, প্রভাবশালী নেতাদের সমর্থন এবং দিল্লির রাজপথে তেলাপোকা জোয়ার মোদী সরকারের দীর্ঘ ১২ বছরের রাজনৈতিক স্থিতিশীলতার ভিতকে টলিয়ে দেওয়ার শঙ্কা তৈরি করেছে।

টেক্সাসে গবাদিপশুর শরীরে মাংসখেকো পরজীবী

৫ পৃষ্ঠার পর

সেখানকার গবাদিপশু আমদানির ওপর সাময়িক নিষেধাজ্ঞা জারি করেছে কানাডা। এক বিজ্ঞপ্তিতে কানাডিয়ান ফুড ইনস্পেকশন এজেন্সি (সিএফআইএ) জানিয়েছে, সীমান্ত অতিক্রমের আগের ২১ দিনের মধ্যে টেক্সাসে অবস্থান করা গরু ও ঘোড়া আপাতত কানাডায় প্রবেশ করতে পারবে না। এর আগে যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ (ইউএসডিএ) জানায়, টেক্সাসে দ্বিতীয় একটি বাছুরের শরীরে ওই পরজীবীর উপস্থিতি শনাক্ত হয়েছে। যুক্তরাষ্ট্রের সবচেয়ে বৃহৎ গরু ও গরুর মাংস উৎপাদনকারী স্টেট টেক্সাসে সংক্রমণ ছড়িয়ে পড়ার আশঙ্কায় শুক্রবার দুর্যোগ পরিস্থিতি ঘোষণা করেন গভর্নর গ্রেগ অ্যাবট। তিনি বলেন, গ্রীষ্মজুড়ে এটি আরও ছড়িয়ে পড়ার আশঙ্কা রয়েছে। নিউ ওয়ার্ল্ড স্ক্রুওয়ার্ম' এক ধরনের পরজীবী মাছি। স্ত্রী মাছিগুলো জীবিত উষ্ণ রক্তের প্রাণী কিংবা মানুষের উন্মুক্ত ক্ষত ও শ্লেষ্মা ঝিল্লিতে ডিম পাড়ে। ডিম ফুটে বের হওয়া শত শত লার্ভা ধারালো মুখ দিয়ে মাংসের ভেতরে ঢুকে পড়ে। চিকিৎসা না করা হলে আক্রান্ত প্রাণী শেষ পর্যন্ত মারা যেতে পারে। কর্মকর্তারা গত বুধবার বলেছেন, টেক্সাসে গত ৬০ বছরে প্রথমবারের মতো এ পরজীবীর সংক্রমণ ধরা পড়েছে। প্রথমে তিন সপ্তাহ বয়সী একটি গরুর বাছুরের নাভির অংশে এ মাংসখেকো মাছির লার্ভা পাওয়া যায়। মেক্সিকো সীমান্ত থেকে প্রায় ৩০ মাইল দূরে লা প্রিয়র শহরে এ ঘটনা ঘটেছে।

পরে- দ্বিতীয় একটি সংক্রমণ শনাক্ত হয়েছে। সেখানে এক মাস বয়সী আরেকটি বাছুর আক্রান্ত ছিল। এ বাছুরের অবস্থান জাভালা কাউন্টিতে, যা প্রথম ঘটনাস্থল মাত্র ৫ দশমিক ৬ মাইল দূরে। যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ বলেছে, একাধিক সন্দেহজনক নমুনা পরীক্ষা করার সময় এসব তথ্য পাওয়া গেছে।

কৃষি বিভাগ আরও বলেছে, প্রথম ঘটনার পর ওই এলাকায় ২০ কিলোমিটার ব্যাসার্ধের একটি 'নিয়ন্ত্রণ অঞ্চল' তৈরি করা হয়েছে। সেখানে কড়াকড়ি, পশু চলাচল নিয়ন্ত্রণ ও নজরদারির ব্যবস্থা চালু করা হয়েছে।

MAX/IT REALTY

BUYING OR SELLING
ALL YOUR REAL ESTATE NEEDS

HELPING YOU MAKING THE RIGHT MOVE

MOHAMMAD ALI
Licensed Real Estate Agent
917-302-0443
Email: malimon10@gmail.com

MLS

Law Office of Bruce Fischer P.C.



H. Bruce Fischer
Attorney at Law
212-957-3634

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- কার এক্সিডেন্ট
- স্লিপ এন্ড ফল
- কর্মস্থল ও অফিসে দুর্ঘটনাসহ
- সকল প্রকার দুর্ঘটনার মামলায় সর্বোচ্চ ক্ষতিপুরণ পাওয়ার জন্য কল দিন

মোহাম্মদ এন, মজুমদার LLM
মাস্টার অব ল'(NY)
Bronx Office Manager

FREE CONSULT

বাঙালিদের জন্য ২৪ ঘন্টার হটলাইন
917-597-6349

Thinking about selling residential or commercial real estate?
আবাসিক বা বাণিজ্যিক রিয়েল এস্টেট বিক্রি করার কথা ভাবছেন?
Over 30 years of Experience in Real Estate
Please call 718-809-3809

আপনার প্রপার্টি যে কোন অবস্থায় থাক না কেন,আমরা বিক্রয় করতে বা ফোরক্লোজ থেকে রক্ষা করতে ১০০% সহায়তা করে থাকি।

COLDWELL BANKER AMERICAN HOMES
MLS

Coldwell banker American homes
Lic. Associate broker, GRI. ABR.CVR, RSSP..
Telephone 718-809-3809, 516-800-7442
Email :realestatebod@gmail.com

NYSAR Leadership Academy Class of 2012

Rob Choudhury
Fmr. Vice President,
Long Island Board of REALTORS® (LIBOR)
Board of Director,
NYS Association of REALTORS® (NYSAR)
Board of Director,
National Association of Realtors® (NAR)

চাটুকার-সিন্ডিকেটের এত

১ পৃষ্ঠার পর

দুষ্টচক্র। আবার একটি রাষ্ট্রকে নতুন করে জাগিয়ে তুলতেও হাজার হাজার মানুষের প্রয়োজন হয় না। কখনো কখনো একজন সৎ, সাহসী এবং নীতিবান কর্মকর্তাই হয়ে উঠতে পারেন পরিবর্তনের প্রতীক।

নরসিংদীর অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মাহমুদা বেগমকে ঘিরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ আজ সেই বাস্তবতাকেই নতুন করে সামনে নিয়ে এসেছে। কিন্তু এটি কেবল একজন কর্মকর্তার গল্প নয়। এটি বাংলাদেশের রাষ্ট্রব্যবস্থা, জনপ্রশাসন এবং দুর্নীতিবিরোধী লড়াইয়ের প্রকৃত চিত্র তুলে ধরার একটি আয়না।

ঢাকা-সিলেট মহাসড়ক উন্নয়ন প্রকল্পে জমি অধিগ্রহণকে কেন্দ্র করে দীর্ঘদিন ধরে সক্রিয় একটি শক্তিশালী দালাল সিন্ডিকেটের বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন মাহমুদা বেগম। অভিযোগ অনুযায়ী, তিনি নীতিমালাবহির্ভূত ক্ষতিপূরণ প্রদানের আবেদন বাতিল করেছেন, একের পর এক এলএ কেস পর্যালোচনা করেছেন এবং রাষ্ট্রের সম্ভাব্য অন্তত তিন হাজার কোটি টাকা অপচয় রোধ করেছেন। তিন হাজার কোটি টাকা- সংখ্যাটি কেবল একটি অর্থনৈতিক হিসাব নয়; এটি জনগণের করের অর্থ, রাষ্ট্রের সম্পদ এবং জাতীয় স্বার্থের প্রতীক। কিন্তু বিস্ময়করভাবে সেই কর্মকর্তা আজ প্রশংসার চেয়ে বেশি পেয়েছেন হয়রানি।

সরকারের হাজার হাজার কোটি টাকা বাঁচানোর পরও তিনি স্বস্তিতে নেই। বরং অভিযোগ উঠেছে, যে দুর্নীতির পথ তিনি বন্ধ করেছেন, সেই পথ পুনরায় খুলে দেওয়ার জন্যই তাকে সরিয়ে দেওয়ার চেষ্টা চলছে। আরও বিস্ময়ের বিষয় হলো, তাকে মাত্র ১৯ দিনের মধ্যে তিনবার বদলি করা হয়েছে।

এখানেই সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশ্ন হচ্ছে, ভূমিমন্ত্রী মিজানুর রহমান মিনু প্রকাশ্যে বলেছেন, তিনি মাহমুদা বেগমকে সুরক্ষা দেওয়ার জন্য নির্দেশনা দিয়েছেন। তিনি আরও জানিয়েছেন, খোদ প্রধানমন্ত্রী তারেক রহমান বিষয়টি মনিটরিং করছেন এবং প্রয়োজনীয় সহায়তা দেওয়ার নির্দেশ দিয়েছেন।

প্রধানমন্ত্রীর নির্দেশেই ভূমি মন্ত্রণালয় তদন্ত করছে। যদি তাই হয়, তাহলে প্রশ্ন হলোড়এরপরও তাকে তিনবার বদলি করার শক্তি এবং সাহস কারা পেল? কারা এত শক্তিশালী? কারা এত প্রভাবশালী?

কারা এমন ক্ষমতার অধিকারী, যারা একজন মন্ত্রীর অবস্থান, প্রধানমন্ত্রীর মনিটরিং এবং জনগণের স্বার্থকে উপেক্ষা করার সাহস দেখায়? তারা কারা? তারা কোথায়? তারা কি সত্যিই সরকারের ভেতরে অবস্থান করা সেই অদৃশ্য সিন্ডিকেট, যারা প্রতিটি সরকারের সময়ে রূপ বদলায় কিন্তু ক্ষমতা হারায় না? এই প্রশ্নগুলোর উত্তর জানা শুধু মাহমুদা বেগমের জন্য নয়; পুরো রাষ্ট্রব্যবস্থার জন্য জরুরি। কারণ বিষয়টি যদি সত্য হয়, তাহলে এটি কেবল দুর্নীতির প্রশ্ন নয়; এটি রাষ্ট্রক্ষমতার প্রশ্ন।

একদিকে প্রধানমন্ত্রী দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখছেন, অন্যদিকে সেই স্বপ্ন বাস্তবায়নে মাঠপর্যায়ে কাজ করা একজন কর্মকর্তা যদি বারবার হয়রানির শিকার হন, তাহলে কোথাও না কোথাও রাষ্ট্রের ভেতরেই একটি প্রতিরোধশক্তি কাজ করছে। বাংলাদেশের প্রশাসনিক ইতিহাসে এমন ঘটনা নতুন নয়। প্রতিটি সরকারের সময়েই এক ধরনের সুবিধাভোগী গোষ্ঠী গড়ে ওঠে। তারা সরকারের চেয়ে নিজেদের স্বার্থকে বড় মনে করে। তারা রাজনৈতিক ক্ষমতার ছায়ায় প্রশাসনিক ক্ষমতা ব্যবহার করে। তারা নিয়োগ, পদায়ন, বদলি এবং প্রকল্পের আর্থিক প্রবাহকে নিজেদের নিয়ন্ত্রণে রাখতে চায়।

সবচেয়ে ভয়ংকর বিষয় হলো, এরা কখনো প্রকাশ্যে আসে না। তারা সামনে থাকে না। তারা আড়ালে থাকে। কিন্তু তাদের প্রভাব থাকে সর্বত্র। নরসিংদীর ঘটনাটি যেন সেই অদৃশ্য শক্তির অস্তিত্বকেই আবারও সামনে নিয়ে এসেছে।

প্রতিবেদন অনুযায়ী, এক প্রভাবশালী ব্যক্তি নীতিমালাবহির্ভূত ক্ষতিপূরণের জন্য তদবির করেছিলেন। মাহমুদা বেগম তাকে সরাসরি 'না' বলে দেন। এরপর তাকে হুমকি দিয়ে বলা হয়েছিলড়"আপনার ক্ষমতা বেশি না আমার ক্ষমতা বেশি দেখতে পাবেন।"এই একটি বাক্যের মধ্যেই লুকিয়ে আছে বাংলাদেশের প্রশাসনিক সংকটের সবচেয়ে ভয়ংকর বাস্তবতা। একজন কর্মকর্তা যখন আইনকে অনুসরণ করেন, আর অন্য কেউ যখন ব্যক্তিগত প্রভাবকে আইনের উর্ধ্বে মনে করেনড়তখন সেখানে সংঘাত অনিবার্য হয়ে ওঠে। মাহমুদা বেগম সেই সংঘাতে আপস করেননি। তিনি আইনকে বেছে নিয়েছেন। রাষ্ট্রকে বেছে নিয়েছেন। জনগণের স্বার্থকে বেছে নিয়েছেন।

জাতিসংঘের ড্যাগ হ্যামারশোল্ড পদকে ভূষিত প্রয়াত ছয়

৫ পৃষ্ঠার পর

জাতিসংঘ শান্তিরক্ষী দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তাদের এ সম্মাননা প্রদান করা হয়। জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস নিহত শান্তিরক্ষীদের পক্ষ থেকে পদকগুলো জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত সালাউদ্দিন নোমান চৌধুরীর হাতে তুলে দেন। আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠায় তাদের সাহস, আত্মত্যাগ এবং নিষ্ঠার স্বীকৃতিস্বরূপ এ সম্মাননা প্রদান করা হয়। সম্মাননাপ্রাপ্ত শান্তিরক্ষীরা হলেন করপোরাল মো.

মাসুদ রানা, প্রাইভেট মো. জাহাঙ্গীর আলম, প্রাইভেট মো. সবুজ মিয়া, প্রাইভেট মো. মোমিনুল ইসলাম, প্রাইভেট শামীম রেজা এবং প্রাইভেট সান্তো মন্ডল। তারা ২০২৫ সালের ১৩ ডিসেম্বর জাতিসংঘের পতাকাতলে দায়িত্ব পালনকালে এক ড্রোন হামলায় নিহত হন। অনুষ্ঠানে জাতিসংঘ মহাসচিব ১৯৪৮ সাল থেকে দায়িত্ব পালনকালে নিহত প্রায় ৪,৫০০ শান্তিরক্ষীর স্মৃতির প্রতি সম্মান জানিয়ে এক মিনিট নীরবতা পালন করেন। তিনি বর্তমানে বিশ্বের বিভিন্ন মিশনে কর্মরত ৫০ হাজারেরও বেশি শান্তিরক্ষীর অবদানের কথাও তুলে ধরেন।

চলতি বছর ৩৩টি সদস্য রাষ্ট্রের ৬৮ জন সামরিক, পুলিশ ও বেসামরিক শান্তিরক্ষীকে মরণোত্তর ড্যাগ হ্যামারশোল্ড পদকে ভূষিত করা হয়। অনুষ্ঠান শেষে জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত সালাউদ্দিন নোমান চৌধুরী নিহত শান্তিরক্ষীদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে শোক বইতে স্বাক্ষর করেন।

উল্লেখ্য যে, ড্যাগ হ্যামারশোল্ড পদক ১৯৯৭ সালে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক প্রবর্তিত একটি মরণোত্তর সম্মাননা, যা জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে দায়িত্ব পালনকালে নিহত সামরিক, পুলিশ ও বেসামরিক সদস্যদের অবদান ও আত্মত্যাগের স্বীকৃতিস্বরূপ প্রদান করা হয়।

আদানি আবারও এশিয়ার শীর্ষ ধনী

৫ পৃষ্ঠার পর

উত্থানের ফলে তার সম্পদ একদিনেই প্রায় ২৫০ কোটি ডলার বেড়েছে। সাম্প্রতিক হিসাব অনুযায়ী, গৌতম আদানির মোট সম্পদের পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ৮ হাজার ৯২০ কোটি ডলারে। এর মাধ্যমে তিনি ভারতের শীর্ষ ধনকুবের মুকেশ আম্বানি এবং জাপানের প্রযুক্তি বিনিয়োগকারী মাসায়োশি সনকে পেছনে ফেলে এশিয়ার ধনী তালিকার শীর্ষস্থান দখল করেছেন। বর্তমানে মুকেশ আম্বানির সম্পদের পরিমাণ প্রায় ৮ হাজার ৮০০ কোটি ডলার এবং মাসায়োশি সনের সম্পদ প্রায় ৮ হাজার ৭০০ কোটি ডলার। বিশ্লেষকদের মতে, আদানি গোষ্ঠীর শেয়ারমূল্যের ধারাবাহিক বৃদ্ধি এই উত্থানের প্রধান কারণ। বিশেষ করে নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক প্রতিষ্ঠান আদানি গ্রিন এনার্জির শেয়ারের দাম একদিনেই প্রায় ৭ শতাংশ বেড়েছে। এছাড়া বিদ্যুৎ সঞ্চালন, বন্দর পরিচালনা, জ্বালানি ও অবকাঠামো খাতের অন্যান্য প্রতিষ্ঠানগুলোর শেয়ারও উল্লেখযোগ্যভাবে বেড়েছে। ফলে আদানি গোষ্ঠীর তালিকাভুক্ত ছয়টি প্রতিষ্ঠানের সম্মিলিত বাজারমূল্য প্রায় ১৯ হাজার ১০০ কোটি মার্কিন ডলারে পৌঁছেছে।

নিউইয়র্ক সিটি ইলেকট্রিশিয়ান

NASRIN CONTRACTING
FULL LICENCED @ INSURED
718-223-3856

আমরা যে সব কাজে পারদর্শি
- যে কোন ইলেকট্রিক বায়োলেশন রিমুভ
- সার্ভিস আপগ্রেট এবং নতুন
- ট্রাবল স্যুটিং এবং শটসার্কিট
- নিউওয়েরিং এবং পুরাতন ওয়েরিং
- ইলেকট্রিক আপগ্রেট
- সবধরনের লাইট, হায়হেট, সুইস আউট লাইট, নতুন ও আপগ্রেট
- সকল প্রকার ইলেকট্রিক কাজ করি
- রেসিডেন্টশিয়াল এবং কমার্শিয়াল

বিঃদ্রঃ কাউকে কাজ দিয়ে সমস্যায় আছেন অ-সমাপ্ত কাজ নিয়ে? নিশ্চিন্তে ফোন করুন। আপনার কাজ খুবই দায়িত্ব সহকারে শেষ করে বুঝিয়ে দিবো Inspection নিয়ে সমস্যা কল করুন

Nasrin Contracting Corp
116 Avenue C, Suite # 3C
Brooklyn, NY 11218
nysarker@gmail.com
nasrincontracting10@gmail.com
Visit Us : www.nasrincontractingcorp.com

Bankruptcy / Debt Solutions

- আমরা গ্যারান্টি সহকারে আপনার ক্রেডিট কার্ড বিল কমিয়ে দিতে পারি।
- মাত্র ১২ থেকে ৩৬ মাসে আপনি সম্পূর্ণভাবে দেনামুক্ত হতে পারবেন।

WE GUARANTEE TO REDUCE YOUR CREDIT CARD DEBT Upto 50%

BT & T Group LLC
37-12, 75th Street, Suite # 203
Jackson Heights, NY 11372
Phone : 917-832-7619
Fax : 718-425-9293

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

* ইমিগ্রেশন
* রিয়েল এস্টেট
* এক্সিডেন্ট
* ল্যান্ডলর্ড-টেনেন্ট
* ব্যাংক্রাপসি
* ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন:

মোহাম্মদ এ. আজিজ Esq.
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: (212)-695-0055, Fax: (212)-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001
ঢাকা এবং চট্টগ্রামে আইনগত সহযোগিতা প্রদান করা হয়।

CALL: 917 891 4952

বিশ্বকাপের ৯৬ বছর, নানা ঘটন-অঘটন

৩ পৃষ্ঠার পর

বিশ্বকাপ ফুটবল? প্রতি চার বছরে একবার পুরো পৃথিবী ভাষা, সংস্কৃতি ও সীমান্ত ভুলে একটি বলের পেছনে একত্রিত হয়। এ উৎসবের নামই বিশ্বকাপ। ফুটবলের সবচেয়ে বড় মঞ্চ। সবচেয়ে কাঙ্ক্ষিত ট্রফি। কোটি কোটি মানুষের আবেগের নাম বিশ্বকাপ। ১৯৩০ সালে যাত্রা শুরু হয়েছিল এ টুর্নামেন্টের। ২০২৬ সালে এসে বিশ্বকাপ পূর্ণ করল ৯৬ বছর। প্রায় এক শতকের এই যাত্রায় বিশ্বকাপ শুধু একটি ক্রীড়া প্রতিযোগিতা নয়, বিশ্ব সংস্কৃতি ও ইতিহাসের অংশ হয়ে উঠেছে।

প্রথম বিশ্বকাপ অনুষ্ঠিত হয়েছিল উরুগুয়ের মাটিতে। মাত্র ১৩টি দল অংশ নিয়েছিল সেই আসরে। স্বাগতিক উরুগুয়েই প্রথম চ্যাম্পিয়নের গৌরব অর্জন করে। তখন কেউ ভাবেনি, একদিন এ টুর্নামেন্ট পৃথিবীর সবচেয়ে জনপ্রিয় ক্রীড়া আসরে পরিণত হবে। বিশ্বকাপের ইতিহাসে সবচেয়ে সফল দল ব্রাজিল। পাঁচবার বিশ্বচ্যাম্পিয়ন হয়েছে তারা। ১৯৫৮ সালে তরুণ পেলের আবির্ভাব বিশ্বকাপকে নতুন মাত্রা দেয়। পরবর্তীতে তিনি হয়ে ওঠেন ফুটবলের সর্বকালের অন্যতম সেরা তারকা।

বিশ্বকাপের ইতিহাসে আরও কিছু নাম কিংবদন্তিতে পরিণত হয়েছে।

দিয়েগো ম্যারাডোনা ১৯৮৬ সালে আর্জেন্টিনাকে শিরোপা জিতিয়েছিলেন প্রায় একক নৈপুণ্যে। আর আধুনিক যুগে লিওনেল মেসি ও ক্রিস্টিয়ানোর মতো তারকারা বিশ্বকাপের জনপ্রিয়তা কেবল বাড়িয়েছেন। বিশ্বকাপ ট্রফি জয়ের তালিকায় ব্রাজিলের পরই যৌথভাবে আছে জার্মানি ও ইতালি। দুটি দলই চারবার করে বিশ্বকাপ জয় করেছে। এপর আর্জেন্টিনা (তিনবার), ফ্রান্স (দুবার), উরুগুয়ে (দুবার), ইংল্যান্ড (একবার) এবং স্পেন (একবার)।

বিশ্বকাপ শুধু সাফল্যের গল্প নয়, বেদনার গল্পও। ১৯৫০ সালে মারাকানার ট্র্যাজেডি, ১৯৭৪ সালে ইয়োহান ক্রুইফের স্বপ্নভঙ্গ, ২০১৪ সালে ফাইনালে মেসির পরাজয়, এসব মুহূর্তও ইতিহাসের অংশ হয়ে আছে। জাস্ট ফন্টেইনের এক আসরে ১৩ গোল, লেভ ইয়াশিনের অবিশ্বাস্য গোলকিপিং আর বিশ্বকাপ ফাইনালে জিওফ হার্স্ট ও কিলিয়ান এমবাপ্পের হ্যাটট্রিক। বিশ্বকাপ মানে পুরো পৃথিবীর এক হয়ে যাওয়া। সংস্কৃতির মেলবন্ধন তৈরি হওয়া। হাজার হাজার মাইল দূরের দেশ আর্জেন্টিনা, ব্রাজিলের পতাকা বাংলাদেশে। বিশ্বকাপের ফ্যান জোনে বিশ্বের মানুষ নিজেদের সংস্কৃতি নিয়ে উপস্থিত হয়। কেউ গান গায়, কেউ নেচে বেড়ায় কেউবা মদ খেয়ে মাতাল হয়ে পড়ে থাকে। আবার কেউ নীরবে-নিশ্চুপে ফুটবলের আনন্দ উপভোগ করে।

গত ৯৬ বছরে বিশ্বকাপে নানা পরিবর্তন এসেছে। প্রযুক্তির ব্যবহারেও এসেছে বড় পরিবর্তন। একসময় সাদা-কালো টেলিভিশনে দেখা ম্যাচ এখন বিশ্বের প্রায় প্রতিটি প্রান্তে উচ্চমানের সম্প্রচারে পৌঁছে যায়। সাম্প্রতিক বছরগুলোতে ভিএআর প্রযুক্তি রেফারিংয়ে নতুন মাত্রা যোগ করেছে। বিশ্বকাপের পরিধিও বেড়েছে সময়ের সঙ্গে। ১৯৩০ সালে ১৩ দল দিয়ে শুরু হওয়া প্রতিযোগিতায় এখন অংশ নিচ্ছে ৪৮টি দল। ২০২৬ সালের আসর হবে ইতিহাসের সবচেয়ে বড় বিশ্বকাপ।

এ ৯৬ বছরে বিশ্বকাপ অসংখ্য নায়ক জন্ম দিয়েছে। অসংখ্য স্বপ্ন ভেঙেছে। আবার নতুন স্বপ্নও তৈরি করেছে। প্রতি চার বছর পরপর পৃথিবী যেন এক সুতোয় গাঁথা পড়ে ফুটবলের এ মহোৎসবে। ৯৬ বছরের বিশ্বকাপ ইতিহাস শিখিয়েছে ফুটবলে কিছুই অসম্ভব নয়। একটি গোল বদলে দিতে পারে একটি দেশের ইতিহাস। একটি ম্যাচ তৈরি করতে পারে নতুন কিংবদন্তি। আর সেই কারণেই বিশ্বকাপ শুধু একটি টুর্নামেন্ট নয়; এটি বিশ্ববাসীর সবচেয়ে বড় ক্রীড়া উৎসব।

শতবর্ষের পথে এগিয়ে চলা বিশ্বকাপ এখনো একই রকম রোমাঞ্চকর। একই রকম আকর্ষণীয়। আর সেই আকর্ষণই প্রতি চার বছর পর পৃথিবীকে আবারও ফুটবলের প্রেমে ডুবিয়ে দেয়। পেলে বলেছিলেন, 'বিশ্বকাপই ভালো খেলোয়াড় আর মহান খেলোয়াড়ের মধ্যে পার্থক্য নির্ধারণ করে।' বিশ্বকাপ ট্রফির স্পর্শ একজন সাধারণ ফুটবলারকেও কিংবদন্তি করে তোলে। এবারের বিশ্বকাপে কে হবেন কিংবদন্তি? কার হাত স্পর্শ করবে বিশ্বকাপের সোনালি ট্রফি?

বিশ্বকাপের প্রতিটি গল্পের আড়ালে থাকেন যিনি

১ পৃষ্ঠার পর

ছোট্ট গ্রাম থ্যুলেতে জন্ম রিমের। তিনি কোনো অভিজাত পরিবারে জন্ম নেননি। পরবর্তীতে তার পরিবার জীবিকার সন্ধানে প্যারিসে চলে আসে। সেখানে তিনি গড়ে তোলেন একেবারে সাধারণ একটি জীবন। পেশায় ছিলেন আইনজীবী।

২০২২ সালে কাতারে লিওনেল মেসি যখন বিশ্বকাপ ট্রফিটি হাতে নিলেন, সেই মুহূর্তটা মনে আছে? কয়েক মুহূর্তের জন্য যেন থমকে গিয়েছিল পুরো পৃথিবী। একই দৃশ্য দেখা গিয়েছিল পেলের সময়। ম্যারাডোনার সময়। প্রতিটি বিশ্বকাপের গল্পের আড়ালে লুকিয়ে আছেন এমন একজন মানুষ, যার নাম অধিকাংশ ফুটবলপ্রেমীই জানেন না।

তিনি কখনো বিশ্বকাপে খেলেননি। কখনো গোল করেননি। ফুটবল সুপারস্টারও ছিলেন না। তবুও, তিনি না থাকলে হয়তো বিশ্বকাপ বলে কিছুই থাকত না। তার নাম জুলে রিমে।

এ গল্প বুঝতে হলে আমাদের ফিরে যেতে হবে এক এমন সময়ে, যখন টেলিভিশন ছিল না। বৈশ্বিক ক্রীড়া সাম্রাজ্য বলে কিছু ছিল না। মহাসাগর পাড়ি দিতে লাগত সপ্তাহের পর সপ্তাহ। ১৮৭৩ সালে ফ্রান্সের ছোট্ট গ্রাম থ্যুলেতে জন্ম রিমের। তিনি কোনো অভিজাত পরিবারে জন্ম নেননি। পরবর্তীতে তার পরিবার জীবিকার সন্ধানে প্যারিসে চলে আসে। সেখানে তিনি গড়ে তোলেন একেবারে সাধারণ একটি জীবন। পেশায় ছিলেন আইনজীবী।

১৯ শতকের শেষভাগে ইউরোপজুড়ে দ্রুত জনপ্রিয় হয়ে উঠছিল ফুটবল। কিন্তু সেই সময়ের অনেক ক্লাবই ছিল শ্রেণিবিভাজনের প্রতিচ্ছবি। কোথাও শুধু ধনীদের প্রবেশাধিকার, কোথাও নির্দিষ্ট সামাজিক গোষ্ঠীর আধিপত্য। এই ধারণার বিরোধী ছিলেন জুলে রিমে। ১৮৯৭ সালে তিনি প্যারিসে প্রতিষ্ঠা করেন 'রেড স্টার ফুটবল ক্লাব'। তার দর্শন ছিল একেবারে সরলড় ফুটবল সবার জন্য।

এর পর ইতিহাস তার জীবনে নিয়ে আসে এক নির্মম মোড়। ১৯১৪ সালে শুরু হয় প্রথম বিশ্বযুদ্ধ। লাখ লাখ মানুষ প্রাণ হারায়। ধ্বংসস্তূপে পরিণত হয় অসংখ্য শহর।

জুলে রিমে তখন ফরাসি সেনাবাহিনীতে দায়িত্ব পালন করছিলেন এবং খুব কাছ থেকে প্রত্যক্ষ করেন যুদ্ধের বিভীষিকা। তিনি দেখেছিলেন, কীভাবে একসময়ের প্রতিবেশী ও বন্ধু রাষ্ট্রগুলো মুহূর্তেই পরিণত হতে পারে একে অপরের শত্রুতে। অনেকেই যুদ্ধ শেষে পৃথিবীর ভবিষ্যৎ নিয়ে হতাশ হয়ে পড়েছিলেন। রিমে ঠিক উল্টোটা ভাবলেন। তিনি বিশ্বাস করতেন খেলা মানুষের মধ্যে নতুন ধরনের সম্পর্ক গড়ে তুলতে পারে। এবং ফুটবল পারে সীমান্তের দেয়াল ভাঙতে। পারে ভিন্ন জাতি, ভাষা ও সংস্কৃতির মানুষকে একই মঞ্চে দাঁড় করাতে।

১৯২১ সালে তিনি ফিফার সভাপতি নির্বাচিত হন। আজকে ফিফা পৃথিবীর অন্যতম শক্তিশালী ক্রীড়া প্রতিষ্ঠান। কিন্তু তখনকার ফিফা ছিল সম্পূর্ণ ভিন্ন। আন্তর্জাতিক ফুটবল ছিল বিচ্ছিন্ন। দেশগুলোর মধ্যে যোগাযোগ ছিল সীমিত। ভ্রমণ ছিল ব্যয়বহুল। আর বিশ্বব্যাপী কোনো ফুটবল চ্যাম্পিয়নশিপই ছিল না। অলিম্পিক গেমসে ফুটবল খেলা হতো ঠিকই, কিন্তু রিমে বিশ্বাস করতেন, ফুটবলের জন্য দরকার নিজস্ব একটি বৈশ্বিক আসর।

কিন্তু তার এ স্বপ্ন সহজে গ্রহণ করেনি কেউ। অনেকে এটিকে অবাস্তব বলেছিলেন। কেউ কেউ বলেছিলেন, এমন উদ্যোগ আর্থিকভাবে টিকবে না।

আবার কেউ প্রশ্ন তুলেছিলেন, মহাদেশ পেরিয়ে দলগুলো আদৌ অংশ নিতে রাজি হবে কিনা। কিন্তু রিমে হাল ছাড়েননি। বছরের পর বছর ধরে তিনি আলোচনা করেছেন, সমর্থন আদায় করেছেন। প্রত্যাখ্যানের পর প্রত্যাখ্যান এসেছে। তবুও তিনি থামেননি।

অবশেষে ১৯২৯ সালে ফিফা বিশ্বকাপ আয়োজনের সিদ্ধান্ত অনুমোদন করে। জন্ম নেয় ফুটবল ইতিহাসের সবচেয়ে বড় স্বপ্ন- ফিফা বিশ্বকাপ। ১৯৩০ সালে উরুগুয়েতে আয়োজিত প্রথম বিশ্বকাপ শুরুর আগেই প্রায় ভেস্তে যাওয়ার উপক্রম হয়েছিল। ইউরোপের অনেক দেশ অংশ নিতে অনাগ্রহ দেখায়। মহাসাগর পাড়ি দিয়ে যেতে হতো জাহাজে। শেষ পর্যন্ত মাত্র ১৩টি দল অংশ নিয়েছিল সেই বিশ্বকাপে। মাত্র তেরোটি।

সেবার রিমে নিজে বিশ্বকাপ ট্রফিটি নিয়ে জাহাজে করে আটলান্টিক মহাসাগর পাড়ি দিয়েছিলেন। যে মানুষটি বিশ্বকাপের স্বপ্ন দেখেছিলেন, তিনিই নিজের হাতে সেই স্বপ্নের প্রতীককে বহন করে নিয়ে যাচ্ছেন অন্য মহাদেশে। তার সামনে কোনো নিশ্চয়তা ছিল না। শুধু ছিল অটল বিশ্বাস। ফুটবল সফলতা পাবেই।

পরবর্তী কয়েক দশকে ফুটবল ছড়িয়ে পড়ে সারা পৃথিবীতে। নতুন নতুন দেশ ফিফায় যোগ দেয়। আন্তর্জাতিক ফুটবল ধীরে ধীরে সত্যিকারের বৈশ্বিক রূপ নিতে শুরু করে। ১৯৫৪ সালে ফিফার সভাপতির পদ ছাড়ার সময় পর্যন্ত জুলে রিমে একটি সীমিত ইউরোপীয় সংগঠনকে রূপ দিয়েছিলেন বিশ্বব্যাপী এক প্রতিষ্ঠানে। দুই বছর পর, ১৯৫৬ সালে তিনি মৃত্যুবরণ করেন। তার বয়স হয়েছিল ৮৩ বছর।

জুলে রিমে কখনো পেলের বিশ্বজয় দেখেননি। ম্যারাডোনার জাদু দেখেননি। মেসির বিশ্বকাপ জয় দেখেননি। দেখেননি বিলিয়ন মানুষের সামনে সম্প্রচারিত বিশ্বকাপ। দেখেননি পৃথিবীর প্রায় প্রতিটি দেশে ফুটবলের বিস্তার। কিন্তু তিনি যে বীজটি রোপণ করেছিলেন, সেখান থেকেই জন্ম নিয়েছে এই বিশাল বৃক্ষ। আজ যখন বিশ্বকাপ শুরু হয়, আমরা খেলোয়াড়দের গল্প দেখি। কিন্তু সেই গল্পগুলোর অনেক গভীরে লুকিয়ে আছে আরেকটি গল্প। একজন ফরাসি আইনজীবীর গল্প। যিনি বিশ্বাস করেছিলেন, একটি ফুটবল টুর্নামেন্ট পৃথিবীকে আরো কাছাকাছি নিয়ে আসতে পারে।

তারিখ	গ্রুপ	ম্যাচ	ভেন্যু	নিউইয়র্ক সময়
জুন ১১	এ	মেক্সিকো-দক্ষিণ আফ্রিকা	মেক্সিকো সিটি	বিকাল ৩টা
জুন ১১	এ	দক্ষিণ কোরিয়া-চেক প্রজাতন্ত্র	গুয়াদালহারা	রাত ১০ টা
জুন ১২	বি	কানাডা-বসনিয়া	টরন্টো	বিকাল ৩টা
জুন ১২	ডি	যুক্তরাষ্ট্র-প্যারাগুয়ে	লস অ্যাঞ্জেলেস	রাত ৯টা
জুন ১৩	বি	কাতার-সুইজারল্যান্ড	সান ফ্রান্সিসকো	বিকাল ৩টা
জুন ১৩	সি	ব্রাজিল-মরক্কো	নিউইয়র্ক-নিউজার্সি	সন্ধ্যা ৬টা
জুন ১৩	সি	হাইতি-স্কটল্যান্ড	বোস্টন	রাত ৯টা
জুন ১৪	ডি	অস্ট্রেলিয়া-তুরস্ক	ভ্যাঙ্কুভার	রাত ১২ টা
জুন ১৪	ই	জার্মানি-কুরাসাও	হিউস্টন	দুপুর ১টা
জুন ১৪	এফ	নেদারল্যান্ডস-জাপান	ডালাস	বিকাল ৪টা
জুন ১৪	ই	আইভরিকোস্ট-ইকুয়েডর	ফিলাডেলফিয়া	সন্ধ্যা ৭টা
জুন ১৪	এফ	সুইডেন-তিউনিসিয়া	মন্তেরেই	রাত ১০টা
জুন ১৫	এইচ	স্পেন-কেপ ভার্দে	আটলান্টা	দুপুর ১২টা
জুন ১৫	জি	বেলজিয়াম-মিসর	সিয়াটল	বিকাল ৩টা
জুন ১৫	এইচ	সৌদি আরব-উরুগুয়ে	মায়ামি	বিকাল ৬টা
জুন ১৫	জি	ইরান-নিউজিল্যান্ড	লস অ্যাঞ্জেলেস	রাত ৯টা
জুন ১৬	আই	ফ্রান্স-সেনেগাল	নিউইয়র্ক-নিউজার্সি	বিকাল ৩টা
জুন ১৬	আই	ইরাক-নরওয়ে	বোস্টন	বিকাল ৬টা
জুন ১৬	জে	আর্জেন্টিনা-আলজেরিয়া	কানসাস সিটি	রাত ৯টা
জুন ১৭	জে	অস্ট্রিয়া-জর্ডান	সান ফ্রান্সিসকো	রাত ১২টা
জুন ১৭	কে	পর্তুগাল-গণপ্রজাতন্ত্রী কঙ্গো	হিউস্টন	দুপুর ১টা
জুন ১৭	এল	ইংল্যান্ড-ক্রোয়েশিয়া	ডালাস	বিকল ৪টা
জুন ১৭	এল	ঘানা-পানামা	টরন্টো	সন্ধ্যা ৭টা
জুন ১৭	কে	উজবেকিস্তান-কলম্বিয়া	মেক্সিকো সিটি	রাত ১০টা
জুন ১৮	এ	চেক প্রজাতন্ত্র-দক্ষিণ আফ্রিকা	আটলান্টা	দুপুর ১২টা
জুন ১৮	বি	সুইজারল্যান্ড-বসনিয়া	লস অ্যাঞ্জেলেস	বিকাল ৩টা
জুন ১৮	বি	কানাডা-কাতার	ভ্যাঙ্কুভার	বিকাল ৬টা
জুন ১৮	এ	মেক্সিকো-দক্ষিণ কোরিয়া	গুয়াদালহারা	রাত ৯টা
জুন ১৯	ডি	যুক্তরাষ্ট্র-অস্ট্রেলিয়া	সিয়াটল	দুপুর ৩টা
জুন ১৯	সি	স্কটল্যান্ড-মরক্কো	বোস্টন	বিকাল ৬টা
জুন ১৯	সি	ব্রাজিল-হাইতি	ফিলাডেলফিয়া	রাত ৮.৩০
জুন ১৯	ডি	তুরস্ক-প্যারাগুয়ে	সান ফ্রান্সিসকো	রাত ১১টা
জুন ২০	এফ	নেদারল্যান্ডস-সুইডেন	হিউস্টন	দুপুর ১টা
জুন ২০	ই	জার্মানি-আইভরিকোস্ট	টরন্টো	বিকাল ৪টা
জুন ২০	ই	ইকুয়েডর-কুরাসাও	কানসাস সিটি	রাত ৮টা
জুন ২১	এফ	তিউনিসিয়া-জাপান	মন্তেরেই	রাত ১২টা
জুন ২১	এইচ	স্পেন-সৌদি আরব	আটলান্টা	দুপুর ১২টা
জুন ২১	জি	বেলজিয়াম-ইরান	লস অ্যাঞ্জেলেস	বিকাল ৩টা
জুন ২২	এইচ	উরুগুয়ে-কেপ ভার্দে	মায়ামি	সন্ধ্যা ৬টা
জুন ২১	জি	নিউজিল্যান্ড-মিসর	ভ্যাঙ্কুভার	রাত ৯টা
জুন ২২	জে	আর্জেন্টিনা-অস্ট্রিয়া	ডালাস	দুপুর ১টা
জুন ২২	আই	ফ্রান্স-ইরাক	ফিলাডেলফিয়া	বিকাল ৫টা
জুন ২২	আই	নরওয়ে-সেনেগাল	নিউইয়র্ক-নিউজার্সি	রাত ৮টা
জুন ২২	জে	জর্ডান-আলজেরিয়া	সান ফ্রান্সিসকো	রাত ১১টা
জুন ২৩	কে	পর্তুগাল-উজবেকিস্তান	হিউস্টন	দুপুর ১টা
জুন ২৩	এল	ইংল্যান্ড-ঘানা	বোস্টন	বিকাল ৪টা
জুন ২৩	এল	পানামা-ক্রোয়েশিয়া	টরন্টো	সন্ধ্যা ৭টা
জুন ২৩	কে	কলম্বিয়া-গণপ্রজাতন্ত্রী কঙ্গো	গুয়াদালাহারা	রাত ১০টা
জুন ২৪	বি	কানাডা-সুইজারল্যান্ড	ভ্যাঙ্কুভার	বিকাল ৩টা
জুন ২৪	বি	বসনিয়া-কাতার	সিয়াটল	বিকাল ৩টা
জুন ২৪	সি	স্কটল্যান্ড-ব্রাজিল	মায়ামি	বিকাল ৬টা
জুন ২৪	সি	মরক্কো-হাইতি	আটলান্টা	সন্ধ্যা ৬টা
জুন ২৪	এ	মেক্সিকো-চেক প্রজাতন্ত্র	মেক্সিকো সিটি	রাত ৯টা
জুন ২৪	এ	দক্ষিণ কোরিয়া-দ. আফ্রিকা	মন্তেরেই	রাত ৯টা
জুন ২৫	ই	ইকুয়েডর-জার্মানি	নিউইয়র্ক-নিউজার্সি	বিকাল ৪টা
জুন ২৫	ই	কুরাসাও-আইভরিকোস্ট	ফিলাডেলফিয়া	রাত ২টা
জুন ২৫	এফ	জাপান-সুইডেন	ডালাস	সন্ধ্যা ৭টা
জুন ২৫	এফ	তিউনিসিয়া-নেদারল্যান্ডস	কানসাস সিটি	সন্ধ্যা ৭টা
জুন ২৫	ডি	যুক্তরাষ্ট্র-তুরস্ক	লস অ্যাঞ্জেলেস	রাত ১০টা
জুন ২৫	ডি	প্যারাগুয়ে-অস্ট্রেলিয়া	সান ফ্রান্সিসকো	রাত ১০টা
জুন ২৬	আই	নরওয়ে-ফ্রান্স	বোস্টন	দুপুর ৩টা
জুন ২৬	আই	সেনেগাল-ইরাক	টরন্টো	দুপুর ৩টা
জুন ২৬	এইচ	উরুগুয়ে-স্পেন	গুয়াদালাহারা	রাত ৮টা
জুন ২৬	এইচ	কেপ ভার্দে-সৌদি আরব	হিউস্টন	রাত ৮টা
জুন ২৬	জি	নিউজিল্যান্ড-বেলজিয়াম	ভ্যাঙ্কুভার	রাত ১১টা
জুন ২৬	জি	মিসর-ইরান	সিয়াটল	রাত ১১টা
জুন ২৭	এল	পানামা-ইংল্যান্ড	নিউইয়র্ক-নিউজার্সি	বিকাল ৫টা
জুন ২৭	এল	ক্রোয়েশিয়া-ঘানা	ফিলাডেলফিয়া	বিকাল ৫টা
জুন ২৭	কে	কলম্বিয়া-পর্তুগাল	মায়ামি	সন্ধ্যা ৭.৩০ মি.
জুন ২৭	কে	গণপ্রজাতন্ত্রী কঙ্গো-উজবেকিস্তান	আটলান্টা	সন্ধ্যা ৭.৩০ মি.
জুন ২৮	জে	জর্ডান-আর্জেন্টিনা	ডালাস	রাত ১০ টা
জুন ২৮	জে	আলজেরিয়া-অস্ট্রিয়া	কানসাস সিটি	রাত ১০টা

মা-বাবাকে ভুলিয়ে দেওয়া

৬ পৃষ্ঠার পর

বাবার-মা সন্তানকে যে সফলতার স্বপ্নচূড়ায় দেখতে চান, তাদের তিন ছেলেই সেই চূড়া স্পর্শ করেছে। কিন্তু ক্যারিয়ারের পেছনে ছুটতে ছুটতে মা বেঁচে আছেন না মরে গেছেন, সেই খোঁজ নেওয়ার সুযোগটুকুও সন্তানদের হয়নি। বস্তুগত সফলতার অসারতা তুলে ধরে তিনি আরও লেখেন, যে সফলতা বাবা-মার ভালোবাসাকে ভুলিয়ে দেয়, যে সফলতা মৃত্যুর সময় মায়ের মাথার কাছে এক আঁজলা পানি নিয়ে বসার ফুরসত দেয় না, আমাদের প্রয়োজন নেই এমন সফলতার।

তিনি সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানিয়ে বলেন, দীন, মূল্যবোধ, নৈতিকতা এবং মানুষ হওয়ার শিক্ষাকে পাশ কাটিয়ে যতদিন আমরা শুধু বৈষয়িক সফলতার পেছনে ছুটব, ততদিন এই ধরনের অনাকঙ্ক্ষিত ঘটনা আমাদের দেখে যেতে হবে।

ধর্ষণ, মাদক, ছিনতাই

৬ পৃষ্ঠার পর

আসে হাতের মুঠোয়।

নেশার টাকা সঠিক সময়ে যোগাড় করতে না পেরে নেশায় আসক্ত ব্যক্তিরা ঢুকে পড়ছে ভয়াবহ অপরাধ জগতে। নেশার টাকার জন্য সামান্য চুন থেকে পান খসলেই খুনখারাবিতে জড়িয়ে পড়ছে মাদকাসক্তরা। ঘরে -বাইরে খুনখারাবি করছে। এছাড়াও চুরি, ছিনতাই, ডাকাতিসহ নানা ধরনের অপরাধপ্রবণতা দিনদিন বেড়েই চলছে। এসব ভয়ংকর অপরাধীরা জামিনে যেন দ্রুত বের না হয়ে; নানা ধরনের অপরাধ কর্মকাণ্ডে জড়িয়ে না পড়েন সে বিষয়টি বিবেচনা করতে হবে সরকারের সংশ্লিষ্ট দপ্তরকে।

বাজেট ছোট না বড় সেটি মূল

৬ পৃষ্ঠার পর

বাড়ছে না, ব্যয়ের গুণগত মানও বাড়ছে না। আর্থিক খাতে শৃঙ্খলার অভাব ও দুর্বলতা একটি বড় চ্যালেঞ্জ। এরপর আছে জ্বালানি সংকট। কিছুটা বৈশ্বিক কারণে, কিছুটা আমাদের অভ্যন্তরীণ নীতির কারণে আমরা এ সংকটের মধ্যে আছি।

বাজেটের আকার নিয়ে প্রতি বছরই অনেক আলোচনা হয়। এ বছরও বলা হচ্ছে বড় বাজেট আসছে, প্রায় ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার। আর যখন বাজেটের আকার বলা হয়, তখন প্রশ্ন আসে টাকাটা কোথা থেকে আসবে। আমি প্রথমেই বলতে চাই, বাজেটের আকার নিয়ে আমার তেমন মাথাব্যথা নেই। কারণ আমরা একটি উদীয়মান অর্থনীতি, সামনে এগোতে চাই। আমাদের চাহিদাও অনেক। যেমন রাস্তাঘাট, কানেক্টিভিটি, জ্বালানি প্রয়োজন, তেমনি শিক্ষা ও স্বাস্থ্য খাতেও প্রয়োজন রয়েছে। সুতরাং অনেক খাতেই বরাদ্দ দিতে হবে।

দ্বিতীয়ত, একটি রাজনৈতিক সরকার এসেছে, তারা অনেক প্রতিশ্রুতি দিয়েছে। কিন্তু জনগণের জন্য বাজেট ছোট না বড় সেটি মূল বিষয় নয়; বাস্তবায়নের বিষয়টি গুরুত্বপূর্ণ। দেখেন, অন্তর্বর্তী সরকারের সময় একটি সংকোচনমূলক বাজেট দেয়ার চেষ্টা করা হয়েছিল। কারণ মূল্যস্ফীতি বেশি ছিল এবং তারা একটি নির্দিষ্ট সময়ের জন্য দায়িত্বে ছিল। অনেক প্রকল্পকে অগ্রাধিকার দিতে হয়েছে, আবার টাকাও ছিল না। একদিকে মূল্যস্ফীতি কমানোর জন্য সংকোচনমূলক মুদ্রানীতি ব্যবহার করা হচ্ছে, অন্যদিকে যদি রাজস্বনীতি খুব সম্প্রসারণমূলক হয়ে যায়, তাহলে সমস্যা। এসব বিবেচনায় তারা ওই ধরনের বাজেট করেছিল। কিন্তু দেখেন, সেখানেও বাস্তবায়ন খুব ভালো হয়নি। অনেক কম হয়েছে। তাই মূল বিষয় হচ্ছে ব্যয় করার সক্ষমতা বাড়ানো। দ্বিতীয় বিষয় হলো, শুধু ব্যয় করলেই হবে না। সেই ব্যয় থেকে কী পেলাম, কতখানি অপচয় হলো, কতখানি দুর্নীতি হলো, কতখানি রিটার্ন এল, সেগুলো দেখতে হবে। ব্যয়ের ক্ষেত্রে এগুলোই গুরুত্বপূর্ণ।

ড. ফাহমিদা খাতুন

Wasi Choudhury & Associates LLC
INCOME TAX • ACCOUNTING • TAX AUDIT • BUSINESS SET UP
Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সাবেক সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্ক
Member: naea NYSSEA IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER
Cell: 718-440-6712
Tel: 718-205-3460, Fax: 718-205-3475
Email: wasichoudhury1@gmail.com

37-22, 61st Street, 1st FL, Woodside, NY 11377

BECOME A REALTOR
রিয়েল এষ্টেট পেশায় আসুন
Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !
মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন
YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:
Pass Real Estate Exam
[Salesperson in New York State]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়
Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%
Real Estate Productivity Coaching

Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

বাড়ী ক্রয়-বিক্রয় এবং লোন পেতে
বিশ্বস্ত রিয়েলটরের সেবা নিন
•Residential •Commercial • Investment
•Foreclosures •Auctions • Co-Op & Condo
•Short Sale •Hud • Rentals
•Bank Owned/ REO Properties
List Your Property Faster with TOP $$$
Free Market Analysis
Consultation

Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor
realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite. 202
Jackson Heights, NY-11370
realtorhoque64 AzizulH48770125
azizul-hoque-880064245

Foot Specialist
ALAM PODIATRY
পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
70-17 37 Ave, Jackson Heights, NY 11372
166-05 Highland Ave, Suite L1, Jamaica, NY 11432
OUR SERVICES
Diabetic Foot Exam
Heel Injection
Ingrown Toenail
Fungal Toensails
Fracture Management
Diabetic Shoes
Foot Surgery
Vascular and nerve Testing
On-site X-ray Avaialbe
We Accept all Major insurance Plan
Dr, Sadi Alam, DPM
নিউ ইয়র্কে বাংলাদেশি চিকিৎসকের পরামর্শ নিন


CONTACT US
347-509-4470
www.alampodiatry.com
Accepting New Patients

নিউইয়র্ক স্টেট থেকে ৪৫ হাজার ডলার অনুদান পেয়েছে

৪০ পৃষ্ঠার পর

সংগঠন হিসেবে নিউইয়র্ক স্টেট থেকে ৪৫ হাজার ডলার অনুদান পেয়েছে। অ্যাসেম্বলী ডিষ্ট্রিক্ট-৩৮ এর নির্বাচিত সদস্য জেনিফার রাজকুমারের উদ্যোগ ও সহযোগিতায় প্রথমবারের মতো সোসাইটি এই অনুদান লাভ করে। প্রাপ্ত অনুদানের চেক জেনিফার নিজেই বাংলাদেশ সোসাইটির কর্মকর্তাদের কাছে হস্তান্তর করেছেন। খবর ইউএনএ'র।

হস্তান্তর উপলক্ষ্যে রোববার (৭ জুন) সন্ধ্যায় কুইন্সের এলমহার্স্টস্থ সোসাইটির নিজস্ব কার্যালয়ে আয়োজিত এক অনাড়ম্বর অনুষ্ঠানের আয়োজন করা হয়। সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠান সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী।

অ্যাসেম্বলীওম্যান জেনিফার রাজকুমার অনুষ্ঠানে তার সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, নিউইয়র্ক তথা আমেরিকার মূলধারার রাজনীতিতে বাংলাদেশী কমিউনিটি এগিয়ে যাচ্ছে। এই কমিউনিটির অব্যাহত সমর্থন ও সহযোগিতায় আমি অভিভূত এবং কৃতজ্ঞ। তিনি বলেন, প্রথমবারের মতো স্টেট থেকে বাংলাদেশ সোসাইটি অনুদান পেলো। আশা করছি আগামীতেও এই ধারা অব্যাহত থাকবে এবং এজন্য অ্যাসেম্বলী সদস্য হিসেবে তিনি সক্রিয় থাকবেন।

সভাপতি আতাউর রহমান সেলিম বলেন, অ্যাসেম্বলীওম্যান জেনিফার রাজকুমার বাংলাদেশী কমিউনিটির বন্ধু। নিউইয়র্ক ষ্টেট থেকে অনুদান পাওয়া তারই প্রমান করে।

সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী বলেন, বাংলাদেশ সোসাইটির কার্যকরী পরিষদের সকল কর্মকর্তার ঐকান্তিক প্রচেষ্টা আর অ্যাসেম্বলীওম্যান জেনিফার রাজকুমারের সার্বিক উদ্যোগ ও সহযোগিতায় সোসাইটি প্রথমবারের মতো ৪৫ হাজার ডলারের অনুদান লাভ করেছে

অনুষ্ঠানে সোসাইটির ট্রাষ্টি বোর্ডের সদস্য যথাক্রমে আজহারুল হক মিলন, আব্দুর রহীম হাওলাদার ও আতোয়ারুল আলম, কার্যকরী কমিটির সিনিয়র সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সহ সভাপতি কামরুজ্জামান কামরুল, সমাজ কল্যাণ সম্পাদক জামিল আনসারী, স্কুল ও শিক্ষা সম্পাদক মোহাম্মদ হাসান (জিলানী), কার্যকরি সদস্য জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, মুনসুর আহমদ ও হাছান খান প্রমুখ উপস্থিত ছিলেন।

পরবর্তীতে মহামারী কোভিডের সময় সোসাইটির কর্মকান্ডের জন্য এ-এইচ ১৬ ড্রিম ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত অ্যাওয়ার্ড তৎকালীন সিনিয়র সহ সভাপতি ও ট্রাষ্টি বোর্ড সদস্য আব্দুর রহীম হাওলাদার সোসাইটির কর্মকর্তাদের কাছে হস্তান্তর করেন। এতদিন অ্যাওয়ার্ডটি তার কাছে সংরক্ষিত ছিলো।

চূড়ান্ত পরিবর্তনটা দরকার সংস্কৃতিতে

১ পৃষ্ঠার পর

াকতে হয়; সম্মিলিত উদ্যোগে এবং অনড় অবস্থানে।

সংস্কৃতিচর্চার ক্ষেত্রে এই অঙ্গীকারটা এখন অনেকের ক্ষেত্রেই দেখা যায় না। কিন্তু এমনও হয় অঙ্গীকার নিয়ে শুরু করেন ঠিকই, কিন্তু কিছুদূর গিয়ে হাঁপিয়ে ওঠেন। হয়তোবা আপসই করে ফেলেন; রণে ভঙ্গ দেন। মতাদর্শিক অঙ্গীকারবদ্ধদের বেলায় সেটা ঘটবে, এমন সম্ভাবনা কখনোই ছিল না এবং সেটা ঘটেওনি। অঙ্গীকার না থাকলে সংস্কৃতিচর্চা বিনোদনের দিকে ঝুঁকে পড়ে। সংস্কৃতিচর্চা অবশ্যই আনন্দের বিষয়, যেখানে বিনোদন না থাকলে উদ্যমের অভ্যন্তরে লক্ষণ দেখা দিতে পারে যান্ত্রিকতার। কিন্তু সংস্কৃতির অন্তরে যদি আদর্শবাদ না থাকে, তবে তা তো বিনোদনই হয়ে উঠবে একবারে সত্য, এবং সমস্ত কিছুই পর্যবসিত হয় স্থূল ভোগবাদিতায়; অঙ্গীকারবদ্ধ সাংস্কৃতিক জগতে ভোগবাদিতা প্রধান হবে, এটা অকল্পনীয়। সংস্কৃতির নামে যারা বিনোদন বিক্রি করে আসলে তারা সংস্কৃতিসেবী নয়; সংস্কৃতি ব্যবসায়ী।

সংস্কৃতির অঙ্গীকারটা কী? সেটা হলো গণসংস্কৃতির বিকাশের। আমরা লোকসংস্কৃতির কথা খুব শুনি। লোকসংস্কৃতি ও গণসংস্কৃতি কিন্তু এক ব্যাপার নয়; দুয়ের ভেতর মৌলিক পার্থক্য রয়েছে। লোকসংস্কৃতি হচ্ছে যেমন আছে তেমন থাকার সংস্কৃতি, আর গণসংস্কৃতি হচ্ছে সব বিকাশের। লোকসংস্কৃতি বিশেষ জনগোষ্ঠীর; গণসংস্কৃতি সকল মানুষের। এক কথায়, গণসংস্কৃতি হচ্ছে অগ্রগামিতার সর্বজনীনতার এবং সর্বোপরি গণতান্ত্রিকতার।

গণতান্ত্রিকতাই গণসংস্কৃতির মূল বিষয়। সব কাজই গণতান্ত্রিক সংস্কৃতির পক্ষে। এটি সেই সংস্কৃতি, যা মানুষে মানুষে সাম্য প্রতিষ্ঠা করতে চায়। মানুষের মৌলিক অধিকারগুলোর সংরক্ষণ ও বিকাশ চায়। সমাজকে নিয়ে যেতে চায় রূপান্তরের অভিমুখে।

আমাদের দেশে নানা রকম বিপ্লব ঘটেছে বলে প্রচার আছে। সরকারের বদল হয়েছে; রাষ্ট্রের উত্থান ও পতন চোখের সামনেই ঘটেছে; অতি দ্রুতগতিতে ধনবান হয়েছে কেউ কেউ; নেমে গেছে অনেকে। কিন্তু সমাজ বদলায়নি; রয়েছে সেই আগের মতোই অস্বাস্থ্যকর ও নিপীড়নমূলক। সেই চিরস্থায়ী বন্দোবস্ত থেকে শুরু হয়েছিল যে ধরনের সামাজিক সম্পর্ক; ভোল ও লেবাস পাল্টে সেটাই রয়ে গেছে এখনও।

মানুষ সমাজেই বসবাস করে; শূন্যে নয়। সমাজে রয়েছে বেকারত্ব, অনিশ্চয়তা, নিরাপত্তাহীনতা। ব্যক্তি, গোষ্ঠী, রাষ্ট্র সকলেই পীড়ন করছে ব্যক্তিকে। দুর্বল প্রতিনিয়ত পীড়িত হচ্ছে সন্ত্রাসীদের হাতে। নির্লজ্জতা সকল সীমা অতিক্রম করেছে। এখন বর্বরতার প্রতিদ্বন্দ্বী কেবল বর্বরতাই। মাদকাসক্তি ক্রমাগত বাড়ছে। উন্নতির হই-হুল্লোড় চাপা দিতে চাচ্ছে মানুষের কান্নাকে। কিন্তু মানুষের অশ্রু মোছে না; সে কেবল বাড়েই।

এই ব্যবস্থার পরিবর্তন যে দরকার, সেটা অনেকেই বোঝেন। কিন্তু ওই লক্ষ্যে কাজ করেন না। প্রকৃত সংস্কৃতিবানরা নিশ্চয় তা করেন। আর সে জন্যই তারা ভিন্ন রকমের মানুষ। সমাজ পরিবর্তনের মূল সংগ্রাম অবশ্যই রাজনৈতিক। রাষ্ট্রের চরিত্রে মৌলিক পরিবর্তন আবশ্যক, যেটা ঘটেনি। রাষ্ট্র বদলেছে, কিন্তু তার স্বভাব বদলায়নি। বর্তমানে সে হয়ে দাঁড়িয়েছে শীর্ষ সন্ত্রাসী প্রতিষ্ঠান। বিশ্বসন্ত্রাসী সাম্রাজ্যবাদের সে স্থানীয় প্রতিনিধিও বটে। যার নির্লজ্জ নমুনা মার্কিন সাম্রাজ্যবাদের সঙ্গে গোপন বাণিজ্য চুক্তি। দেশবিরোধী এই চুক্তি পক্ষান্তরে আমাদের স্বাধীনতা ও সার্বভৌমত্ব যে বিকিয়ে দিয়েছে আমরা তা বিলক্ষণ বুঝতে পারছি। এর দায় ঘৃণিতরা দেবে না। দেবে দেশের সমষ্টিগত মানুষ। দেশের দক্ষিণপন্থি রাজনৈতিক দল যে কাজ করছে, সেটা রাষ্ট্রক্ষমতা দখলের সন্ত্রাসী লড়াই ভিন্ন অন্য কিছু নয়। তারা রাষ্ট্রের স্বভাব-চরিত্রে পরিবর্তন আনবার ব্যাপারে মোটেই আগ্রহী নয়। তাদের লক্ষ্য বিদ্যমান ব্যবস্থাকে অক্ষুণ্ন রেখে যতটা পারা যায় দু-হাতে দখল করা। সামাজিক পরিবর্তন এই রাজনীতি দিয়ে হবে না। তার জন্য ভিন্ন রাজনীতির দরকার হবে।

চূড়ান্ত পরিবর্তনটা কিন্তু সংস্কৃতিতেই দরকার। রাষ্ট্র বদলায়, সমাজ বদলায় না এ অভিজ্ঞতা তো আমাদের অত্যন্ত প্রত্যক্ষ। কিন্তু এমনকি সমাজ বদলালেও যে সংস্কৃতি বদলাবে এমনটা বলা যাবে না। সোভিয়েত ইউনিয়নের দৃষ্টান্ত আমাদের সামনেই খোলা রয়েছে। সেখানে রাষ্ট্র বদল হয়েছিল, সমাজ বদলেছিল এবং সংস্কৃতিতেও ব্যাপক উদ্যোগ নেওয়া হয়েছিল রূপান্তরের। কিন্তু শেষের ওই কাজটি সুসম্পন্ন করা সম্ভব হয়নি। তার আগেই গোটা আয়োজন ভেঙে পড়েছে। ভাঙবার একটি প্রধান কারণ কিন্তু আবার ওই সাংস্কৃতিক দুর্বলতাই।

বাকি অংশ ৩৬ পৃষ্ঠায়

Get Your Security Guard Licence From us
আমাদের Jackson Heights অফিসে পাবেন
• 8 Hours Pre Assaignment
• 16 Hours on the job
• 8 Hours Annual-in Service
• Fire Guard Preparation
• Finger Print Appointment
• Job Placement
BROAD LINK
SECURITY GUARD SCHOOL

DRIVING SCHOOL
স্বল্পমূল্যে Driving শিখুনঃ
• Special Package Deal
• Individual Lesson
• Car for Road Test
• 5 Hours Pre-License Course
OPEN 7 DAYS
আমাদের এখানে পাবেন পুরুষ ও মহিলা ইন্সট্রাক্টর
RUNNER
DRIVING SCHOOL

স্বল্পমূল্যে
AUTO INSURANCE
অত্যন্ত কমমূল্যে গাড়ি-বাড়ি এবং Business Insurance. এখানে পাবেন
• Countrywide Insurance
• Progressing Insurance
• Auto Insurance
• Notary Public
• Income Tax
RUNNER
INS BROKERAGE

NAZRUL ISLAM MIAH
(Owner/Broker)
37-47 73rd Street, 2nd Floor (Suite #203), Jackson Heights, NY 11372
Tel: 718-457-5700, 718-457-2700

দুর্নীতির বিরুদ্ধে 'শূন্য সহনশীলতা' নীতির

১৩ পৃষ্ঠার পর

সংবাদ সম্মেলনে সংগঠনের প্রেসিডেন্ট মো: আবু তাহের বলেছেন, মিডিয়ার মাধ্যমে চট্টগ্রামবাসীকে প্রকৃত চিত্র জানাতে এবং দুর্নীতি ও অন্যায়ের বিরুদ্ধে আমাদের যে শক্ত অবস্থান তা অব্যাহত থাকবে- এই আশ্বাস দিতেই এই সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়েছে। তিনি আরো বলেন, বাদীপক্ষ যদি মামলা উঠিয়ে নেয়, তবে আমরা সুষ্ঠুভাবে ও নিয়মতান্তিকভাবে আমাদের পরবর্তী কার্যকরী কমিটি গঠনের নির্বাচনের তারিখ ঘোষণা করব এবং বিজয়ী চট্টগ্রাম সমিতির নেতৃবৃন্দকে বরণ করে নিয়ে আমরা চলে যাব। তবে মামলার কারণে যদি ইলেকশান দেয়া সম্ভব না হয় তবে তাহলে আমাদের আরো কিছুদিন দায়িত্ব চালিয়ে যেতে বাধ্য হতে হবে।

সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয় আসলে এই মামলার পিছনে অন্য কাহিনী লুকায়িত আছে বলে আমরা মনে করি। অন্যথায় আজ অবধি তাদের দায়ের করাই মামলা আলোর মুখ দেখেনি। বর্তমান কমিটির প্রেসিডেন্ট মো: আবু তাহের বলেছেন, পরাজিত প্যানেলের সদস্যরা নির্বাচনী প্রতিশ্রুতি ভঙ্গ করে মামলা করেছে। এই মামলার অজুহাত দেখিয়ে তারা চট্টগ্রামবাসীর সামনে তাদের অস্তিত্ব ধরে রাখতে চায়।

চট্টগ্রামবাসী ও সংশ্লিষ্ট মহলকে বিভ্রান্ত করার জন্য এই মামলা দায়ের করা হয়েছে। আসলে মামলার অজুহাত দেখে তারা চট্টগ্রামবাসীর সামনে তাদের অস্তিত্ব টিকিয়ে রাখতে চায়।

মঞ্চে উপবিষ্ট ছিলেন সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি মো: আব্দুর রহিম, সাবেক সভাপতি মো: হানিফ, সাবেক সভাপতি মনিরুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক মোর্শেদ রিজভী, মো: সেলিম, ট্রাষ্ট্রি বোর্ডের কো-চেয়ারম্যান কামাল হোসেন মিঠু, কোষাধ্যক্ষ- মোহাম্মদ শফিক, অফিস সম্পাদক- ইমরুল চৌধুরী, উপদেষ্টা-মতিউর রহমান চৌধুরী, এনাম আহমেদ শাহাবুদ্দিন চৌধুরী লিটন.আবু তালেব চৌধুরী চান্দু, নাসির উদ্দিন প্রমুখ।

সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ আরো অভিযোগ করে বলেন,আমাদের সমিতির নিজস্ব ভবনের ৩ জন ভাড়াটিয়ার কাছ থেকে অর্থ আদায় করতে আমরা ব্যর্থ হয়েছি। গত নির্বাচনে পরাজিত প্রার্থীদের কেউ কেউ ভবনের ৩ জন ভাড়াটিয়ার কাছ থেকে নগদ অর্থ নিয়ে যাচ্ছে। ভাড়াটিয়ার কাছ থেকে সমিতির পাওনার পরিমাণ ৯৭৭১১.২০ ডলার। আমরা ল্যান্ডলর্ড এবং ট্যানেল কোর্টে আইনের আশ্রয় নিয়েছি এবং আশা করছি আগামী মাসে আদালতের রায় আমাদের পক্ষে আসবে। অনাদায়ী অর্থ আদায় এবং সেই ৩জন ভাড়াটিয়াকে কোর্টের মাধ্যমে উচ্ছেদ করতে সম্ভব হবো।

লিখিত বক্তব্যের পর উপস্থিত নেতৃবৃন্দ বিশেষ করে সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদক, ট্রাষ্ট্রী বোর্ডের কো-চেয়ারম্যান কামাল হোসেন মিঠু, সাবেক সাধারণ সম্পাদক মোর্শেদ রিজভী প্রমুখ সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দিয়েছেন।

সংবাদ সম্মেলনে বর্তমান নেতৃত্ব দুর্নীতির বিরুদ্ধে 'শূন্য সহনশীলতা' নীতির ঘোষণা দিয়ে দাবি করে, অতীতে সংগঠনের অর্থ আত্মসাৎ এবং অনিয়মের ঘটনা ঘটেছে। তাদের অভিযোগ, ২০২১ সালে অন্তর্বর্তীকালীন কমিটি গঠনের আগে অনুষ্ঠিত একটি নির্বাচনে অনিয়মের মাধ্যমে প্রায় ৩৫ হাজার ডলার আত্মসাৎ করা হয় এবং বিভিন্ন আর্থিক লেনদেনের স্বচ্ছ হিসাব এখনও পাওয়া যায়নি।

শেষে বক্তারা বলেন, চট্টগ্রাম সমিতিকে বিভক্তি, অপপ্রচার ও ব্যক্তিস্বার্থের রাজনীতি থেকে মুক্ত রেখে ঐক্যবদ্ধ, স্বচ্ছ ও জনকল্যাণমুখী প্রতিষ্ঠানে পরিণত করতে তারা কাজ করে যাচ্ছেন। চট্টগ্রামবাসীর সহযোগিতা অব্যাহত থাকলে সংগঠনটি আরও শক্তিশালী হবে বলেও তারা আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে সংগঠনের প্রতিষ্ঠাকাল থেকে বিভিন্ন সময়ে দায়িত্ব পালনকারী প্রয়াত কর্মকর্তাদের আত্মার মাগফেরাত কামনা করা হয়।

মনোনয়ন নিয়ে বিরোধই দীপেন দেওয়ানের

৬ পৃষ্ঠার পর

চেয়ারম্যান পদে তিনি নিজেই মনোনয়নের জন্য সুপারিশপ্রাপ্ত ছিলেন এবং দীপেন দেওয়ান তার নাম সুপারিশ করেছিলেন। তিনি বলেন, একজন বীর মুক্তিযোদ্ধা হিসেবে ১৯৭১ সালের ১৭ই ডিসেম্বর রাঙ্গামাটিতে স্বাধীন বাংলাদেশের পতাকা উত্তোলনের সঙ্গে তিনি সম্পৃক্ত ছিলেন এবং দীর্ঘদিন ধরে কেন্দ্রীয় বিএনপি'র উপজাতি বিষয়ক সহ-সম্পাদক হিসেবে রাজনৈতিক ও সামাজিক কর্মকাণ্ডে কাজ করে আসছেন। অপরদিকে তার অভিযোগ অনুযায়ী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী মীর হেলাল রাঙ্গামাটি জেলা বিএনপি'র সভাপতি দীপেন তালুকদার দীপুকে জেলা পরিষদের চেয়ারম্যান হিসেবে দেখতে চেয়েছিলেন।

৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার জাতীয় বাজেট

১ পৃষ্ঠার পর

জন্য ৫৭ হাজার ৩০২ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। দ্বিতীয় সর্বোচ্চ বরাদ্দ পেয়েছে স্বাস্থ্যসেবা বিভাগ, যার জন্য প্রস্তাব করা হয়েছে ৪৯ হাজার ৩৮৭ কোটি টাকা। তৃতীয় অবস্থানে রয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বরাদ্দ প্রস্তাব করা হয়েছে ৪৬ হাজার ৭৩৮ কোটি টাকা। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের জন্য ৪২ হাজার ৪৯৭ কোটি টাকা এবং স্থানীয় সরকার বিভাগের জন্য ৪০ হাজার ২৪৬ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

এছাড়া সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের জন্য ৩৬ হাজার ৯১৮ কোটি টাকা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য ৩১ হাজার ৯৯ কোটি টাকা, কৃষি মন্ত্রণালয়ের জন্য ২৮ হাজার ৮৮১ কোটি টাকা এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের জন্য ৩০ হাজার ৪৪৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের জন্য ১৮ হাজার ৪৫৭ কোটি টাকা এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জন্য ১৮ হাজার ১১৫ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

অন্যদিকে বিদ্যুৎ বিভাগের জন্য ১৪ হাজার ৯৯৬ কোটি টাকা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের জন্য ১৩ হাজার ৪৬৬ কোটি টাকা, পানি সম্পদ মন্ত্রণালয়ের জন্য ১০ হাজার ৫৩৩ কোটি টাকা এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জন্য ১০ হাজার ৫০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

মেগা প্রকল্পে মেগা বরাদ্দ, সবচেয়ে বেশি রূপপুরে

আগামী ২০২৬-২৭ অর্থবছর নতুন কোনো মেগা প্রকল্প হাতে নেয়নি সরকার। বড় ব্যয়ের নতুন প্রকল্প নেওয়ার চেয়ে চলমান মেগা প্রকল্প দ্রুত বাস্তবায়নের কাজ শেষ করার কৌশল নেওয়া হয়েছে। পরিবহন ও যোগাযোগ খাত এবং বিদ্যুৎ ও জ্বালানি খাতের মেগা প্রকল্পেই বেশি গুরুত্ব দেওয়া হয়েছে। আগামী অর্থবছরের অনুমোদিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) বড় আকারের বরাদ্দ দেওয়া হয়েছে কয়েকটি প্রকল্পে।

এডিপির বরাদ্দ বিশ্লেষণে দেখা যায়, আগামী অর্থবছরের এডিপিতে মেগা ১৫টি বৃহৎ প্রকল্পের জন্য মোট ৫৩ হাজার ৬২২ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে, যা এডিপির মোট আকারের প্রায় ১৮ শতাংশ।

এর মধ্যে সবচেয়ে বড় বরাদ্দ দেওয়া হয়েছে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পে। বরাদ্দের পরিমাণ ১৫ হাজার ৪৯৯ কোটি টাকা। চলতি অর্থবছর প্রকল্পটিতে বরাদ্দ ছিল ১০ হাজার ১১ কোটি টাকা। গত বছরের জুন পর্যন্ত প্রকল্পটির বাস্তবায়ন কাজ ৬৮ দশমিক ২৮ শতাংশ শেষ হয়েছে। প্রকল্পের মোট ব্যয় ধরা হয়েছে এক লাখ ৩৮ হাজার ৬৮৬ কোটি টাকা। আগামী ২০২৮ সালের জুনের মধ্যে শেষ করার লক্ষ্যমাত্রা রয়েছে সরকারের। রাশিয়া প্রকল্পের আর্থিক ও কারিগরি সহায়তা দিচ্ছে।

যেসব পণ্যের দাম কমতে পারে

প্রস্তাবিত ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে আমদানিতে নানা ধরনের শুল্ক ও করে ছাড় দেয়ায় বেশ কিছু পণ্য ও সেবার দাম কমতে পারে । বিশেষ করে নিত্যপ্রয়োজনীয় পণ্য, ইলেকট্রনিক্স সামগ্রী, তথ্যপ্রযুক্তি পণ্য, চিকিৎসাসামগ্রী, কৃষি উপকরণ, বৈদ্যুতিক যানবাহন, খেজুর, মসলা এবং বিভিন্ন শিল্পের কাঁচামালের ক্ষেত্রে সরাসরি প্রভাব পড়ার সম্ভাবনা রয়েছে। এর মধ্যে চাল, ডাল, তেল, পেঁয়াজসহ নিত্যপ্রয়োজনীয় ৬০ পণ্য রয়েছে। খেজুর আমদানিতে বিদ্যমান রেগুলেটরি শুল্ক ৫ শতাংশ সম্পূর্ণ প্রত্যাহারের প্রস্তাব করা হয়েছে।

সব ধরনের মসলা আমদানিতেও ৫ শতাংশ রেগুলেটরি শুল্ক প্রত্যাহারের প্রস্তাব রাখা হয়েছে বলে জানা গেছে। শিশুখাদ্য উৎপাদনের কাঁচামালের আমদানি শুল্ক ১৫ শতাংশ থেকে কমিয়ে ১০ শতাংশ করার প্রস্তাব রয়েছে। কীটনাশক উৎপাদনের কাঁচামাল আমদানিতে ভ্যাট সম্পূর্ণ প্রত্যাহার ও পোল্ট্রি ও ডেইরি খাতের যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানিতে শুল্ক শূন্য শতাংশ করার প্রস্তাব করা হয়েছে। কিডনি ডায়ালাইসিস ফিল্টারের ওপর ১৫ শতাংশ ভ্যাট এবং ৫ শতাংশ অগ্রিম আয়কর প্রত্যাহারের প্রস্তাব দেওয়া হয়েছে। ওষুধের কাঁচামাল এপিআই তৈরির ৫১টি নতুন উপকরণের আমদানি শুল্ক সম্পূর্ণ প্রত্যাহারের প্রস্তাব দেওয়া হয়েছে। ল্যাপটপ, ডেস্কটপ কম্পিউটার, সার্ভার, কম্পিউটার প্রিন্টার ও কম্পিউটার মনিটর আমদানির ক্ষেত্রে সমুদয় আমদানি শুল্ক, রেগুলেটরি শুল্ক, সম্পূরক শুল্ক ও ভ্যাট প্রত্যাহার করার প্রস্তাব করা হয়েছে। ২৫ হাজার ডলার পর্যন্ত মূল্যের ইলেকট্রিক গাড়ির করভার ৯৩ শতাংশ থেকে কমিয়ে ৬৪ শতাংশ এবং ৫০ হাজার ডলার পর্যন্ত গাড়ির করভার ৮০ শতাংশ করার প্রস্তাব রয়েছে। এতে ইভি গাড়ির দাম কমতে পারে। ১৮০০ সিসি পর্যন্ত প্লাগ-ইন হাইব্রিড গাড়ির মোট করভার ৯৩.১৬ শতাংশ থেকে কমে ৭৩.৪৩ শতাংশে নামানোর প্রস্তাব করা হয়েছে। মিউজিক্যাল ইন্সট্রুমেন্ট এবং যন্ত্রাংশ আমদানিতে ৫ শতাংশ রেগুলেটরি শুল্ক প্রত্যাহারের প্রস্তাব করা হয়েছে। উচ্চপ্রযুক্তির সিনেমাটোগ্রাফিক ক্যামেরার আমদানি শুল্ক ১৫ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করার প্রস্তাব রয়েছে প্রস্তাবিত বাজেটে।

যেসব পণ্যের দাম বাড়তে পারে

প্রস্তাবিত ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে দেশীয় শিল্পকে সুরক্ষা, জনস্বাস্থ্য রক্ষা এবং পরিবেশবান্ধব পণ্যের ব্যবহার উৎসাহিত করতে বেশকিছু পণ্যের ওপর শুল্ক ও কর বাড়ানোর প্রস্তাব রাখা হয়েছে। ফলে এসব পণ্যের আমদানি খরচ ও বাজারমূল্য বৃদ্ধি পেতে পারে।

প্রস্তাবিত বাজেট অনুযায়ী সরাসরি মূল্যবৃদ্ধির ঝুঁকিতে থাকা পণ্যগুলোর মধ্যে রয়েছে- কাজুবাদাম, আমদানিকৃত পাঙাশ ফিলেট, সিগারেট, নিকোটিন পাউচ, হিটেড টোব্যাকো, ২০০-১৬০০ সিসি পেট্রোল/ডিজেলচালিত গাড়ি, আমদানিকৃত ওয়াশিং মেশিন, জিপসাম বোর্ড ও শিট, পিভিসি রেজিনভিত্তিক পণ্য, পিইটি রেজিনভিত্তিক পণ্য, কোল্ড-রোল্ড কয়েল ও শিট, কপারের তার ও কপার টিউব ও পলিয়েস্টার স্ট্যাপল ফাইবার ইত্যাদি। পেট্রোল, অকটেন ও ডিজেলচালিত গাড়ির মোট করভার ১৩২.৩৬ শতাংশ থেকে বাড়িয়ে ১৫৫.৮৮ শতাংশ করার প্রস্তাব করা হয়েছে। ফলে এসব গাড়ির দাম বাড়তে পারে।

দেশের অর্থনীতির আকার অর্ধ ট্রিলিয়ন ডলার ছাড়াল, মাথাপিছু আয় বাড়ল

দেশের মোট দেশজ উৎপাদন (জিডিপি) অর্থাৎ অর্থনীতির আকার অর্ধ ট্রিলিয়ন ডলার ছাড়িয়ে গেছে।

চলতি ২০২৫-২৬ অর্থবছরে জিডিপির আকার দাঁড়িয়েছে ৫০১ বিলিয়ন ডলারে। অন্যদিকে দেশের মানুষের মাথাপিছু আয়ও ৩ হাজার ডলার ছাড়িয়ে গেছে। এখন মাথাপিছু গড় আয় ৩ হাজার ২০ ডলার বা ৩ লাখ ৬৮ হাজার ৮৭৩ টাকা। মাথাপিছু আয় ও জিডিপির আকারদুই ক্ষেত্রেই এটি রেকর্ড। এছাড়া চলতি অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি হয়েছে ৪ দশমিক ১৪ শতাংশ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) চলতি ২০২৫-২৬ অর্থবছরের মাথাপিছু আয় ও জিডিপির প্রাক্কলিত সাময়িক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

আব্দুস শহীদ সিটির কমিউনিটি অ্যাকশন বোর্ড'র

৪০ পৃষ্ঠার পর

অ্যাকশন বোর্ডের অতি সম্প্রতি অনুষ্ঠিত এক সভায় প্রথম বাংলাদেশী-আমেরিকান প্রতিনিধি হিসেবে তাকে এ পদে নির্বাচিত করা হয়। খবর ইউএসএনিউজঅনলাইন'র। বোর্ড সূত্র জানায়, নিউ ইয়র্ক সিটিতে 'কমিউনিটি সার্ভিসেস ব্লক গ্রান্ট' (সিএসবিজি) ফান্ডিংয়ের ক্ষেত্রে সিএবি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সিএবি-এর আগামী ১১ জুন বৃহস্পতিবার অনুষ্ঠিতব্য বোর্ড সভায় উপস্থিত থাকতে আমন্ত্রণ জানানো হয়েছে নবনির্বাচিত প্রতিনিধি আব্দুস শহীদকে।

মূলধারার রাজনীতিক আব্দুস শহীদ দারিদ্র্য বিমোচন সংক্রান্ত বিষয়গুলোতে একসাথে কাজ করতে তাকে নিউইয়র্ক সিটির কমিউনিটি অ্যাকশন বোর্ড (সিএবি) রিজিয়ন #১ (ব্রঙ্কস এনডিএ ১, ২ এবং ৯)-এর প্রতিনিধি নির্বাচিত করায় বোর্ডের সকল মেম্বারকে ধন্যবাদ জানিয়েছেন।

অশোক কুমার কর্মকার, এটর্নী-এ্যাট-ল'

বিনিয়োগের মাধ্যমে খুব দ্রুত ও নিজের যোগ্যতায় গ্রীন কার্ড পেতে চান?

✓ আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E2) ভিসার অধীনে এদেশে এসে মাত্র দু'বছরের মধ্যে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

✓ তাছাড়া ১ মিলিয়ন বা ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি ও আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ সরাসরি গ্রীন কার্ড পেতে পারেন।

✓ বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

কলম্বিয়া ইউনির্ভাসিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনির্ভাসিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস্-এ মাস্টার্স, ঢাকা ইউনির্ভাসিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী)।

বি, সি, এস (জুডিশিয়্যাল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ, আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্ক-এর বিভিন্ন ল' ফার্মের অভিজ্ঞতা সম্পন্ন।

আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন-এসাইলামসহ সর্বপ্রকার, রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোন্যাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্রাক্টিস, ডিভোর্স, পারিবারিক, লিটিগেশানসহ সকল ধরণের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন। (সোম-শনিবার)।

আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান খরচ ও সময় বাঁচিয়ে সহজে করতে পারেন।

Manhattan Office	Queens Main Office	Dhaka Office
Empire State Building 350 Fifth Avenue, Ste 3601 New York, NY 10118 Phone: (212) 714-3599 Fax: (212) 714-6872	143-08 Hillside Avenue Jamaica, NY 11435 Phone: (718) 408-3282 Fax: (718) 408-3283 www.ashoklaw.com ashok@ashoklaw.com	US-Bangladesh Law Center Suite 8/4th 8th Floor, Eastern Commercial Complex 73 Kakrail, Dhaka 1000, Bangladesh Phone: +88-02-833-2660 Cell: 01911-345-069 / 01190-000-001

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Platinum Tax Services

২০ বছরের অভিজ্ঞতাসম্পন্ন ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান

সপ্তাহে ৭ দিনই খোলা

IRS RTRP

Authorized IRS e-file Provider

M.Mohshin Mia
Cell: 917-478-9985

Business & Individual Tax Return-এর জন্য আজই যোগাযোগ করুন

72-32 Broadway, Suite # 307-308, 3rd Floor,
Jackson Heights, NY 11372.
Phone: 718-651-7720 Cell: 917-478-9985

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

Apartment For Rent

Jamaica Hills
4 bedroom and 2 bathroom
Rent: $3200 plus utilities
Need good credit and recommendation
Please call
917-292-7804
for viewing.

মুসলিম কাজী অফিস

Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462

ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইয়র্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেওয়া হয়।

Quazi Moulana Abul Kashem Eahea
BA (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel : 347-208-9055
Email: abuleahea@gmail.com

Marriage Media

পাত্র-পাত্রী

খুজছেন সন্ধান দাতা

আপনি বিয়ে করে আমেরিকাতে স্থায়ী ভাবে বসবাস করতে চান?
সকল ধর্ম, সকল বর্ণের ইমিগ্রান্ট/ননইমিগ্রান্ট, ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, ফার্মাসিষ্ট, নার্স, ফেডারেল জব, সিটিজব, প্রাইভেট জব, ব্যবসায়ী, ট্যাক্সিড্রাইভার, ছাত্র/ছাত্রী, ডিভোর্স, বিধবা ও (বয়স্ক) পাত্র-পাত্রী।
৫০টি স্টেটের বাঙ্গালি পরিবারের সাথে যোগাযোগ।
সাফল্যতার সাথে অগ্রগতি।
আল্লাহর হুকুম ছাড়া কিছু হয় না আমি উছিলা মাত্র।

খান ভাই
646-637-7590
E-mail: khanma663@gmail.com

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.

Complete Body Rapair
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

Nur Bhai, President
Tel: 718-551-1405, 347-264-6891

35-44 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052, 347-264-6891

2920 Pine Ave
Niagara Falls, NY 14301
Tel: 347-285-2409

স্বল্প মূল্যে উন্নত মানের গাড়ি বিক্রয় করা হয়

SYLHET MOTORS Inc.

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

Getting Approved is EASY
Bad Credit ?
No Credit ?
No Problem.

YOU WORK
YOU DRIVE

বিক্রয়োত্তর ৬ মাসের ফ্রি মেইন্টেনেন্স এর সুযোগ পেতে কুপনটি কেটে সাথে সাথে নিন।

Address: 161-05 Hillside Avenue, Jamaica, NY 11432
Phone: 718-523-3044, www.sylhetmotors.com

সুখবর! সুখবর! সুখবর!

Bronx-Buffalo-Bronx Van & Tour Services

ভ্রমন পিপাসুদের গ্রীষ্মকালীন আনন্দভ্রমন সহজতর করার লক্ষ্যে ১৫ আসনের ভ্যান চালকসহ ভাড়া দেওয়া হচ্ছে। যে কোন পিকনিক কিংবা দুরে-কাছে বেড়ানোর জন্য আমাদের রয়েছে প্যাকেজ ডিল। বৃহস্পতিবার ও সোমবারে ৩ দিনের বাফেলো/নায়াগ্রা ডিলে আছে থাকার সুব্যবস্থা।

আমরা নায়াগারা ফলস, ম্যারিল্যান্ড, থাউজেন্ড আইল্যান্ড, ওয়াটকিন গ্লেনস, হাউইজ ক্যাভার্ণ, লেক জর্জ, কর্ণিং গ্লাস মিউজিয়াম, ওয়াশিংটন ডি.সি, ডেট্রয়েট, আটলান্টা, রোড আইল্যান্ড, কিসিমি, মিয়ামি, টরেন্টো, মন্ট্রিয়েল, দিয়ানেত সেন্টার অব আমেরিকা, ইসকন মন্দির নিউ বৃন্দাবন (পঃ ভাঃ) সহ যে কোন শহরে বেড়ানোর সু-ব্যবস্থা করে থাকি।

সাপ্তাহিক নিউইয়র্ক-বাফেলো/নায়াগ্রা
প্রতি বৃহস্পতিবার - শনিবার চালু রয়েছে।

নায়াগ্রা ফলস্ বেড়ানোর সকল সুবিধাসহ
নিউ ইয়র্ক থেকে বিভিন্ন স্ট্যাটে ট্যুর সার্ভিস চালু রয়েছে।



ভাড়া জনপ্রতিঃ ৭০ ডলার (একমুখী) ১৩০ ডলার (যাওয়া আসা)

নায়াগ্রার জন্য
$5.00 বাড়তি

ডোর টু ডোর সার্ভিস

আগ্রহী যাত্রীরা বুকিং ও বিস্তারিত তথ্যের জন্য কল অথবা ই-মেইল করুনঃ
Tel: 917-549-0993 (Bx), 917-549-3955 (Buf)
Email: b2bkanekt@gmail.com
Service Provider Company: **B TO B KANEKT LLC**

সর্বনিম্ন মূল্যে বাংলাদেশ ভ্রমণ করুন

আমরা যেকোন ট্রাভেল এজেন্সী অনলাইন/ইন্টারনেট প্রাইস থেকে কমমূল্যে টিকেট দিয়ে থাকি

জেএফকে-ঢাকা-জেএফকে
JFK-Dhaka-JFK

আমেরিকার যেকোন স্টেট থেকে বাংলাদেশসহ বিশ্বের যেকোন দেশে সুলভে ভ্রমণ করুন

LOWEST GUARANTEED PRICES

Emirates ETIHAD AIRWAYS QATAR AIRWAYS KUWAIT AIRWAYS TURKISH AIRLINES SAUDIA DELTA

MIRZA M ZAMAN
(SHAMIM) - CEO

Cheapest Domestic & International Air Tickets

GLOBAL NY 1 TRAVELS, INC
168-47, Hillside ave, 2nd Floor
Jamaica NY-11432
OFFICE: 718-205-2360, CELL: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

অনলাইনে সবচেয়ে কমমূল্যে
এয়ার টিকেট এবং হোটেল বুকিং দিন

OFFICE SPACE FOR RENT

OFFICE SPACE FOR RENT IN ISP BUILDING AT 74TH ST. JACKSON HEIGHTS NY 11372

FOR FURTHER INFORMATION. CALL : ISP AT: 718-426-2700

বাসা ভাড়া

জ্যাকসন হাইটস সংলগ্ন (৩২ এভিনিউ ও ৮৭ স্ট্রিট) প্রাইভেট হাউজের দোতলার বাসা ভাড়া হবে। ১ বেডরুম,লিভিং রুম, কিচেন, বাথরুম নিয়ে গঠিত এ বাসা জুলাই মাস থেকে ভাড়া হবে।

যোগাযোগ-

917-848-4245

(কল করার সময়-বিকেল ৫টা থেকে রাত ১০টা)

জ্যামাইকায় পার্টি হল এবং অফিস স্পেস ভাড়া হবে

জ্যামাইকার হিলসাইড এভিনিউ এবং ১৫০ স্ট্রিটের উপরে অবস্থিত আধুনিক ভবনে 'অফিস স্পেস' ভাড়া দেয়া হবে। একই ভবনে সুন্দর করে সাজানো 'পার্টি হল' ভাড়া দেয়া হবে।

আগ্রহিরা টেক্সট করুন:

646-591-6782

মেঘনা ট্রাভেলস্

জ্যাকসন হাইটস্-এর প্রাণকেন্দ্রে ডাইভারসিটি প্লাজার সন্নিকটে 'মেঘনা শপিং সেন্টার'-এর দোতালায় আমাদের অফিস

IATA APPROVED

Emirates ETIHAD AIRWAYS السعودية SAUDIA QATAR AIRWAYS KUWAIT AIRWAYS

১০০% গ্যারান্টিতে টিকেট ইস্যু

দেশে যাওয়ার পথে অতি অল্প খরচে হজ্ব এবং ওমরাহ'র যাবতীয় ব্যবস্থা

VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER We accept all major credit card

37-66 74th Street (2nd Fl.) Jackson Heights, NY 11372
Tel: 718-478-1920, 718-930-1494, 718-478-1830
E-mail: meghnacorp@gmail.com

'ব্ল্যাক বেল্ট ফার্স্ট ডিগ্রি'

৩৮ পৃষ্ঠার পর

প্রত্যঙ্গের মধ্যে সমন্বয় এবং ভারসাম্য বৃদ্ধি করে, যা আঘাত পাওয়ার ঝুঁকি কমায়। শারীরিক পরিশ্রম মানসিক চাপ কমাতে সাহায্য করে এবং এর জন্য প্রয়োজনীয় মানসিক একাগ্রতা এক ধরণের সক্রিয় ধ্যানের মতো কাজ করে-যা তাঁর মনকে প্রশান্ত রাখে এবং সামগ্রিক সুস্থতায় সহায়তা করে। বিদিতা রহমানের কথায়, 'আমি আল্লাহর কাছে অত্যন্ত কৃতজ্ঞ। তিনিই এই সবকিছু সম্ভব করে দিয়েছেন। তাঁর ইচ্ছা ও অনুমতি ছাড়া হয়তো আমি এই যাত্রাপথ পাড়ি দিতে পারতাম না। তিনি আরো বলেন, আমি এখনও শিখছি, নিজেকে আরও ছাড়িয়ে যাওয়ার চেষ্টা করছি এবং এই প্রক্রিয়ার মধ্য দিয়ে আমার বিশ্বাসকে আরও সুদৃঢ় করছি। কখনও কখনও নারীদের বাইরের কোনো অনুপ্রেরণার জন্য অপেক্ষা না করে নিজেদেরই উঠে দাঁড়াতে হয়। কেউ আপনাকে বাঁচাতে বা রক্ষা করতে আসবে না, তাই বাস্তব জীবনের চ্যালেঞ্জ মোকাবিলায় নিজের পায়ে দাঁড়ানো অত্যন্ত জরুরি। উৎসাহ বা সমর্থনের জন্য অপেক্ষা করবেন না। আপনি যদি কিছু চান কিন্তু পর্যাপ্ত সমর্থন না পান, তবে হয়তো সফল নাও হতে পারেন, কারণ অনেক সময় অর্জনগুলো উপেক্ষিত থেকে যায়।

মার্শাল আর্ট সব বয়সের মানুষের জন্যই উপকারী। এটি ভারসাম্য, নিয়ন্ত্রণ, নিষ্ঠা ও আত্মবিশ্বাস গড়ে তুলতে সাহায্য করে। স্বাস্থ্যগত সমস্যা আছে এমন ব্যক্তিদের জন্যও এর পরামর্শ দেওয়া হয়। মার্শাল আর্ট শারীরিক ও মানসিক-উভয় ধরনের সুস্থতা নিশ্চিত করে। কিশোর-কিশোরীরা এর মাধ্যমে বুলিইং বা উত্যক্তকরণ এবং অন্যান্য ধরনের হয়রানির বিরুদ্ধে আত্মরক্ষার কৌশল শিখতে পারে। শিশুদের ক্ষেত্রে, মার্শাল আর্ট তাদের আবেগ নিয়ন্ত্রণ ও আত্মসংযম শিখতে সহায়তা করে। প্রাপ্তবয়স্কদের জন্য এটি শারীরিক ও মানসিক ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে।

চূড়ান্ত পরিবর্তনটা

৩৩ পৃষ্ঠার পর

পরিবর্তনের কাজটি সোজা নয়। রাজনৈতিক আন্দোলনের সঙ্গে সামাজিক আন্দোলন দরকার হবে; আবশ্যক হবে সাংস্কৃতিক আন্দোলন। সব মিলিয়ে আন্দোলন হবে একটিই নতুন সমাজ গড়বার। তাতে অঙ্গীকারবদ্ধ সংস্কৃতিকর্মীরা থাকবেন। তাদের লক্ষ্য হবে অধিকতর অগ্রসর-সংস্কৃতিতে পরিবর্তন আনা।

ম্যানহাটনের গিফট শপে পুরুষ কর্মী আবশ্যক

ম্যানহাটনের 'সোহো'তে গিফট শপের জন্যে জরুরী ভিত্তিতে সপ্তাহে ৬ দিন কাজ করতে আগ্রহি পুরুষ কর্মী আবশ্যক। বেতন আলোচনা সাপেক্ষ।

যোগাযোগ:

718-559-7767

EnR Insurance BroKerage

4122 75th Street. Elmhurst, NY 11373

An independant insurance brokerage

Contact us: (718) 310-0413

Mohammed Tohin, Broker

- Home/ Co-op/ Condo/ Renters
- Commercial Property
- Commercial Package Policy
- Vacant Property/ Land
- Business Owners Policy
- Professional Liability
- Workers' Compensation
- Disability Insurance
- Builders Risk
- Construction Insurance
- Home Business & More

Comprehensive coverage at competitive premiums

DB Insurance, Hyundai, Liberty Mutual, Otsego Mutual, Travelers, Associated Mutual, Sterling, Kingstone, Security Mutual & More

★ আমেরো মেডিকেয়ার ইন্সুরেন্স সেবাও দিয়ে থাকি ★

HealthFirst, VNS, United, WellCare, Aetna, Fidelis Care

Ph: (718) 310-0413 ■ Fax: (718) 650-2245 ■ info@enrinsurance.com

অফিস ভাড়া

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্র ৩৭ এভিনিউ এবং ৭৩ স্ট্রিটের উপরে ভবনের দোতালায় **11x16** ফুটের অফিস ভাড়া হবে। আগ্রহিরা যোগাযোগ করুন।

ফোন: 917-678-8532

পাত্র আবশ্যক

ভাল ফ্যামিলির একজন পাত্র চাই। ছেলের বয়স ৩৪ /৩৫ হলে চলবে। ছেলে সিটিজেন অথবা গ্রীনকার্ড আবশ্যক। মেয়ের বয়স ৩০। এখানে মাস্টার্স করছে।

যোগাযোগঃ

718 427 1993

গিটার, কিবোর্ড,পিয়ানো,ও গান শিখানো হয়।

গিয়ে এবং এসে শিখানো হয়। সহজ এবং অল্প সময়ে মধ্যে। নিউইয়র্কে।

রবি:9175876554

সান মারিনোকে ২-১ গোলে হারিয়ে ইউরোপের মাটিতে

৩ পৃষ্ঠার পর

একমাত্র গোলটি করেন নিকোলাস জাকোপেত্তি। বাংলাদেশ জাতীয় ফুটবল দলের অর্জনের খাতায় আরও একটি পালক যোগ হয়েছে। ইউরোপের মাটিতে ইউরোপেরই কোনো দলের বিপক্ষে নিজেদের ফুটবল ইতিহাসের প্রথম ম্যাচ খেলতে নেমেছিল বাংলাদেশ। ম্যাচের ১৯তম মিনিটে মোরছালিনের ক্রস থেকে হেডে বাংলাদেশকে এগিয়ে দেন তপু। ৩১ মিনিটে জাকোপেত্তির গোলে সমতায় ফেরে স্বাগতিকরা।

বিরতির পর বেশ কয়েকটি পরিবর্তন আনেন অভিষেক ম্যাচ খেলতে নামা জার্মান কোচ থমাস ডুলি। দ্বিতীয়ার্ধে আক্রমণাত্মক ফুটবল খেললেও একাধিক সুযোগ নষ্ট করে বাংলাদেশ।

তবে ৮৬তম মিনিটে হামজা চৌধুরীর ফ্রি-কিক থেকে তৈরি হওয়া সুযোগে নিজের দ্বিতীয় গোল করেন তপু বর্মণ। তার এই গোলেই জয় নিশ্চিত হয় বাংলাদেশের।

অভিষেক ম্যাচেই জয় দিয়ে বাংলাদেশ দলের দায়িত্ব শুরু করলেন কোচ থমাস ডুলি। আর ইউরোপের মাটিতে ইউরোপীয় দলের বিপক্ষে প্রথম ম্যাচটি রাঙিয়ে রাখলেন ম্যাচসেরা তপু বর্মণ।

'তেহরান চুক্তি করতে রাজী'

১ পৃষ্ঠার পর

এই চুক্তি সাক্ষরিত হবে। এই প্রেক্ষিতে তিনি ইরানের উপর সকল আক্রমন বন্ধ করার নির্দেশ দিয়েছেন।

ট্রাম্প ইরানের ওপর পরিকল্পিত হামলা ও বোমা হামলা বাতিলের ঘোষণা দিয়ে বলেন, ইরানি নেতৃত্বের সর্বোচ্চ পর্যায়ের সঙ্গে আলোচনা একটি ইতিবাচক মোড় নিয়েছে এবং চূড়ান্ত বিষয়গুলো, ধারণাগত ও বিস্তারিত উভয় দিক থেকেই, সংশ্লিষ্ট সকল পক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। ট্রাম্প আরও জানিয়েছেন যে, একটি সম্ভাব্য চুক্তি স্বাক্ষরের সময় ও স্থান ঁশীঘ্রইচ ঘোষণা করা হবে।

তিনি বলেন, ইরানের সঙ্গে সংঘাতের অবসান ঘটানোর একটি চুক্তি প্রায় চূড়ান্ত হয়ে এসেছে। তিনি আরও বলেন, আলোচকরা নথি চূড়ান্ত করছেন এবং কয়েক দিনের মধ্যেই ইউরোপে একটি চুক্তিতে স্বাক্ষর করতে পারেন।

ওভাল অফিসে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় ট্রাম্প ঘোষণা করেন যে, আলোচকরা একটি যুগান্তকারী অগ্রগতিতে পৌঁছেছেন এবং ইঙ্গিত দেন যে চূড়ান্ত কাগজপত্র সম্পন্ন হওয়া বাকি থাকলেও চুক্তিটি মূলত শেষ পর্যায়ে রয়েছে।

ট্রাম্প বলেন, ঁআমরা এইমাত্র ইরানের সঙ্গে যুদ্ধের একটি চমৎকার নিষ্পত্তি করেছি। নথিগুলো প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে, দেখা যাক। এটি খুব দ্রুতই সম্পন্ন হয়ে যাওয়া উচিত।চ

ট্রাম্প বলেছেন, এই চুক্তি নিশ্চিত করবে যে ইরান কখনোই পারমাণবিক অস্ত্র অর্জন করতে পারবে না, যাকে তিনি তেহরানের বিরুদ্ধে প্রশাসনের চাপ প্রয়োগের অভিযানের মূল উদ্দেশ্য হিসেবে বর্ণনা করেছেন।

প্রেসিডেন্ট আরও বলেছেন, চুক্তিটি স্বাক্ষরিত হওয়ার পর হরমুজ প্রণালী পুনরায় খুলে দেওয়া হবে, যা এই অঞ্চলে কয়েক সপ্তাহ ধরে চলা সামরিক উত্তেজনা এবং সামুদ্রিক অচলাবস্থার পর বৈশ্বিক জ্বালানি বাজারের ওপর চাপ কমাতে পারে।

ট্রাম্প আরও বলেন যে, ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বলে আশা করা হচ্ছে, যা এই সপ্তাহান্তেই ইউরোপে অনুষ্ঠিত হতে পারে।

ট্রাম্প প্রস্তাবিত চুক্তির পারমাণবিক বিধানগুলোর এখন পর্যন্ত সবচেয়ে স্পষ্ট বর্ণনা দিয়েছেন এবং যুক্তি দিয়েছেন যে, তেহরান পারমাণবিক অস্ত্র অর্জনের যেকোনো প্রচেষ্টা স্থায়ীভাবে পরিত্যাগ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে।

ওভাল অফিসে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় ট্রাম্প বলেন, তারা কোনোভাবেই পারমাণবিক অস্ত্র ক্রয় বা তৈরি করবে না। তাদের কাছে পারমাণবিক অস্ত্র থাকবে না।

প্রেসিডেন্ট স্বীকার করেন যে চুক্তিটি এখনো আনুষ্ঠানিকভাবে স্বাক্ষরিত হয়নি, বরং তিনি এটিকে পক্ষগুলোর মধ্যে একটি বিস্তারিত সমঝোতা স্মারক হিসেবে বর্ণনা করেছেন।

ট্রাম্প বলেন, একটি অত্যন্ত শক্তিশালী সমঝোতা স্মারক রয়েছে, যা কিছুটা ধারণাগত, কিন্তু এটি সম্পন্ন হবে। এটি একটি অত্যন্ত বিস্তারিত সমঝোতা স্মারক।

অবশ্য এর আগে বুধবার নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে ট্রাম্প লিখেন, আজ রাতে যুক্তরাষ্ট্র ইরানের ওপর অত্যন্ত কঠোরভাবে আঘাত হানবে। একই সঙ্গে তিনি বলেন, অদূর ভবিষ্যতে যুক্তরাষ্ট্র ইরানের গুরুত্বপূর্ণ তেল অবকাঠামো, বিশেষ করে কৌশলগত খার্গ আইল্যান্ডসহ বিভিন্ন স্থাপনা দখলে নেবে এবং দেশটির তেল ও গ্যাস বাজারের ওপর সম্পূর্ণ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করবে।

ট্রাম্প জানান, সর্বশেষ অভিযানে যুক্তরাষ্ট্র বাহিনী ইরানের ওপর ৪৯টি টমাহক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে। তিনি হুঁশিয়ারি দিয়ে আরও বলেন, যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্রের শর্ত ইরান মেনে না নিলে 'আগামী রাতেও তাদের ওপর ব্যাপক বোমা হামলা চালানো হবে'। একই দিনে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেন, ইরানে যুক্তরাষ্ট্রের বোমাবর্ষণ শিগগিরই বন্ধ হবে। তার দাবি, ইরানের ঊর্ধ্বতন কর্মকর্তারা সাম্প্রতিক হামলা বন্ধ করার অনুরোধ জানিয়ে তার সঙ্গে যোগাযোগ করেছেন।

এর আগে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে নতুন করে সংঘাত শুরু হয়। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্দেশে ইরানের 'একাধিক লক্ষ্যবস্তুতে' নতুন করে হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র। এর জবাবে তেহরান বাহরাইন ও কুয়েত ও জর্ডানে অবস্থিত যুক্তরাষ্ট্রের ঘাঁটি এবং হরমুজ প্রণালিতে দুটি জাহাজে হামলা চালানোর দাবি করে।

ইরানকে সতর্ক করল যুক্তরাষ্ট্রসহ ২২ দেশ

এদিকে যুক্তরাষ্ট্র ও ইউরোপ ও মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশসহ ২২টি দেশ ইরানকে তাদের 'ভূখণ্ডে' হামলা চালানো বন্ধ করতে বলেছে। বৃহস্পতিবার (১১ জুন) এক যৌথ বিবৃতিতে তেহরানকে সতর্ক করে এ বার্তা দেয় দেশগুলো। বিবৃতিতে বলা হয়, 'আমাদের ভূখণ্ডে মানুষকে হত্যা, অপহরণ, হয়রানি, ভয়ভীতি দেখানো বা অন্য যেকোনো ধরনের আক্রমণের চেষ্টা জাতীয় সার্বভৌমত্ব ও আন্তর্জাতিক নিয়ম-নীতিকে ক্ষুণ্ন করে। এসব কর্মকাণ্ড অবিলম্বে বন্ধ করতে হবে।'

এতে আরও বলা হয়, ইরানের বিপ্লবী গার্ড বাহিনীর (আইআরজিসি) গোয়েন্দা সংস্থা ও তাদের বিদেশে অভিযান পরিচালনাকারী শাখা কুদস ফোর্স ইরানি ভিন্নমতাবলম্বী, সাংবাদিক এবং ইহুদি ও ইসরায়েলি সম্প্রদায় ও তাদের স্বার্থের বিরুদ্ধে 'প্রাণঘাতী ষড়যন্ত্র ও ক্ষতিকর কর্মকাণ্ডে' জড়িত।

যুক্তরাষ্ট্রের হামলায় ২ ভারতীয় নাবিক নিহত, নিখোঁজ ১

ওমান উপকূলে 'সেন্তেবেল্লো' নামের একটি তেলবাহী জাহাজে মার্কিন হামলায় দুই ভারতীয় নাবিক নিহত হয়েছেন এবং একজন নিখোঁজ রয়েছেন। খবর দ্য ডনের। নিহত দুই নাবিকের নাম প্রকাশ করা হয়েছে। তারা হলেন- অদিত্য শর্মা (ডেক ক্যাডেট) এবং শিবানন্দ চৌরাসিয়া (ইঞ্জিন ফিটার)। আর নিখোঁজ নাবিকের নাম প্রধান প্রকৌশলী পাটনালা সুরেশ। ভারতের ফরোয়ার্ড সিমেন'স ইউনিয়ন অব ইন্ডিয়ার (এফএসইউআই) সাধারণ সম্পাদক মনোজ যাদবের বরাতে এ তথ্য জানা গেছে। এর আগে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানকে সতর্ক করে বলেন, যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্রের শর্ত মেনে না নিলে আগামী ২৪ ঘণ্টার মধ্যেই দেশটির ওপর আরও বড় ধরনের হামলা চালানো হবে। ট্রাম্পের এ হুঁশিয়ারির মধ্যেই যুক্তরাষ্ট্র ইরানের বিভিন্ন স্থাপনায় নতুন করে হামলা শুরু হয়। যুক্তরাষ্ট্র এসব হামলাকে 'আত্মরক্ষার অতিরিক্ত অভিযান' হিসেবে বর্ণনা করেছে।

বায়োস্কোপের ব্যানারে যুক্তরাষ্ট্র-কানাডার ৫০ টি শহরে মুক্তি

৪০ পৃষ্ঠার পর

শহরে প্রদর্শিত হবে। 'হাওয়া'র ব্যাপক সাফল্যের পর দীর্ঘ বিরতি শেষে নির্মাতা মেজবাউর রহমান সুমনের দ্বিতীয় চলচ্চিত্র 'রইদ' সম্প্রতি বাংলাদেশের প্রেক্ষাগৃহে মুক্তি পায়। মুক্তির পর থেকেই সিনেমাপ্রেমী দর্শকদের মধ্যে ছবিটি নিয়ে আলোচনা তৈরি হয়েছে।

বাংলা চলচ্চিত্রের বিশ্ব পরিবেশনায় পথিকৃত পরিবেশক ' বায়োস্কোপ ফিল্মস'এর এটি ৫৫ তম পরিবেশনা। এ প্রসঙ্গে বায়োস্কোপ ফিল্মস এর কর্ণধার রাজ হামিদ টেলিফোনে জানিয়েছেন,আমরা গত কয়েকবছর ধরে একটু একটু করে প্রবাসে এই দর্শকদের তৈরি করতে পেরেছি। আমাদের ৫৫ তম চলচ্চিত্র হিসেবে রইদ মুভিটা অস্কার কোয়ালিফাইং রাউন্ডে আমরা দেবার জন্য সকল ক্রাইটেরিয়া পূর্ণ করার চেষ্টা করছি।

ছবিটির নির্মাতা মেজবাউর রহমান সুমন সম্পর্কে তিনি জানান, সে তো মাস্টার মেকার। অসাধারণ কাব্যিক তার নির্মাণ। তার মুভি দেখার অপেক্ষায় অনেকেই এরই ভেতরে বিভিন্ন শহর থেকে খোঁজ নিচ্ছেন।

নির্মাতা মেজবাউর রহমান সুমন ছবিটির আন্তর্জাতিক মুক্তি নিয়ে কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। তিনি মিডিয়াকে বলেছেন,দর্শকদের কাছে নিজের ছবি দেখার আহ্বান জানানোর চেয়ে তাঁদের স্বতঃস্ফূর্ত প্রতিক্রিয়াই আমার কাছে কাছে বেশি মূল্যবান। 'রইদ' মূলত একটি সাধারণ প্রেমের গল্পের চলচ্চিত্র, যার মূল্যায়ন দর্শকরাই করবেন।

ছবিটির কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন নাজিফা তুষি। যুক্তরাষ্ট্র ও কানাডার মুক্তি প্রসঙ্গে তিনি জানান, এই চলচ্চিত্রের জন্য দীর্ঘ সময় ধরে নিজেকে প্রস্তুত করেছিলাম। আমার বিশ্বাস, উত্তর আমেরিকার দর্শকরাও ছবিটি উপভোগ করবেন।

'রইদ' প্রযোজনা করেছে বঙ্গ বিডি ও ফেসকার্ড। ছবিটির ডিজিটাল কনসালটেন্ট হিসেবে রয়েছে কোলাহল কমিউনিকেশন। আন্তর্জাতিক পরিবেশনার দায়িত্বে রয়েছে 'বায়োস্কোপ ফিল্মস:।

নর্থ ক্যারোলাইনার স্টেট সিনেটর বাংলাদেশি হাসিব ফাতমী

সুমন ভৌমিক: যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনীতি ও প্রশাসনে যুক্ত হলেন আরও একজন প্রবাসী। নর্থ ক্যারোলাইনা স্টেট সিনেটের 'ডিস্ট্রিক্ট-১৮' আসনের সিনেটর হিসেবে দায়িত্ব নিয়েছেন বাংলাদেশি বংশোদ্ভূত আমেরিকান অ্যাটর্নি হাসিব ফাতমী (৩৮)। গত ২১ মে এই স্টেটের ডেমোক্রাটিক পার্টির নীতিনির্ধারকরা তাকে অন্তর্বর্তী সময়ের জন্য এ পদে মনোনয়ন দেন এবং গত সপ্তাহে তিনি আনুষ্ঠানিক শপথ নিয়েছেন।

হাসিবের পৈতৃক নিবাস নোয়াখালী। তার বাবা-মা মোহাম্মদ বদরুল এহসান ফাতমী ও সাইদা ফাতমী স্নিগ্ধা ১৯৭৩ সালে যুক্তরাষ্ট্রে আসেন।

সিনেটর হিসেবে দায়িত্ব নেওয়ার পর এক নির্বাচনি সমাবেশে হাসিব ফাতমী বলেন, অল্প সময় আগে আমি ওয়েক ফরেস্ট টাউনের কমিশনার হিসেবে নির্বাচিত হয়েছি। আমি এলাকার সামগ্রিক কল্যাণে আরও উদ্যমের সঙ্গে কাজ করতে চাই। আশা করছি, আগামী ৩ নভেম্বরের নির্বাচনে ভোটাররা আমাকে পূর্ণ মেয়াদে বিজয়ী করবেন। ডিস্ট্রিক্ট-১৮-এর সদ্য বিদায়ি সিনেটর টেরেন্স এভারিট পদত্যাগ করায় আসনটি শূন্য হয়। হাসিব ফাতমী আগে থেকেই আগামী ৩ নভেম্বরের নির্বাচনে এ আসনে ডেমোক্রাটিক পার্টির প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করছিলেন। নির্বাচনের আগে তাকে শূন্য আসনে সেনেটর হিসেবে মনোনীত করায় তার বিজয়ের পথ আরও সুগম হলো বলে মনে করছেন স্থানীয় ভোটার ও রাজনৈতিক বিশ্লেষকরা। হাসিব ফাতমীর এ অর্জনের মাধ্যমে যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেটে আইনপ্রণেতা হিসেবে দায়িত্ব পালনকারী বাংলাদেশি বংশোদ্ভূতদের তালিকা আরও দীর্ঘ হলো।

বর্তমানে জর্জিয়ায় শেখ রহমান ও নাবিলা ইসলাম, ভার্জিনিয়ায় সাদ্দাম আজলান সেলিম, কানেকটিকাটে মাসুদুর রহমান এবং নিউ হ্যামশায়ারে আবুল খান আইনপ্রণেতা হিসেবে দায়িত্ব পালন করছেন।

১৯৮৮ সালে নর্থ ক্যারোলাইনার ডুরহামে জন্ম নেন হাসিব ফাতমী। তিনি ২০০৯ সালে ইউনিভার্সিটি অব নর্থ ক্যারোলাইনা অ্যাট চ্যাপেল হিল থেকে আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে স্নাতক সম্পন্ন করেন।

তারপর ২০১২ সালে নিউ ইয়র্কের ফোর্ডহ্যাম ল স্কুল থেকে আইনে ডিগ্রি পান। পেশাজীবনে তিনি নর্থ ক্যারোলাইনায় একজন অ্যাটর্নি হিসেবে কর্মরত।

আমরা যে সব বিষয়ে পরামর্শ দিয়ে থাকি

- ASYLUM Cases
- Business Immigration/Non-Immigrant Work Visa (H-1B, L1A/L1B, O, P, R-1, TN)
- PERM Labor Certification (Employment based Green Card)
- Family Petition
- Deportation Cancellation of Removal
- Visas for physicians, nurses, extra-ordinary ability cases
- Appeals
- All other immigration matters

Khagendra Gharti-Chhetry, Esq
Attorney-At-Law

ইমিগ্রেশনসহ যে কোন আইনি সহায়তার জন্য
এ পর্যন্ত আমরা দুই শতাধিক বাংলাদেশীকে বিভিন্ন ডিটেনশন সেন্টার থেকে মুক্ত করেছি।
এখনো শতাধিক বাংলাদেশী ডিটেইনির মামলা পরিচালনা করছি।

আপনাদের সুবিধার্থে আমাদের বাফেলো শাখা থেকেও ইমিগ্রেশন সেবা দিচ্ছ।
বিস্তারিত জানতে যোগাযোগ করুন।
বাফেলো ঠিকানা :
Nasreen K. Ahmed
Chhetry & Associates P.C.
2290 Main Street, Buffalo, NY 14214

Nasreen K. Ahmed
Sr. Legal Consultant
LLM, New York.
Cell: 646-359-3544
Direct: 646-893-6808
nasreenahmed2006@gmail.com

Chhetry & Associates PC
494 8TH AVE, 9TH FLOOR, NEW YORK, NY 10001
PHONE: (212) 947-1079

‘ব্ল্যাক বেল্ট ফার্স্ট ডিগ্রি’ অর্জনের কৃতিত্বে বিদিতা

৪০ পৃষ্ঠার পর

যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশি মুসলিম নারীদের মধ্যে প্রথম প্রাপ্তবয়স্ক নারী হিসাবেইউনাইটেড তায়কোয়ান্দো এবংওয়ার্ল্ড তায়কোয়ান্দো ফেডারেশন থেকে তায়কোয়ান্দোতেব্ল্যাক বেল্ট ফার্স্ট ডিগ্রি অর্জন করেছেন। তিনি ১০টি

দ্বিভাষিক বই এবং ১৩টি গবেষণা প্রবন্ধের রচয়িতা। তাঁর এই গবেষণাপত্রগুলো ১০০টি সাইটেশন লাভ করেছে। প্রশিক্ষণের প্রতি তাঁর দৃঢ় প্রতিশ্রুতি এবং অনেক প্রতিকূলতা জয় করে তিনি এগিয়ে এসেছেন। একজন পিএইচডি ফেলো এবং দুই সন্তানের মা হিসেবে, নিজের বিভিন্ন দায়িত্বের মধ্যে দক্ষতার সাথে ভারসাম্য বজায় রেখে সময়ে ব্যবস্থা করেব্ল্যাক বেল্ট ফার্স্ট ডিগ্রি অর্জন করার সম্মান লাভ করেছেন।

শারীরিক সক্ষমতা বৃদ্ধি, মানসিক শৃঙ্খলা গঠন এবং আত্মরক্ষার কৌশল শেখার মতো নানাবিধ উপকারের কারণে বিদিতা মার্শাল আর্টকে অত্যন্ত গুরুত্ব দেন। এটি শরীরের নমনীয়তা, অঙ্গ- বাকি অংশ ৩৬ পৃষ্ঠায়

গ্রাহক সেবার সুবিধার্থে বিভিন্ন লোকেশনে আমাদের রয়েছে ৩টি ফার্মেসি
(অভিজ্ঞ ফার্মাসিস্ট দ্বারা পরিচালিত বাংলাদেশি মালিকানাধীন প্রতিষ্ঠান)

Tazmi Pharmacy | Family Care Rx Pharmacy | Jamaica Pharmacy

আমরা প্রায় সকল ইন্স্যুরেন্স গ্রহণ করি

- ফ্রি পরামর্শ
- ফ্রি ব্লাড সুগার ও প্রেসার চেকআপ
- সিনিয়র সিটিজেনদের জন্য ১০% ডিসকাউন্ট
- অতি অল্প সময়ে প্রেসক্রিপশন পূরণ করা হয়
- ইন্স্যুরেন্স ছাড়াদেরও বিশেষ ডিসকাউন্ট দেয়া হয়
- আমরা হালাল ভিটামিন বিক্রয় করি।

MetroPlus Health Plan | WellCare Health Plans | healthfirst | FIDELIS CARE

আমরা বাংলা, ইংরেজি, হিন্দি ও স্প্যানিশ ভাষায় কথা বলি

প্রেসক্রিপশন পাঠাতে ও তথ্য জানতে আমাদের নিকটস্থ ফার্মেসিতে যোগাযোগ করুন

TAZMI PHARMACY
5905 Roosvelt Avenue, Woodside, NY 11377
Ph. (718) 205-8880, Fax: (718) 205-8811

JAMAICA PHARMACY
168-43 Hillside Ave, Jamaica, NY 11432
Ph. (718) 206-9333, Fax: (718) 206-4973

FAMILY CARE RX PHARMACY
170-04 Hillside Ave, Jamaica, NY 11432
Ph. (718) 297-1927, Fax: (718) 205-3029

GOLDEN AGE HOME CARE

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা প্রদানকারী প্রতিষ্ঠান

PCA HOME CARE সেবা নিতে চান?
আমাদের সাথে যোগাযোগ করুন

আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে, আপনাকে HOME CARE সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনের সেবা প্রদান করবো

Design by: ihopeprint.com, 929-538-7903

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-7852
Cell: 646-591-8396 Text: 646-591-8396
Email: shah@goldenagehomecare.com

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Avenue
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. OFFICE
170-18A Hillside Ave Jamaica, NY 11432
Ph: 718-530-1820, Fax: 917-396-4115

BROOKLYN OFFICE
516 McDonald Ave Brooklyn, NY 11218
Ph: 718-540-8870, Fax: 917-396-4115

Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

সাপ্তাহিক
প্রবাস

weeklyprobash@gmail.com

The Weekly Probash ● Vol.13 Issue 650 ● Friday ● 12 June 2026

সিএমবিবিএ'র উপভোগ্য ১৬তম 'লিটল বাংলাদেশ ব্রুকলিন পথমেলা'

প্রবাস রিপোর্ট: ব্রুকলিনে 'চার্চ ম্যাকডোনাল্ড বাংলাদেশি বিজনেস এসোসিয়েশন (সিএমবিবিএ) এর ১৬তম 'লিটল বাংলাদেশ' ব্রুকলিন পথমেলা ৬ জুন শনিবার দুপুর ১২টা থেকে সন্ধ্যা ৮টা পর্যন্ত অনুষ্ঠিত হয়েছে। মনোজ্ঞ সাংস্কৃতিক *বাকি অংশ ৯ পৃষ্ঠায়*

মরহুম আব্দুল বাছিত স্মরণে জালালাবাদ এসোসিয়েশনের দোয়া মাহফিল

প্রবাস রিপোর্ট: সদ্য প্রয়াত জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র ১ম নির্বাচিত সভাপতি আব্দুল বাছিত'র স্মরণে এক দোয়া মাহফিল ও স্মরণসভা অনুষ্ঠিত হয়েছে। *বাকি অংশ ১৫ পৃষ্ঠায়*

দুর্নীতির বিরুদ্ধে 'শূন্য সহনশীলতা' নীতির ঘোষণা করেছে চিটাগাং অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ

প্রবাস রিপোর্ট: 'চিটাগাং অ্যাসোসিয়েশন অফ আমেরিকা'র বর্তমান কার্যকরী কমিটির কর্মকর্তারা গত ৮ জুন সোমবার সংবাদ সম্মেলনে দাবী করেছেন, গত নির্বাচনে পরাজিত মাকসুদ-মাসুদ প্যানেলের *বাকি অংশ ১৩ পৃষ্ঠায়*

পার্কচেস্টার ফ্যামেলী ফার্মেসীতে ইউএসপিএস'র পোস্টাল সেবা শুরু

প্রবাস রিপোর্ট: পার্কচেষ্টার-স্টার্লিংসহ ব্রঙ্কসের বাংলাভাষীসহ বিভিন্ন কমিউনিটির মানুষদের চিকিৎসা সেবা দিয়ে বহু বছর ধরে বিশ্বস্ত একটি প্রতিষ্ঠানের সুনাম অব্যাহত রেখেছে 'পার্কচেষ্টার ফ্যামেলী ফার্মেসী'। ১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোডস্থ এই প্রতিষ্ঠান থেকে চিকিৎসা সেবার *বাকি অংশ ১৭ পৃষ্ঠায়*

গ্রেটার নোয়াখালী সোসাইটির 'বাংলাদেশ সেমিট্রি'র উদ্বোধন শনিবার

প্রবাস রিপোর্ট: গ্রেটার নোয়াখালী সোসাইটির উদ্যোগে 'বাংলাদেশ সেমিট্রি'র আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে ২০ জুন শনিবার। নিউইয়র্ক স্টেটের অরেঞ্জ কাউন্টিতে গড়ে উঠা বাংলাদেশিদের জন্য 'সবচেয়ে বড়ো' কবরস্থানে মরদেহ দাফন করার কাজ *বাকি অংশ ১৯ পৃষ্ঠায়*

বায়োস্কোপের ব্যানারে যুক্তরাষ্ট্র-কানাডার ৫০ টি শহরে মুক্তি পাচ্ছে 'রইদ'

প্রবাস রিপোর্ট: দেশে দর্শকদের ইতিবাচক সাড়া পাওয়ার পর এবার যুক্তরাষ্ট্র ও কানাডার প্রায় ৫০টি শহরে মুক্তি পেতে যাচ্ছে মেজবাউর রহমান সুমনের চলচ্চিত্র 'রইদ'। ২৬ জুন শুক্রবার থেকে বায়োস্কোপ ফিল্মসের পরিবেশনায় ছবিটি যুক্তরাষ্ট্র ও কানাডার বিভিন্ন *বাকি অংশ ৩৭ পৃষ্ঠায়*

ফখরুল ইসলাম দেলোয়ারের উদ্যোগে গ্রেস মেং'র সাথে মতবিনিময়

আগামী নির্বাচনেও তাকে জয়ী করার প্রতিশ্রুতি

নিউইয়র্ক: যুক্তরাষ্ট্র কংগ্রেসের অন্যতম প্রভাবশালী সদস্য গ্রেস মেং আবারো নির্বাচনে প্রার্থী হচ্ছেন। ডেমোক্র্যাট দলীয় আগামী প্রাইমারী নির্বাচন ঘিরে তার সভা-সমাবেশের অংশ হিসেবে শনিবার (৬ জুন) অপরাহ্নে গ্রেস মেং বাংলাদেশী কমিউনিটি নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করেন। মূলধারার রাজনীতিক ও কমিউনিটি *বাকি অংশ ১৩ পৃষ্ঠায়*

'ব্ল্যাক বেল্ট ফার্স্ট ডিগ্রি' অর্জনের কৃতিত্বে বিদিতা রহমান

প্রবাস রিপোর্ট: কমিউনিটির সক্রিয় সদস্য ও নিবেদিতপ্রাণ সমাজকর্মী বিদিতা রহমান *বাকি অংশ ৩৮ পৃষ্ঠায়*

স্টেট থেকে ৪৫ হাজার ডলার পেয়েছে বাংলাদেশ সোসাইটি

নিউইয়র্ক: প্রবাসী বাংলাদেশীদের 'আমব্রেলা সংগঠন' হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটি একটি অরাজনৈতিক ও অলাভজনক সামাজিক *বাকি অংশ ৩৩ পৃষ্ঠায়*

আব্দুস শহীদ সিটির কমিউনিটি অ্যাকশন বোর্ড'র প্রতিনিধি নির্বাচিত

নিউইয়র্ক: সিটির কমিউনিটি অ্যাকশন বোর্ড (সিএবি) রিজিয়ন #১ (ব্রঙ্কস এনডিএ ১, ২ এবং ৯)-এর প্রতিনিধি নির্বাচিত হয়েছেন আমেরিকান-বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গানাইজেশন ইনক'র সভাপতি আব্দুস শহীদ। কমিউনিটি *বাকি অংশ ৩৪ পৃষ্ঠায়*

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ | ENROLLED AGENT
ইমিগ্রেশন | নোটারী পাবলিক | IRS
PH: 718-205-6040
37-20 74th Street, 2Fl, Jackson Heights
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent

CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING
* Income Tax * Business Tax & Audit
* Sales Tax * Business Setup
* Payroll * IRS Tax Problem resolution
718-429-0011, 347-771-5041
484-818-9716 C: 347-415-4546
74-09 37th Ave, Bruson Building
Suite # 203, Jackson Height, NY 11372
E-mail: info.chaudricpa@gmail.com | chaudricpa@gmail.com

PROGRESS REALTY INC.
2250 Westchester Ave, Bronx, NY-10462
Selling or buying property
Your satisfaction is my first priority
100 % commitment
H M IQBAL
347-209-3651
Iqbaleprogressrealty.com
hmeakbal@gmail.com
www.Progressrealty.com

বাড়ি এবং ব্যবসা ক্রয়-বিক্রয়ের জন্য আজই নির্ভরযোগ্য রিয়েলেটরের সাথে যোগাযোগ করুন।
917-741-5308
আসিফ চৌধুরী
LIC. R.E SALESPERSON
Ashif.Choudhury@gmail.com
718-701-0154
www.RealtyBetterHomes.com
148-45 Hillside Avenue, STE 201B
Jamaica, NY 11435
BetterHomes
TC-0115/Cent

Authorized e-file Provider
ALAMGIR HOSSAIN
President
ADVANCE ACCOUNTING INC.
Where Quality meets Trust
Our Services:
► Tax Preparation (Individual & Corporation)
► Corporation Creation
► Payroll & Sales Tax
► Immigration and Other Services
37-66 72nd Street, 2nd Floor, Suite # 4 Jackson Heights, NY 11372
917-929-0935
taxny44@gmail.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
• ব্যক্তিগত ও বিজনেস ট্যাক্স ফাইলিং • আই আর এস ও স্টেট অডিট সমাধান
• কর্পোরেশন ও এল এল সি সেটআপ • বিজনেস পরামর্শ • সেলস ট্যাক্স ফাইলিং
• বুককিপিং • সিটিজেনশিপ কেস • এসাইলাম কেস • ফ্যামিলি কিসা • পে-রোল
929-207-1516
2152B Westchester Ave.,
Bronx, NY 10462
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com
Zakir Choudhury, CPA
Founder & CEO

NADIR A. KHAN
NYS LICENSED REAL ESTATE AGENT
Cell: 718-319-0300
বাড়ী ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন।
30 Clairemont Avenue
Thornwood, NY 10495

Buy ● Sell ● Rent ● Invest
আমরা ফরক্লোজ থেকে আপনার বাড়ি রক্ষা করতে সহায়তা করি।
Mega Homes Realty
Moinul Islam
Mobile: 917-535-4131
Office: 718-392-5635
Email: MOINUL4@GMAIL.COM
বাড়ি ক্রয়-বিক্রয় ও বাসা ভাড়া দেওয়া হয়
32-11 35 Ave. Astoria, NY 11106

171-21 Jamaica Avenue
Jamaica, NY11432
Tel : 718-657-6343
Fax : 917-300-6339
Mobile: 917-562-0132
E-mail: mostak.remax@gmail.com
guidance METRO REALTY
Mostak Ahmed
Licensed Real Estate Salesperson
আমরাই খুঁজে দেবো আপনার স্বপ্নের বাড়ী
Website: www.guidancemetro.com

WWW.MOINLAW.COM
LAW OFFICES
Toll Free: 1-866-MOIN-LAW
Cell: 917-282-9256
(To schedule appointment only)
এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস
বিনামূল্যে পরামর্শ
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন
• গাড়ী এক্সিডেন্ট • ট্রিপ এন্ড ফল
• কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা • হাসপাতালে ভুল চিকিৎসা
• বিল্ডিং এ দুর্ঘটনা • বিকলাঙ্গ শিশুর জন্ম
• স্লিপ এন্ড ফল • লেড পয়জনিং
• IMMIGRATION

Home & Habitat Realty Corp.
নিউইয়র্কে বাড়ী ক্রয় বিক্রয়ের বিশ্বস্ত প্রতিষ্ঠান
516-460-8260
Mohammed Islam
Branch Manager
646-724-6417
সুলভ মূল্যে বাড়ী ক্রয় বিক্রয়
67-07 Roosevelt Ave. NY 11377

ASTA IATA Emirates
কর্ণফুলী ট্রাভেলস
► হজ্ব প্যাকেজ ও ওমরাহ্‌র ভিসাসহ নিজস্ব হোটেলের সুব্যবস্থা রয়েছে।
► সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত ট্রাভেল এজেন্ট।
37-16 73rd St. Suite # 201, Jackson Heights, NY11372
Phone: 718-205-6050, Cell: 917-691-7721
karnafullytravel@yahoo.com
VISA MasterCard

Homeo & Vitamin Selling Center
ব্যথা, পাইলস, যৌন সমস্যা, গ্যাস্ট্রিকসহ অন্যান্য সকল জটিল সমস্যার হোমিওপ্যাথিক ঔষধ
Phone: 347-596-3111, 347-485-8020
Bangladesh Plaza
37-15 37rd Street, Jackson Heights, NY 11372
F. Hoq
Homeopathic Consultant
DI. Hom (USA)

EXIT REALTY PRIME
189-10 Hillside Ave, Suite E
Hollis, NY 11423
718 262 0205 (office)
golamhassannyc@gmail.com
www.EXITPrimeNY.com
Golam Hassan
Licensed Real Estate Agent
917 515 7872

Published by AMS Multimedia Inc. 37-22, 73rd St, #1E, Jackson Heights, NY 11372. Tel: 347-507-1827, 917-309-2450, Fax: 347-507-1740. E-mail: weeklyprobash@gmail.com